WhatsApp Group
STUDY_MATERIALS_LINK
PSC_GROUP D_RAIL
TARGET_WBTET
TET পর্যালোচনা
GK+GI+GS+CA

কর্মসংস্থান
দাম : ৪ টাকা
https://karmosangsthan.com
Vol. 33 ■ Issue No. 11 ■ 14th March 2020 ■ Saturday ■ Kolkata ■ R.N.I. 44167/88

31 March এর মধ্যে 10,000 টাকা দিয়ে সীট বুকিং করলে বিমানে কলেজ যাওয়ার সুযোগ ও Laptop ফ্রি !!
GNM & B.Sc. নার্সিং
কলকাতা ও ব্যাঙ্গালোর
MBBS, PARAMEDICAL, D.PHARMA, B.PHARMA
মধুসূদন সরকার
SONARPUR +91 9073211088, +91 9547722344
100% JOB LOAN

কলকাতা মিউনিসিপ্যাল সার্ভিস কমিশনের মাধ্যমে

# ১,২৭৬ মজদুর, শিক্ষক, পরিবেশ বন্ধু ও ইঞ্জিনিয়ার কলকাতা পুরনিগমে

## ৮৫৮ মজদুর

কলকাতা পুর নিগমে কাজের জন্য 'কনজারভেন্সি মজদুর' পদে ৮৫৮ জন ছেলেমেয়ে নেওয়া হচ্ছে। বাংলা, ইংরিজি ও হিন্দি /উর্দু /ওড়িয়া /নেপালি ভাষা লিখতে

এরপর ২ পাতায়

## ২০১ শিক্ষক-শিক্ষিকা

কলকাতা পুর নিগমে কাজের জন্য 'শিক্ষক (ইংরিজি)', 'শিক্ষক (হিন্দি)' ও 'শিক্ষক (উর্দু)' পদে ২০১ জন ছেলেমেয়ে নেওয়া হচ্ছে।

নিচের যে কোনো একটি যোগ্যতা থাকলে আবেদনের যোগ্য :

(ক) মোট অন্তত ৫০% (তপশিলী,

এরপর ১৫ পাতায়

## ৯৩ পরিবেশ বন্ধু

কলকাতা পুর নিগমে কাজের জন্য 'পরিবেশবন্ধু' ও 'ডোম' পদে ৯৩ জন ছেলেমেয়ে নেওয়া হচ্ছে। শারীরিকভাবে সক্ষম ছেলেরা আবেদন করতে পারেন। পরিবেশবন্ধু পদের বেলায় বাইরে ঘোরাঘুরির কাজ করায় দক্ষ থাকতে হবে। পুরনিগমের অধীনে

এরপর ১১ পাতায়

## ৭৯ সাব-অ্যাসি. ইঞ্জিনিয়ার

কলকাতা পুর নিগমে কাজের জন্য 'সাব-অ্যাসিস্ট্যান্ট ইঞ্জিনিয়ার (সিভিল/ইলেক্ট্রিক্যাল/মেকানিক্যাল) ও 'অ্যাসিস্ট্যান্ট ইঞ্জিনিয়ার (সিভিল/ইলেক্ট্রিক্যাল)' পদে ৭৯ জন ছেলেমেয়ে নেওয়া হচ্ছে।

কারা কোন পদের জন্য যোগ্য :

সাব-অ্যাসিস্ট্যান্ট ইঞ্জিনিয়ার

এরপর ১৫ পাতায়

## ৪৫ ওয়ার্কার, সার্জেন্ট, নার্স

**২৫ ফিল্ড ওয়ার্কার :** কলকাতা পুর নিগমে কাজের জন্য 'ফিল্ড ওয়ার্কার এম.এইচ.ডব্লু. (গ্রেড-III)', 'ফিল্ড ওয়ার্কার এস.এইচ (গ্রেড-III)' ও 'জেনারেল ডিউটি

এরপর ১৩ পাতায়

# ৯,৩৩৩ স্টাফ নার্স রাজ্য সরকারের স্বাস্থ্য দফতরে

পশ্চিমবঙ্গ সরকারের স্বাস্থ্য ও পরিবার কল্যাণ দফতর 'স্টাফ নার্স, গ্রেড II' পদে ৯,৩৩৩ জন ছেলেমেয়ে নিচ্ছে।

জেনারেল নার্সিং অ্যান্ড মিডওয়াইফারি (জি.এন.এম.) কোর্স পাশ বা, বেসিক বি.এসসি. নার্সিং কোর্স পাশ কিংবা পোস্ট বেসিক বি.এসসি. নার্সিং কোর্স পাশ তরুণ-তরুণীরা আবেদন করতে পারেন। পশ্চিমবঙ্গ নার্সিং কাউন্সিলে ফিমেল / মেল নার্স হিসাবে নাম নথিভুক্ত থাকতে হবে। বয়স হতে হবে ১-১-২০২০'র হিসাবে ১৮ থেকে ৩৯ বছরের মধ্যে। তপশিলীরা ৫ বছর, ও.বি.সি.'রা ৩বছর বয়সে ছাড় পাবেন। বেসিক পে : পে লেভেল ৯। শুরুতে মাইনে মাসে ৩৪,১৩৬ টাকা। শূন্যপদ : ৯,৩৩৩টি। এর মধ্যে জি.এন.এম. পাশদের জন্য ৪,৫৩৫টি (জেনাঃ মহিলা ৫৪৮, জেনাঃ পুরুষ ৮৮, তঃজাঃ মহিলা ১৭৬০, তঃজাঃ পুরুষ ৯৬, তঃউঃজাঃ মহিলা ৪০০, তঃউঃজাঃ পুরুষ ২৫, ও.বি.সি.-এ ক্যাটেগরি মহিলা ৯৮৩, ও.বি.সি. এ ক্যাটেগরি

এরপর ১৫ পাতায়

# সেবিতে ১৪৭ অফিসার

সিকিউরিটি অ্যান্ড এক্সচেঞ্জ বোর্ড অফ ইন্ডিয়া 'অফিসার গ্রেড-এ (অ্যাসিস্ট্যান্ট ম্যানেজার)' পদে ১৪৭ জন লোক নিচ্ছে। নেওয়া হবে এইসব শাখায় : জেনারেল, লিগ্যাল, ইনফর্মেশন টেকনোলজি, ইঞ্জিনিয়ারিং (সিভিল), ইঞ্জিনিয়ারিং (ইলেক্ট্রিক্যাল) ও রিসার্চ। কারা কোন পদের জন্য যোগ্য :

জেনারেল : যে কোনো শাখার মাস্টার ডিগ্রি কোর্স পাশরা যোগ্য। আইন, ইঞ্জিনিয়ারিংয়ের ডিগ্রি কোর্স পাশরাও যোগ্য। কোম্পানি সেক্রেটারি, চার্টার্ড অ্যাকাউন্ট্যান্ট, চার্টার্ড ফিনান্সিয়াল অ্যানালিস্ট আর কস্ট অ্যান্ড ওয়ার্ক অ্যাকাউন্ট্যান্ট কোর্স পাশরাও যোগ্য। শূন্যপদ : ৮০টি (জেনাঃ ৩২, ও.বি.সি. ২২, তঃজাঃ ১২, তঃউঃজাঃ ৬, ই.ডব্লু.এস. ৮)।

লিগ্যাল : আইনের

এরপর ২ পাতায়

# বার্নপুর স্টিল প্লান্টে ১০০ অ্যাপ্রেন্টিস

স্টিল অথরিটি অফ ইন্ডিয়ার বার্নপুর ইসকো স্টিল প্লান্ট 'টেকনিশিয়ান অ্যাপ্রেন্টিস' হিসাবে ১০০ জন লোক নিচ্ছে। পলিটেকনিক থেকে ইলেক্ট্রিক্যাল, মেকানিক্যাল, মেটালার্জি, কেমিক্যাল, সিভিল বা, ইন্সট্রুমেন্টেশন ইঞ্জিনিয়ারিংয়ের ডিপ্লোমা কোর্স পাশরা আবেদন করতে পারেন। বয়স হতে হবে ২৮-২-২০২০'এর হিসাবে ১৮ থেকে ২৮ বছরের মধ্যে। ২০১৭ সালের আগে ডিপ্লোমা কোর্স পাশ হলে যোগ্য নন। ১ বছরের ট্রেনিং। শূন্যপদ : ইলেক্ট্রিক্যাল ২০টি, মেকানিক্যাল ২০টি, মেটালার্জি ৩০টি, কেমিক্যাল ১০টি, সিভিল ১০টি, ইন্সট্রুমেন্টেশন ১০টি। মোট শূন্যপদের মধ্যে জেনাঃ ৪১টি, তঃজাঃ ২০টি, তঃউঃজাঃ ৫টি, ও.বি.সি. ২২টি, ই.ডব্লু.এস. ১০টি, প্রতিবন্ধী ২)।

প্রার্থী বাছাই হবে ডিপ্লোমা কোর্সে পাওয়া নম্বর দেখে। একই নম্বরের প্রার্থী হলে সেখানে বয়সের প্রধান্য

এরপর ১৫ পাতায়

কলকাতা শহরে কাজের জন্য

# ১৪০ নার্স

কলকাতা সিটি এন.ইউ.এইচ.এম. সোসাইটি 'স্টাফ নার্স' পদে ১৪০ জন লোক নিচ্ছে। পশ্চিমবঙ্গ নার্সিং কাউন্সিল ও ভারতীয় নার্সিং কাউন্সিল স্বীকৃত প্রতিষ্ঠান থেকে জেনারেল নার্সিং

এরপর ১৫ পাতায়

# ব্যাঙ্কে ৫৫ অফিসার

পশ্চিমবঙ্গের কয়েকটি সমবায় ব্যাঙ্কে ক্লার্ক, ব্যাঙ্ক অ্যাসিস্ট্যান্ট, অ্যাসিস্ট্যান্ট ম্যানেজার, জুনিয়র অফিস অ্যাসিস্ট্যান্ট, ফিল্ড সুপারভাইজার, জুনিয়র অ্যাসিস্ট্যান্ট ও অ্যাসিস্ট্যান্ট ম্যানেজার পদে ৫৫ জন ছেলেমেয়ে নেওয়া হচ্ছে। নেওয়া হবে পশ্চিমবঙ্গ কো-অপারেটিভ সার্ভিস কমিশনের মাধ্যমে। কারা কোন পদের জন্য যোগ্য :

**সিরিয়াল নং : 1. ক্লার্ক (গ্রেড-III) :** যে কোনো শাখার গ্র্যাজুয়েটরা আবেদন করতে পারেন। কম্পিউটারের ৬ মাসের (এম.এস. অফিস, ইন্টারনেট) কোর্স পাশ হতে হবে। শুরুতে মাইনে : ২১,৫৫৯ টাকা। শূন্যপদ : ১৩টি (জেনাঃ ৬, তঃজাঃ ৩, তঃউঃজাঃ ১, ও.বি.সি. -এ ক্যাটেগরি ০২, ও.বি.সি. -বি ক্যাটেগরি ০১)। চাকরি হবে মুর্শিদাবাদ ডিস্ট্রিক্ট সেন্ট্রাল কো-অপারেটিভ ব্যাঙ্ক লিমিটেডে।

**সিরিয়াল নং : 2. ব্যাঙ্ক অ্যাসিস্ট্যান্ট (গ্রেড-III) :** যে কোনো শাখার গ্র্যাজুয়েটরা আবেদন করতে পারেন। কম্পিউটারের ৬ মাসের (এম.এস. অফিস, ইন্টারনেট) কোর্স পাশ হতে হবে। শুরুতে মাইনে : ২৫,৫৯৫ টাকা। শূন্যপদ : ৩৪টি (জেনাঃ১৮, তঃজাঃ৭, তঃউঃজাঃ ২, ও.বি.সি. -এ ক্যাটেগরি ০৪, ও.বি.সি. -বি ক্যাটেগরি ৩)।

এরপর ৪ পাতায়

# গার্ডেনরিচে ২২৬ অ্যাপ্রেন্টিস

গার্ডেনরিচ শিপবিল্ডার্স অ্যান্ড ইঞ্জিনিয়ার্স লিমিটেড 'ট্রেড অ্যাপ্রেন্টিস (এক্স-আই.টি.আই.)', 'ট্রেড অ্যাপ্রেন্টিস (ফ্রেশার)', 'টেকনিশিয়ান অ্যাপ্রেন্টিস' ও 'গ্র্যাজুয়েট অ্যাপ্রেন্টিস' হিসাবে ২২৬ জন লোক নিচ্ছে। কারা কোন ট্রেডের জন্য যোগ্য :

ট্রেড অ্যাপ্রেন্টিস (এক্স-আই.টি.আই.) : ফিটার, ওয়েল্ডার (জি অ্যান্ড ই), ইলেক্ট্রিশিয়ান, মেশিনিস্ট, পাইপ ফিটার, কার্পেন্টার, ড্রাফটসম্যান (মেকানিক্যাল), প্রোগ্রামিং অ্যান্ড সিস্টেম অ্যাডমিনিস্ট্রেশন অ্যাসিস্ট্যান্ট, ইলেক্ট্রনিক মেকানিক, পেইন্টার, মেকানিক (ডিজেল), ফিটার (স্ট্রাকচারাল), সেক্রেটারিয়েল অ্যাসিস্ট্যান্ট

এরপর ৪ পাতায়

# কেন্দ্রীয় সংস্থায় ১০৪ অ্যাপ্রেন্টিস

কেন্দ্রীয় সরকারের প্রতিরক্ষা মন্ত্রকের অধীন মিশ্র ধাতু নিগম লিমিটেড 'গ্র্যাজুয়েট অ্যাপ্রেন্টিস ট্রেনি', 'ট্রেড অ্যাপ্রেন্টিস ট্রেনি' ও 'ট্রেড অ্যাপ্রেন্টিস (আই.টি.আই.)' হিসাবে ১০৪ জন লোক নিচ্ছে। কারা কোন ট্রেডে আবেদনের যোগ্য :

গ্র্যাজুয়েট অ্যাপ্রেন্টিস ট্রেনি : সিভিল, মেকানিক্যাল, ইলেক্ট্রিক্যাল, ইন্সট্রুমেন্টেশন, মেটালার্জি ইঞ্জিনিয়ারিংয়ের ডিগ্রি কোর্স পাশরা যোগ্য। শূন্যপদ : মেটালার্জিতে ৫টি, মেকানিক্যালে ৪টি, ইলেক্ট্রিক্যালে ৪টি, ইন্সট্রুমেন্টেশনে ১টি, সিভিলে ১টি।

ট্রেড অ্যাপ্রেন্টিস ট্রেনি (ডিপ্লোমা) : সিভিল, মেকানিক্যাল, ইলেক্ট্রিক্যাল, মেটালার্জি, ইন্সট্রুমেন্টেশন ইঞ্জিনিয়ারিংয়ের ডিপ্লোমা কোর্স পাশরা যোগ্য। শূন্যপদ : মেটালার্জিতে ২টি, মেকানিক্যালে ৩টি, ইলেক্ট্রিক্যালে ৩টি, ইন্সট্রুমেন্টেশনে ১টি, সিভিলে ১টি।

ট্রেড অ্যাপ্রেন্টিস (আই.টি.আই. পাশ) : ফিটার, ওয়েল্ডার, টার্নার, ইলেক্ট্রিশিয়ান ও মেশিনিস্ট ট্রেডের

এরপর ৪ পাতায়

# পঞ্চম থেকে দ্বাদশ শ্রেণির শিক্ষক পদের মেন পরীক্ষার প্রশ্ন ডেসক্রিপ্টিভ টাইপের

**রঞ্জিৎ ঘোষ :** ২০১৮ সালে উচ্চপ্রাথমিকের চূড়ান্ত মেধা তালিকার নিয়োগের ওপর পরবর্তী শুনানির দিন স্থির করা হয়েছে ১৩ মার্চ। এই মামলার শুনানি ছিল ৬ মার্চ। এদিন বিচারপতি কোনো রায় না দিয়েই পরবর্তী শুনানির দিন ঘোষণা করায় ওই তালিকায় থাকা প্রার্থীরা হাই কোর্টে বিক্ষোভ দেখান। পরে বিচারপতি মৌসুমি ভট্টাচার্য তাঁদের আবেদনে সাড়া দিয়ে হবু শিক্ষকদের প্রতিনিধিদের সঙ্গে কথা বলেন। আবেদনকারীরা দ্রুত এই মামলার নিষ্পত্তির আবেদন জানান। উচ্চপ্রাথমিকে ২৪ হাজার শিক্ষক নিয়োগের জন্য কয়েক বছর আগে 'টেট' পরীক্ষার জন্য দরখাস্ত নেওয়া হয়েছিল। তারপর গত বছর ৩ জুলাই ইন্টারভিউয়ের পর প্রথম দফায় ১৪ হাজার প্রার্থীর মেধা তালিকা প্রকাশ করে স্কুল সার্ভিস কমিশন। পরে হাই কোর্টে মামলা করেন বহু পরীক্ষার্থী। তাঁদের অভিযোগ, মেধা তালিকায় অনেক প্রার্থীর নাম আছে।

এরপর ১১ পাতায়

১৬৪ পাতার
কর্মসংস্থান গোষ্ঠীর
সাফল্য
দাম মাত্র ৫০ টাকা
এবার আরো বেশি পাতা আরো সম্ভাব্য প্রশ্নোত্তর
আমরা 'Common' প্রশ্নোত্তর দিই না। 'Uncommon'-এর মধ্যে কীভাবে 'Common' পাওয়া যায় তার পথ বাতলাই
প্রতিটি চাকরির পরীক্ষায় এখন প্রশ্নের ধরন ও রীতি বদলে যাচ্ছে। নতুন ধরনের কঠিন ও আপাত কঠিন প্রশ্ন আর তার উত্তর চটপট বের করার কৌশল শেখানোর
হাতে-কলমে কোচিং
ঘরে বসে চাকরির পরীক্ষার কোচিং নেওয়ার পথ প্রথম দেখিয়েছে সাফল্য। তবে এখন বদলেছে প্রশ্নও। নতুন ধরনের প্রশ্নের উত্তর চটপট বের করার কৌশল শেখাচ্ছেন বিশেষজ্ঞরা, যা একমাত্র নির্ভরযোগ্য ও আস্থার।
বিনামূল্যে ৩২ পাতার রাজ্য পুলিশের কনস্টেবল পদের পরীক্ষার সম্ভাব্য প্রশ্নোত্তর




মার্চ সংখ্যায় থাকছে
✓ রাজ্য পুলিশের কনস্টেবল পদের পরীক্ষার সম্ভাব্য ৪ সেট প্রশ্নোত্তর
✓ এস.এস.সি'র জুনিয়র ইঞ্জিনিয়ার (মেকা.) পরীক্ষার সম্ভাব্য প্রশ্নোত্তর
✓ রেলের গ্রুপ 'ডি' পদের পরীক্ষার সম্ভাব্য ২ সেট প্রশ্নোত্তর
✓ কম্বাইন্ড হায়ার সেকেন্ডারি লেভেল পরীক্ষার সম্ভাব্য প্রশ্নোত্তর
✓ রেলের NTPC পরীক্ষার সম্ভাব্য ১ সেট প্রশ্নোত্তর
✓ কলকাতা পুরনিগমের সাব-অ্যাসিস্ট্যান্ট ইঞ্জি. (ইলেক্ট্রি.) পরীক্ষার সম্ভাব্য প্রশ্নোত্তর
✓ এস.বি.আই.'র জুনিয়র অ্যাসোসিয়েটস পরীক্ষার সম্ভাব্য প্রশ্নোত্তর
সংবাদপত্রের হকারকে বলে রাখুন। ঘরে বসেই পাবেন।
Help Line : 983062 4170

**কর্মসংস্থান**
সাপ্তাহিক পত্রিকা
প্রধান কার্যালয়
১২/৩/৪ জামির লেন,
কলকাতা - ৭০০ ০১৯
বালিগঞ্জ বাস টার্মিনাসে
গড়িয়াহাট ম্যালের মুখোমুখি
হেল্প লাইন
✆ : (০৩৩) ২৪৬০ ৬২১১/৬২১২/৮২৩৪
ফ্যাক্স নং : ২৪৬০ ৮২৩৩
নয়াদিল্লি কার্যালয়
রুম নং - ১০২ অ্যানেক্স,
আই.এন.এস বিল্ডিং, রফি মার্গ
নয়াদিল্লি-১১০ ০০১
ফোন : ০৯৮১৮৬৭৫২৮৩

## স্কুল-কলেজ-শিক্ষা

প্রতিযোগিতামূলক পরীক্ষার প্রখ্যাত ইংরেজি লেখক, বিশেষজ্ঞ ও অগণিত সাফল্যের দিশারী পবিত্র কুমার মুখোপাধ্যায় স্কুল সার্ভিসের ইংরেজির পরামর্শ দিচ্ছেন। M-9831408645 SH(S)

**18 বছরের অভিজ্ঞ জয়ন্ত রায়**
গড়িয়াতে WBCS, Bank, Rail, WB Police, CGL ইত্যাদির Maths, G.I & GK করাচ্ছেন। প্রচুর সফল। M : 8777217803 SH

GNM BSC- নার্সিং, D.El. Ed B.Ed, M.Ed, B.P. Ed M.P.Ed LLB, ENGG, Ph.D, ফার্মেসী এছাড়া যেকোনো কোর্স ডিস্টেন্স/রেগুলারে হয়। BIHM- বোলপুর- 7001731491/9474833208 UM

**শ্রীরামকৃষ্ণ অভেদানন্দ মিশন**
পশ্চিমবঙ্গের স্বাস্থ্য পরিষেবায় প্রচুর কাজের সুযোগ। ইন্ডিয়ান RMA অনুমোদিত আধুনিক যন্ত্রপাতির দ্বারা 100% প্র্যাক্টিক্যালসহ কম্বাইন্ড ফিজিওথেরাপি কোর্স করে ছাত্ররা এক মুহূর্তও বসে থাকে না। Mobile No. - 9903323761 MS

**Tarun Da, Barasat**
MATH, GI & G.K of All Competitive Exam, & WBCS. M-9830989770. SH(S)

**দোহাই, আর ঠকবেন না**

বেকার ছেলেমেয়েরা যাতে না ঠকেন, সেজন্য ট্রেড লাইসেন্স-সহ যাবতীয় তথ্যাদি দেখে নিশ্চিত হয়েই বিজ্ঞাপন নেওয়া হয়। তবু কিছু সংস্থা ক্রেস ও এখনই চাকরি দেওয়ার লোভ দেখিয়ে হাজার-হাজার টাকা নেওয়ার চেষ্টা করছেন বলে অভিযোগ আসছে। লোভে পড়ে টাকা দেবেন না। আর তা সত্ত্বেও টাকা দিলে নিজ দায়িত্বেই দেবেন। তার জন্য আমরা দায়ী নই। বেশি টাকার চাহিদা শুনলেই সংস্থাটি ও ব্যক্তির নাম-ঠিকানা জানিয়ে লিখিত অভিযোগ স্থানীয় থানায় জানাবেন। এছাড়া পাঠাবেন এই ঠিকানায় : সি.আই.ডি. বিভাগ, ভবানী ভবন, আলিপুর, কলকাতা-২৭। কলকাতার সংস্থা হলে এই ঠিকানায় : ডি.সি., ডি.ডি. - ১, লালবাজার, ১৮, লালবাজার স্ট্রিট, কলকাতা-১। নিজ দায়িত্বে টাকা দেওয়ার পর আর ফোনে অভিযোগ জানাবেন না। যাবতীয় যোগাযোগ করতে পারেন টাকা দেওয়ার আগে।

— সম্পাদক, **কর্মসংস্থান**।

## স্কুল-কলেজ-শিক্ষা

**Math, G.I, GK বেলঘরিয়া**
PSC (ক্লার্ক), রেল (Gr.D/SM), ব্যাঙ্ক (ক্লার্ক/PO), WBCS, CGL, 700PM. চন্দ্র স্যার-9903500682 R

LL.B (3Yrs.), যে কোনো বয়সে। গ্র্যাজুয়েট/মাস্টার ডিগ্রি 45% নম্বর, SC/ST-40%.LL.B (5Yrs.) পাশ 100%, 'ল' পয়েন্ট-9836922534 S

**কাকদ্বীপে TET**
প্রাইমারি, SSC (VI-VIII)+(IX-XII), SLST বাংলা, Distance/Reguler, দক্ষিণ ২৪ পরগনা Mobile - 9609309171 SH(S)

**SSC - TET / PT**
@ সোনারপুর, শিয়ালদহ, তমলুক, পাঁশকুড়া। মাসিক ফী। নিশ্চিত সাফল্য। M: 9836051246. R

**SLST, TET, NET, ভূগোল**
EVS ডি শংকরের সেরা কোচিং। কোর্স মেটি, সোনারপুর, শিয়ালদহ, বেলঘরিয়া, বেলুড়। 9836159037 SH

**WBCS-21 Admission**
Regular/Weekend ব্যাচগুলি শুরু হচ্ছে। হাতে ধরে শেখানো হয়। ICE বালিগঞ্জ- 9804412898 R

D.El.Ed. & B.Ed. এ ভর্তি চলছে, কম খরচে, ক্লাস ম্যানেজ, বিনামূল্যে বই, নোট, সাজেশন, নিজস্ব কলেজ। Mobile- 9143288787 SH (S)

TET, WBCS, WBSSC, স্কুল সার্ভিস, রেল, পুলিশ, PSC, SSC. মাসে 600/-. শিয়ালদহ, কৃষ্ণনগর, রাণাঘাট, বড় জাগুলি, কাচরাপাড়া, শ্যামনগর। P.H - 7584006555. LG

**সার্ভে ট্রেনিং (আমিন প্রশিক্ষণ)**
পরিচালনায় - দৌলতবাগ শ্রী রামচন্দ্র সার্ভে ট্রেনিং সোসাইটি (গভঃ রেজিঃ)। Ph. : 9836296965. ২৪ তম শিক্ষাবর্ষে এপ্রিল-মার্চ সেশনে সপ্তাহে ১ দিন শনি/ রবি ভর্তি চলিতেছে। প্রশিক্ষণ কেন্দ্র - মুকুলিকা স্কুল, ফতেপুর, ডায়মন্ড হারবার রোড, দঃ ২৪ পরগনা। হ্যাপি হোম স্কুল, ফুলেশ্বর, হাওড়া। নো হাউ, চন্দনপুর, হুগলী। অরবিন্দ শিক্ষা কেন্দ্র, সুতাহাটা, পূর্ব মেদিনীপুর। রামকৃষ্ণ মিলন মন্দির, রাধামোহনপুর, পঃ মেদিনীপুর। শিশুসাথী বিদ্যা নিকেতন, কোট মোল্লারপুর, বীরভূম। SH

## কর্মখালি

শূন্যপদ-২১৩, বেতন-16K-38K কন্ট্রাক্টরের অধীনে Airport ও মেট্রোতে স্থায়ী কাজে M/F চাই। Mobile - 8334907914 SA(A)

All disputes regarding sales and advertisement of all publications of Sangsthaan Prakashan Pvt. Ltd. are subject to Kolkata Jurisdiction only.

## স্কুল-কলেজ-শিক্ষা

**PSC, RAIL, IBPS, SSC**
Above 80% success for Govt. Service. Mrs. Maity. Ph : 9874121627. SH (S)

**শর্ট মেথড বিশেষজ্ঞ**
MATH, GI, GK, ব্যাঙ্ক, WBCS, রেল, CGL, PSC, আগে ফ্রি ক্লাস, মাসে ফি, সোদপুর, সোনারপুর। HM Sir- 9007112434 SH (S)

**TVS ট্রেনিং**
TVS motor Company ও অম্বুজা সিমেন্ট ফাউন্ডেশনের যৌথ উদ্যোগে টু হুইলার ট্রেনিং দিয়ে Job এর জন্য সহায়তা করা হবে। 9681464156 SH(S)

MORE THAN 100 RESEARCH SCHOLARS
MANY HAVE BEEN AWARDED
ADMISSION NOTICE
**Ph.D.**
● Humanities ● Science
● Engineering ● Management
● Nursing ● Pharmacy
● Law ● Performing Arts
● Library Science (Music/Dance)
VISION INSTITUTE OF PROFESSIONAL STUDIES
Kol : 7603004971 / 7603004973
www.visiongroup.in

এক জানালায়
বীরভূম, মুর্শিদাবাদ, মালদা, পুরুলিয়া, বাঁকুড়ার জন্য
কর্মসংস্থান, সাফল্য ও Appointment & Career News -এর
বিজ্ঞাপন গ্রহণ কেন্দ্র

বীরভূম ও মুর্শিদাবাদ
UNIQUE MEDIA CHANNEL
"Uttaran", Vivekananda Pally, (Near Vivekananda High School), Bolpur-Santiniketan, Birbhum, PIN -731204, W.B.
Mob:9051120373 / 9531785874
" MANJURI" KALIBARI MORE (EAST SIDE), KANDI, MURSHIDABAD PIN - 742137
Mob : 9531785874 / 9051120373
Email : bkrishnapal@gmail.com

পুরুলিয়া ও বাঁকুড়া
Manorama Ad Agency
Manorama Collection, P.N.Ghosh Street, Purulia - 723 101
Mob. : 9434219781/9851559301
Email : manoramaadagency@gmail.com
kunaldutta858@gmail.com

উত্তর কলকাতা
SUPRIYA PUBLICITY
100, Aurobindo Sarani, Room No. E-15 Hatibagan, Kolkata - 700 006
Mob. : 8777258122
9830261403
Email : ashimchowdhury12@gmail.com

দক্ষিণ ২৪ পরগণা
Authenza Media Infotech Pvt. Ltd.
N3 Srinagar Main Road, Kolkata - 700 094
Tel. : 033 2423 0349
8100960001
Email : onlineadbooking1@gmail.com

সংস্থান প্রকাশনের বিজ্ঞাপন গ্রহণ কেন্দ্র খোলার জন্য আবেদন করুন এই ই-মেল আইডিতে
appointmentnews@gmail.com
অথবা
যোগাযোগ করুন এই নম্বরে -
9874922004

## স্কুল-কলেজ-শিক্ষা

**CIMST**
**প্যারামেডিক্যাল কোর্সেস**
Approved by BSS, Govt. of India, DMLT (প্যাথো), অপ্টোমেট্রি, ফিজিওথেরাপী, ECG, Dialysis, X-Ray, Dental, OT. অ্যালোপ্যাথি (CMS & ED), আয়ুর্বেদ (DAMS), হোমিও (DHMS) কোর্সে ভর্তি। যোগ্যতা: MP/HS. Campus: 126B, Raja Rammohan Sarani, Kol-9, (শিয়ালদা পূরবী সিনেমার নিকট) Mobile No- 9331062421. www.cimst.org.in D

**Math & Eng সোনারপুর**
WBCS, SSC, ক্লার্ক, Gr-D Rail, ব্যাঙ্ক, প্রাইমারী (Spl.), পুলিশ, SI সেকেন্ডে কৌশল - 9836045234 SH

## স্কুল-কলেজ-শিক্ষা

**টার্গেট PT, TET, কর্মশিক্ষা**
1st 42 সফল BCA, টেলারিং, Comp, B.Ed, Art, IT কোচিং। বেলঘরিয়া -7003686524 D

**স্কুল সার্ভিস : ইতিহাস**
নতুন প্যাটার্নে নিয়মিত ক্লাস টেস্ট ও মক টেস্ট নেওয়া হয় : ১০০% সাফল্য : S I G Sir, বারাসাত, উঃ ২৪ পরগনা। M-8582823088. R

**পুলিশ, আর্মি, GD র**
নিশ্চিত সাফল্য, পি. কুণ্ডুর তত্ত্বাবধানে আইডিয়ালে (মেস আছে)। Fees সাফল্যের পর, বারাসাত, বারুইপুর। 9831757747, 8420235300. SH

# জেলা স্বাস্থ্য কেন্দ্রে ৫৭ টেকনিশিয়ান, নার্স

উত্তর দিনাজপুর জেলা স্বাস্থ্য ও পরিবার কল্যাণ সমিতি স্টাফ নার্স, ল্যাব টেকনিশিয়ান, টেকনিক্যাল সুপারভাইজর, ডাটা ম্যানেজার, টেকনিক্যাল অ্যাসিস্ট্যান্ট, ফার্মাসিস্ট, ক্লিনিক্যাল সাইকোলজিস্ট / সাইকোলজিস্ট, কমিউনিটি নার্স, রেকর্ডকীপার ইত্যাদি পদে ৫৭ জন লোক নিচ্ছে।

ভারতীয় নার্সিং কাউন্সিল স্বীকৃত প্রতিষ্ঠান থেকে জি.এন.এম. কোর্স পাশ হলে আর স্থানীয় ভাষায় জ্ঞান থাকলে 'স্টাফ নার্স' পদের জন্য যোগ্য। বয়স হতে হবে ৬৪ বছরের মধ্যে। পারিশ্রমিক মাসে ১৭,২২০ টাকা। শূন্যপদ : ৯টি (জেনাঃ ৪, তঃজাঃ ২, তঃউঃজাঃ ১, ও.বি.সি.-এ ক্যাটেগরি ১, ও.বি.সি -বি ক্যাটেগরি ১)। চাকরি হবে এন.ইউ.এইচ.এম.-এ। এই পদের বিজ্ঞপ্তি নং : DHFWS/UD/ADV/732/20, Dated: 29/02/2020.

অন্যান্য পদের বেলায় বয়স, শিক্ষাগত যোগ্যতা, শূন্যপদ ইত্যাদি পাবেন এই ওয়েবসাইটে :www.uttardinajpur.gov.in

দরখাস্ত করবেন নির্দিষ্ট ফর্মে। ফর্ম ওয়েবসাইট থেকে ডাউনলোড করে নেবেন। দরখাস্ত জমা দেওয়ার শেষ তারিখ ১৮ মার্চ। আরো বিস্তারিত তথ্য পাবেন ওই ওয়েবসাইটে।

## ৮৫৮ মজদুর ১ পাতার পর

ও পড়তে জানা ছেলেমেয়েরা আবেদন করতে পারেন। বয়স হতে হবে ১-১-২০২০'র হিসাবে ১৮ থেকে ৪০ বছরের মধ্যে। তপশিলীরা ৫ বছর, ও.বি.সি.'রা ৩ বছর ও প্রতিবন্ধীরা যথারীতি বয়সে ছাড় পাবেন। বাড়ি বাড়ি থেকে আবর্জনা সংগ্রহ করা, রাস্তা পরিষ্কার করা, ভ্যাটে আবর্জনা ফেলা ইত্যাদি কাজ করতে হবে। হাতে টানা গাড়ি, পায়ে চালানো ভ্যান, ব্যাটারিচালিত হাইড্রলিক ডাম্পার্স ও অটো টিপার ট্রাক চালনায় দক্ষতা থাকতে হবে। পে লেভেল -I. শূন্যপদ : ৮৫৮টি (জেনাঃ ৩৫৪, জেনাঃ মেধাবী খেলোয়াড় ২৪, জেনাঃ প্রাঃসৈঃকঃ ৬২, জেনাঃ প্রতিবন্ধী ৩৭, তঃজাঃ ১৬০, তঃজাঃ প্রাঃসৈঃকঃ ২৫, তঃউঃজাঃ ৩৮, তঃউঃজাঃ প্রাঃসৈঃকঃ ১২, ও.বি.সি. -এ ক্যাটেগরি ৭৩, ও.বি.সি. এ ক্যাটেগরি প্রাঃসৈঃকঃ ১২, ও.বি.সি. - বি ক্যাটেগরি ৪৯, ও.বি.সি. বি ক্যাটেগরি প্রাঃসৈঃকঃ ১২)। এই পদের Advertisement No. 11 of 2020.

প্রার্থী বাছাই করবে মিউনিসিপ্যাল সার্ভিস কমিশন। প্রথমে লিখিত পরীক্ষা হবে কলকাতায়। সফল হলে পার্সোন্যালিটি টেস্ট বা, ইন্টারভিউ হবে। এরপর হবে ফিল্ড টেস্ট। এই টেস্টে আবর্জনা সরানো, লোডিং-আনলোডিং সংক্রান্ত কাজের পরীক্ষা করা হবে। পরীক্ষা সংক্রান্ত বিস্তারিত সিলেবাস পরে আপলোড করা হবে এই ওয়েবসাইটে : www.mscwb.org

দরখাস্ত করবেন অনলাইনে, ১৫ এপ্রিলের মধ্যে। এই ওয়েবসাইটে : www.mscwb.org এজন্য বৈধ একটি ই-মেল আই.ডি. থাকতে হবে। প্রথমে ওপরের ওই ওয়েবসাইটে গিয়ে যাবতীয় তথ্য দেওয়ার পর সাবমিট করলেই নাম রেজিস্ট্রেশন হয়ে যাবে। তখন পরীক্ষা ফী বাবদ ২২০ (তপশিলী, প্রতিবন্ধী হলে ৭০) টাকা জমা দেবেন চালানের মাধ্যমে, ইউনাইটেড ব্যাঙ্ক অফ ইন্ডিয়ার যে কোনো শাখায় এই অ্যাকাউন্ট নম্বরে : 0088010367936. টাকা জমা দেবেন ১৬ এপ্রিলের মধ্যে। সব শেষে সিস্টেম জেনারেটেড অ্যাপ্লিকেশন ফর্ম প্রিন্ট করে নেবেন। আরো বিস্তারিত তথ্য পাবেন ওই ওয়েবসাইটে।

## সেবিতে ১৪৭ অফিসার ১ পাতার পর

ডিগ্রি কোর্স পাশরা যোগ্য। শূন্যপদ : ৩৪টি (জেনাঃ ১২, ও.বি.সি. ১২, তঃজাঃ ৬, তঃউঃজাঃ ২, ই.ডব্লু.এস. ২)।

ইনফর্মেশন টেকনোলজি : ইলেক্ট্রিক্যাল, ইলেক্ট্রনিক্স, ইলেক্ট্রনিক্স অ্যান্ড কমিউনিকেশন, ইনফর্মেশন টেকনোলজি, কম্পিউটার সায়েন্সের ডিগ্রি কোর্স পাশরা যোগ্য। কম্পিউটার অ্যাপ্লিকেশনের মাস্টার ডিগ্রি কোর্স পাশরাও যোগ্য। যে কোনো শাখার গ্র্যাজুয়েটরা কম্পিউটার বা, ইনফর্মেশন টেকনোলজির পোস্ট-গ্র্যাজুয়েট কোর্স পাশ হলেও যোগ্য। শূন্যপদ : ২২টি (জেনাঃ ৮, ও.বি.সি. ৮, তঃজাঃ ৩, তঃউঃজাঃ ২, ই.ডব্লু.এস. ১)।

ইঞ্জিনিয়ারিং (সিভিল) : সিভিল ইঞ্জিনিয়ারিংয়ের ডিগ্রি কোর্স পাশরা যোগ্য। শূন্যপদ : ১টি (তঃজাঃ)।

ইঞ্জিনিয়ারিং (ইলেক্ট্রিক্যাল) : ইলেক্ট্রিক্যাল ইঞ্জিনিয়ারিংয়ের ডিগ্রি কোর্স পাশরা যোগ্য। শূন্যপদ : ৪টি (জেনাঃ ২, ও.বি.সি. ১, তঃজাঃ ১)।

রিসার্চ : স্ট্যাটিস্টিক্স, ইকনমিক্স, কমার্স, বিজনেস অ্যাডমিনিস্ট্রেশন (ফিনান্স), ইকনোমেট্রিক্সের মাস্টার ডিগ্রি কোর্স পাশরা যোগ্য। শূন্যপদ : ৫টি (জেনাঃ ৩, ও.বি.সি. ১, তঃউঃজাঃ ১)।

ওপরের সব পদের বেলায় বয়স হতে হবে ২৯-২-২০২০'এর হিসাবে ৩০ বছরের মধ্যে অর্থাৎ, জন্ম-তারিখ হতে হবে ১-৩-১৯৯০ বা, তারপর। তপশিলী, ও.বি.সি.'রা যথারীতি বয়সে ছাড় পাবেন। শুরুতে ২ বছরের প্রবেশন। মূল মাইনে : ২৮,১৫০-৫৫,৬০০ টাকা।

প্রার্থী বাছাই হবে দুটি ফেজে। প্রথম ফেজের পরীক্ষা হবে অনলাইনে। পরীক্ষা হবে ১২ এপ্রিল, কলকাতা, আসানসোল, শিলিগুড়ি, হুগলি, ধানবাদ, জামশেদপুর, রাঁচী, আগরতলা, গ্যাংটক। ২০০ নম্বরের দুটি পেপার থাকবে। প্রথম ধাপে ১০০টি মাল্টিপল চয়েজ টাইপের প্রশ্ন হবে এইসব বিষয়ে : জেনারেল অ্যাওয়ারনেস, ইংলিশ ল্যাঙ্গোয়েজ, কোয়ান্টিটেটিভ অ্যাপ্টিটিউড, টেস্ট অফ রিজনিং। সময় থাকবে ৬০ মিনিট।

দ্বিতীয় পেপারে ১০০টি প্রশ্ন থাকবে জেনারেল স্ট্রিমের বেলায় কমার্স, অ্যাকাউন্ট্যান্সি, ম্যানেজমেন্ট, ফিনান্স, কস্টিং, কোম্পানি অ্যাক্ট ও অর্থনীতি বিষয়ে। সময় থাকবে ৪০ মিনিট।

দ্বিতীয় পেপারে ১০০টি প্রশ্ন থাকবে লিগ্যাল, ইনফর্মেশন টেকনোলজি, ইঞ্জিনিয়ারিং স্ট্রিম (সিভিল ও ইলেক্ট্রিক্যাল) পদের বেলায় সংশ্লিষ্ট বিষয়ের ওপর। রিসার্চ স্ট্রিমের বেলায় অর্থনীতি, ইকনোমেট্রিক্স, স্ট্যাটিস্টিক্স, ফিনান্স ও কমার্স বিষয়ে ১০০টি প্রশ্ন থাকবে। নেগেটিভ মার্কিং আছে। প্রতিটি প্রশ্নের ভুল উত্তরের জন্য প্রাপ্ত নম্বর থেকে ১ নম্বর কাটা যাবে।

এরপর হবে দ্বিতীয় ফেজের পরীক্ষা হবে ৩ মে। এই পরীক্ষায় থাকবে দুটি পেপার। প্রথম পেপারে ১০০ নম্বরের ডেসক্রিপ্টিভ টাইপের প্রশ্ন হবে ইংরিজি বিষয়ের ওপর। সময় থাকবে ৬০ মিনিট।

দ্বিতীয় পেপারে জেনারেল স্ট্রিমের বেলায় ১০০ নম্বরের কমার্স, অ্যাকাউন্ট্যান্সি, ম্যানেজমেন্ট, ফিনান্স, কস্টিং, কোম্পানি অ্যাক্ট ও অর্থনীতি বিষয়ের প্রশ্ন হবে। সময় থাকবে ৪০ মিনিট।

লিগ্যাল, ইনফর্মেশন টেকনোলজি, ইঞ্জিনিয়ারিং স্ট্রিম (সিভিল ও ইলেক্ট্রিক্যাল) পদের বেলায় সংশ্লিষ্ট বিষয়ের ওপর ১০০টি প্রশ্ন হবে। রিসার্চ স্ট্রিমের বেলায় অর্থনীতি, ইকনোমেট্রিক্স, স্ট্যাটিস্টিক্স, ফিনান্স ও কমার্স বিষয়ের ১০০টি প্রশ্ন হবে। সময় থাকবে ৪০ মিনিট। দ্বিতীয় পেপারে নেগেটিভ মার্কিং আছে।

দ্বিতীয় ফেজের পরীক্ষায় প্রথম পেপারে ৩০% ও দ্বিতীয় পেপারে ৪০% নম্বর পেলে কোয়ালিফাই করতে পারবেন। এরপর হবে ইন্টারভিউ।

দরখাস্ত করবেন অনলাইনে, ২৩ মার্চ পর্যন্ত। এই ওয়েবসাইটে : www.sebi.gov.in এজন্য বৈধ একটি ই-মেল আই.ডি. থাকতে হবে। এছাড়াও পাশপোর্ট মাপের ফটো, সিগনেচার, লেফট থাম্ব ইমপ্রেশন স্ক্যান করে নেবেন। এছাড়াও এই প্যারাগ্রাফটি নিজের হাতের লেখায় লিখে স্ক্যান করে নেবেন : 'I ..... (Name of the candidate), hereby declare that all the information submitted by me in the application form is correct, true and valid. I will present the supporting documents as and when required'.

এবার ওই ওয়েবসাইটে গিয়ে যাবতীয় তথ্য দিয়ে সাবমিট করলেই নাম রেজিস্ট্রেশন হয়ে যাবে। তারপর পরীক্ষা ফী বাবদ ১,০০০ (তপশিলী, প্রতিবন্ধী হলে ১০০) টাকা ডেবিট কার্ড, ক্রেডিট কার্ড বা, অনলাইনে দিতে হবে। টাকা জমা দেওয়ার পর সিস্টেম জেনারেটেড অ্যাপ্লিকেশন ফর্ম প্রিন্ট করে নেবেন। আরো বিস্তারিত তথ্য পাবেন ওই ওয়েবসাইটে।

1. বেঙ্গল পুলিশের 'মোটো' কী?
(a) We Care We Dare (b) Duty Unto Death (c) Service and Loyalty (d) Attaining Honour
2. কিরণ বেদী কোন কেন্দ্রশাসিত অঞ্চলের লেফটেন্যান্ট গভর্নর নিযুক্ত আছেন?
(a) লাক্ষাদ্বীপ (b) দাদরা ও নগর হাভেলি (c) পুদুচেরি (d) লাদাখ
3. 'Guruda Shakti' কোন ২ দেশের সামরিক মহড়া?
(a) ভারত ও নেপাল (b) ভারত ও ইন্দোনেশিয়া (c) ভারত ও শ্রীলঙ্কা (d) ভারত ও মলদ্বীপ
4. 'ন্যাশনাল থোওহীদ জামাথ' কোন দেশের জঙ্গি সংগঠন?
(a) আফগান-ই-স্তান (b) পাক-ই-স্তান (c) শ্রীলঙ্কা (d) বাংলাদেশ
5. 'শেকেল' কোন দেশের মুদ্রা?
(a) আফগান-ই-স্তান (b) ইজরায়েল (c) প্যালেস্টাইন (d) ব্রুনেই
6. 'বঙ্গ ভারতী' ভারতের কোন রাজ্যের পুরস্কার?
(a) মহারাষ্ট্র (b) মধ্য প্রদেশ (c) রাজস্থান (d) উত্তর প্রদেশ
7. ভারতের কোন রাজ্যে 'মুখ্যমন্ত্রী ডাল ভাত যোজনা' চালু করা হয়েছে?
(a) বিহার (b) ঝাড়খণ্ড (c) ছত্তিশগড় (d) উত্তর প্রদেশ
8. সুরেজ কারকেরা কোন খেলার সঙ্গে যুক্ত?
(a) দাবা (b) হকি (c) ব্যাডমিন্টন (d) কবাডি
9. সংবিধানের প্রস্তাবনার ধারণাটি কোন দেশ থেকে নেওয়া হয়েছে?
(a) অস্ট্রেলিয়া (b) মার্কিন যুক্তরাষ্ট্র (c) ব্রিটেন (d) কানাডা
10. উস্তাদ আহমেদ লাহরি নীচের কোন স্থাপত্যের নকশা তৈরি করেন?
(a) তাজমহল (b) লালকেল্লা (c) কুতুবমিনার (d) জামা মসজিদ
11. শিব দত্ত নির্মাই সম্প্রতি 2020 সালে কোন বিষয়ে অসামান্য অবদানের জন্য পদ্মবিভূষণ পান?
(a) শিল্পকলা (b) জনসেবা
(c) সাহিত্য (d) শিল্প বাণিজ্য
12. সান্দাল্যান্ড বায়োডাইভার্সিটি হটস্পটটি কোথায় অবস্থিত?
(a) উত্তর-পূর্ব ভারত (b) দক্ষিণ-পূর্ব ভারত
(c) পশ্চিম ভারত (d) উত্তর ভারত
13. জুবা কোন দেশের রাজধানী?
(a) ফিজি (b) দক্ষিণ সুদান
(c) ভিয়েতনাম (d) ইয়েমেন
14. নির্বাচনে প্রথম নোটার ব্যবহার হয় কত সালে?
(a) 2012 (b) 2011
(c) 2014 (d) 2013
15. ইন্ডিয়ান ন্যাশনাল আর্মি কে গঠন করেন?
(a) রাসবিহারী বসু (b) সুভাষচন্দ্র বসু
(c) মোহন সিং (d) চন্দ্রশেখর আজাদ
16. নীচের কোন খেলোয়াড়কে 'হরিয়ানার হারিকেন' বলে সম্বোধন করা হয়?
(a) বীরেন্দ্র শেহবাগ (b) বীরাট কোহলী
(c) কপিল দেব (d) গৌতম গম্ভীর
17. রেফ্রিজারেটর কোন নীতির ওপর কাজ করে?
(a) অবস্রবণ (b) বিচ্ছুরণ
(c) সেন্ট্রিফিউগেশন (d) বাষ্পীভবন
18. ভারতের কোন দু'টি শহরের মধ্যে প্রথম ডবল ডেকার ট্রেন চালানো হয়?
(a) আহমেদাবাদ — দিল্লি
(b) দিল্লি — মুম্বাই (c) মুম্বাই — হাওড়া
(d) আহমেদাবাদ — মুম্বাই
19. ভারতীয় রেল ওয়ার্কশপে প্রাকৃতিক গ্যাস ব্যবহারের জন্য কোন সংস্থার সঙ্গে চুক্তিবদ্ধ হয়েছে?
(a) ONGC (b) NTPC
(c) IOCL (d) GAIL India
20. ভারতের কোন স্টেশনে তিন ধরণের লাইন রেলপথ ব্রড গেজ, ন্যারো গেজ, মিটার গেজ বর্তমান?
(a) আহমেদাবাদ (b) শিলিগুড়ি
(c) সিমলা (d) চণ্ডিগড়
21. 1 গ্রাম জলে অণুর সংখ্যা কত?
(a) $6.022 \times 10^{23}$ (b) $3.346 \times 10^{22}$
(c) $3.011 \times 10^{22}$ (d) $12.022 \times 10^{23}$
22. যে পরিমাণ কাজের বিনিময়ে 1 cal তাপ পাওয়া যায় তা হল—
(a) 200J (b) 100Erg
(c) 4.2J (d) কোনোটিই নয়
23. সি.ভি. রমণ কত সালে নোবেল পদক পান?
(a) 1915 (b) 1930
(c) 1958 (d) 1969
24. 'পান্থুবাণী' কোন রাজ্যের নৃত্যকলা?
(a) মিজোরাম (b) উত্তর প্রদেশ
(c) ওড়িশা (d) মধ্য প্রদেশ
25. কিউই পাখি কোন দেশের রাষ্ট্রীয় প্রতীক?
(a) ব্রিটেন (b) নিউজিল্যান্ড
(c) নেদারল্যান্ড (d) জাপান
26. ম্যাগসাইসাই পুরস্কার কোন দেশ থেকে দেওয়া হয়?
(a) ফিলিপাইন্স (b) থাইল্যান্ড
(c) জার্মান (d) আমেরিকা
27. কোন আইন গত বিষয় বা, সত্যতা সম্পর্কে সুপ্রিম কোর্টের পরামর্শ নেওয়ার অধিকার কার আছে?
(a) রাষ্ট্রপতি (b) রাজ্যপাল
(c) উচ্চ আদালত (d) সবকটি
28. 'হরোলজি' কী?
(a) পরিবেশ সংক্রান্ত বিজ্ঞান
(b) সময় পরিমাপ সংক্রান্ত বিজ্ঞান
(c) মহাসাগর সংক্রান্ত বিজ্ঞান
(d) মহাকাশ বিজ্ঞান
29. INA-এর বিচার সভা কোথায় বসেছিল?
(a) পুরনো দিল্লির সচিবালয়ে
(b) আহমেদ নগরে (c) দিল্লির সাংসদ ভবনে
(d) দিল্লির লাল কেল্লায়
30. নীচের কোনটি ভৌত পরিবর্তন?
(a) বিভাজন (b) অধঃপাতন
(c) বিজারণ (d) ঊর্ধ্বপাতন
31. মুদ্রাস্ফীতি রোধের জন্য সাময়িকভাবে কী ব্যবস্থা নেওয়া হয়?
(a) কর্মসংস্থান (b) কর কমানো
(c) মজুরি বাড়ানো
(d) টাকা ছাপনোর হার বাড়ানো
32. 'এইটটিন ফিফটি সেভেন' বইটির রচয়িতা কে?
(a) এস.এন. সেন (b) আর.সি. ভাণ্ডার কর
(c) সৈয়দ আহমেদ খান
(d) আর.সি. মজুমদার
33. নীচের কোনটি লিবারালদের মুখপত্র ছিল?
(a) ইয়ং ইন্ডিয়া (b) লিডার
(c) ফ্রিপ্রেস জর্নাল (d) নিউ ইন্ডিয়া
34. প্রথম ভারতীয় সংবাদ সংস্থা ছিল—
(a) ইন্ডিয়ান রিভিউ (b) ফ্রিপ্রেস অফ ইন্ডিয়া
(c) অ্যাসোসিয়েটেড প্রেস অফ ইন্ডিয়া
(d) হিন্দুস্থান রিভিউ
35. 'বোম্বে টাইমস' থেকে 'টাইমস অফ ইন্ডিয়া' আকারে প্রথম প্রকাশিত হয় কত সালে?
(a) 1876 (b) 1861
(c) 1845 (d) 1856
36. জাতীয় গৌরব সম্বর্ধনী সভা (1866) কে প্রতিষ্ঠা করেছিলেন?
(a) প্রথম মিত্র (b) শরৎচন্দ্র চট্টোপাধ্যায়

# কলকাতা ও রাজ্য পুলিশের কনস্টেবল পরীক্ষার সম্ভাব্য ১ সেট প্রশ্নোত্তর

কলকাতা পুলিশ ও পশ্চিমবঙ্গ রাজ্য পুলিশের কনস্টেবল পদে কয়েক হাজার শূন্যপদের বিজ্ঞপ্তি শিগগিরই বেরোচ্ছে। এই পদের জন্য প্রথমে প্রিলিমিনারি পরীক্ষা হবে। প্রিলিমিনারি লিখিত পরীক্ষায় ১০০ নম্বরের MCQ টাইপের প্রশ্ন হবে এইসব বিষয়ে: (ক) জেনারেল অ্যাওয়ারনেস ও জেনারেল নলেজ, (খ) এলিমেন্টারি ম্যাথমেটিক্স (মাধ্যমিক মানের), (গ) রিজনিং। নেগেটিভ মার্কিং আছে। প্রিলিমিনারি লিখিত পরীক্ষায় ঠিক যে ধরনের প্রশ্ন আসার সম্ভাবনা তেমনই ১ সেট প্রশ্নোত্তর তৈরি করেছেন প্রতিযোগিতামূলক পরীক্ষার বিশেষজ্ঞ নুরুল ইসলাম।



(c) রাজনারায়ণ বসু (d) রবীন্দ্রনাথ ঠাকুর
37. 'মাতৃভাষা সংবাদপত্র আইন' কত সালে জারি করা হয়েছিল?
(a) 1878 (b) 1890 (c) 1885 (d) 1895
38. কে হিন্দুমেলার আয়োজন করেন?
(a) আবুল বাশার (b) নবগোপাল মিত্র (c) হুমায়ুন কবীর (d) ঈশ্বরচন্দ্র গুপ্ত
39. 'ডিসকভারি অফ ইন্ডিয়া' বইটি কার লেখা?
(a) জওহরলাল নেহরু (b) নেতাজী সুভাষচন্দ্র বোস (c) রাসবিহারী বসু (d) ড. রাজেন্দ্র প্রসাদ
40. দারিদ্র দূরীকরণ কোন পঞ্চবার্ষিকী পরিকল্পনার মুখ্য উদ্দেশ্য ছিল?
(a) প্রথম (b) ষষ্ঠ (c) অষ্টম (d) পঞ্চম
41. 'ইন্দ্রাবতী' কোন নদীর একটি উপনদী?
(a) দামোদর (b) কাবেরী (c) গঙ্গা (d) গোদাবরী
42. মুর্শিদাবাদ, বাংলার রাজধানী হয় কত সালে?
(a) 1717 (b) 1712 (c) 1746 (d) 1767
43. ভারতের কোন রাজ্যে 'বিহু' উৎসব পালিত হয়?
(a) রাজস্থান (b) বিহার (c) কেরালা (d) পশ্চিমবঙ্গ
44. 'Anthropological Survey of India' কবে স্থাপিত হয়?
(a) 1943 (b) 1945 (c) 1951 (d) 1962
45. 'হাইপোগ্লসাল' স্নায়ু মানবদেহের কোন অঙ্গে দেখা যায়?
(a) জিভ (b) গলা (c) নাক (d) মুখমণ্ডল
46. TT ভ্যাকসিন কোন রোগের জন্য দেওয়া হয়?
(a) যক্ষা (b) পক্স (c) টিটেনাস (d) টিবি
47. 'মুক্তির মন্দির সোপান তলে' সঙ্গীতটির গীতিকার কে?
(a) পুলক বন্দ্যোপাধ্যায় (b) গৌরীপ্রসন্ন মজুমদার (c) মোহিনী চৌধুরি (d) শৈলেন রায়
48. 'বিপ্লব দীর্ঘজীবী হোক' স্লোগানটি কার?
(a) মোহনদাস করমচাঁদ গান্ধী (b) ভগৎ সিং (c) ক্ষুদিরাম বসু (d) মাস্টারদা সূর্য সেন
49. 'সিপাহিজলা অভয়ারণ্য' ভারতের কোন রাজ্যে আছে?
(a) মণিপুর (b) নাগাল্যান্ড (c) ত্রিপুরা (d) মেঘালয়
50. 'টাকু' কী?
(a) কুয়াশা (b) শিলাবৃষ্টি (c) শীতল স্থানীয় বায়ু (d) ধূলিঝড়
51. $3034 - (1002 \div 20.04) =$ কত?
(a) 2954 (b) 2984
(c) 2854 (d) 2884
52. $(p - q) = 3$ হলে ও $p^2 + q^2 = 29$ হলে p ও q এর মান কত?
(a) 8 (b) 9 (c) 10 (d) 12
53. $\sqrt{7\sqrt{7\sqrt{7\sqrt{7...}}}} = (343)^{y-1}$ হলে y = কত হবে?
(a) 1 (b) 0 (c) $\frac{3}{4}$ (d) $\frac{4}{3}$
54. নীচের কোনটি বহুপদ —
(a) $x2 - 3x + 2\sqrt{x} + 7$ (b) $\sqrt{x} - \frac{1}{\sqrt{x}}$
(c) $x^{7/2} - x + x^{3/2}$ (d) কোনোটিই নয়
55. $\frac{0.25 \times 0.25 - 0.24 \times 0.24}{0.49} = ?$
(a) 0.0007 (b) 0.48 (c) 0.01 (d) 0.1
56. একটি জলভরা পাত্রের ওজন 40 kg। যদি এটি অর্ধেক ভর্তি থাকে তবে তার ওজন হয় 30 kg। খালি পাত্রের ওজন কত?
(a) 10 kg (b) 16 kg
(c) 20 kg (d) 22 kg
57. দু'টি মিশ্রণে দুধ ও জলের অনুপাত যথাক্রমে 5 : 4 ও 2 : 1। সমান আয়তনে উভয়কে মিশ্রিত করা হলে নতুন মিশ্রণে দুধ ও জলের অনুপাত হবে।
(a) 8 : 2 (b) 11 : 7
(c) 7 : 6 (d) 4 : 3
58. একটি সৈন্যদলে 1600 জন আছে। এদের 60 দিনের খাদ্য মজুত আছে। 15 দিন পর 600 জন চলে গেল। বাকি খাদ্যে বাকিদের কতদিন চলবে?
(a) 94 দিন (b) $24\frac{1}{2}$ দিন
(c) 72 দিন (d) $38\frac{1}{3}$ দিন
59. 24 মিটার লম্বা 16 মিটার চওড়া মাঠের ভেতরে চারদিকে 2 মিটার চওড়া রাস্তার ক্ষেত্রফল হবে।
(a) 144 বর্গমিটার (b) 158 বর্গমিটার
(c) 164 বর্গমিটার (d) 160 বর্গমিটার
60. এক ব্যক্তি দু'টি দ্রব্য 900 টাকায় কিনে প্রথমটি ক্রয়মূল্যের $\frac{4}{3}$ অংশে ও দ্বিতীয়টি ক্রয়মূল্যের $\frac{5}{4}$ অংশে বিক্রি করায় মোটের ওপর 90 টাকা লাভ হয়। প্রথম দ্রব্যের ক্রয়মূল্য কত টাকা?
(a) 650 (b) 500 (c) 300 (d) 625
61. দু'প্রকার সংকর ধাতুতে তামা ও দস্তার অনুপাত যথাক্রমে 2 : 3 ও 5 : 4 দু'প্রকার সংকর ধাতু সমপরিমাণে মিশ্রিত করে তৃতীয় প্রকার সংকর ধাতু তৈরি করা হলে, তৃতীয় মিশ্রণে তামা ও দস্তার অনুপাত কত হবে?
(a) 44 : 45 (b) 43 : 47 (c) 43 : 48 (d) 42 : 44
62. A একা 1,000 টাকা মূলধন নিয়ে ব্যবসা শুরু করার কয়েক মাস পরে B, 4,000 টাকা নিয়ে ব্যবসায় যোগ দেয়। বছরের শেষে দু'জন সমান লাভ পেয়ে থাকলে A ব্যবসা শুরু করার কত মাস পরে B যোগ দিয়েছিল?
(a) 8 (b) 2 (c) 7 (d) 9
63. কিছু টাকা প্রথম 3 বছর বার্ষিক 6% সরল সুদে পরবর্তী 5 বছর 8% সরল সুদে ও 8 বছরের পরবর্তী সময় বার্ষিক 10% সরল সুদে জমা রাখা হল। যদি 10 বছর শেষে মোট সুদের পরিমাণ 1,560 টাকা হয়, তাহলে কত টাকা জমা রাখা হয়েছিল?
(a) 1,600 (b) 2,000 (c) 2,200 (d) 36
64. 15 কিলোমিটার দূরে গন্তব্যস্থলে পৌঁছাতে এক ব্যক্তির 3 ঘন্টা সময় লাগে। যদি প্রথমে কিছুটা পথ 3 কিলোমিটার গতিতে পায়ে হেঁটে ও অবশিষ্ট পথ 9 কিলোমিটার গতিতে সাইকেলে গমন করে, তাহলে কত কিলোমিটার পথ পায়ে হেঁটে গিয়েছিল?
(a) 5 (b) 7 (c) 12 (d) 6
65. একটি পরীক্ষায় একজন পরীক্ষার্থী মোট নম্বরের 40% পেয়ে 60 নম্বরের জন্য অকৃতকার্য হলেন ও অন্য একজন পরীক্ষার্থী মোট নম্বরের 60% পেয়ে উত্তীর্ণ হওয়ার সর্বনিম্ন নম্বরের থেকে 100 বেশি পেলেন। ওই পরীক্ষায় উত্তীর্ণ হওয়ার জন্য সর্বনিম্ন নির্ধারিত নম্বর কত?
(a) 380 (b) 370 (c) 365 (d) 325
66. এক ব্যক্তি মোট পথকে সমান তিন অংশে ভাগ করে প্রথম অংশ 15 কিলোমিটার/ঘন্টা বেগে সাইকেলে, পরের অংশ 30 কিলোমিটার/ঘন্টা বেগে অটোতে ও শেষ অংশ 40 কিলোমিটার/ঘন্টা বেগে ট্যাক্সিতে গেলেন। সারা পথে তাঁর গড় বেগ কত কিলোমিটার/ঘন্টা?

☞ এরপর ৬ পাতায়

## কর্মখালি

WANTED M. Sc (Physics) B.Ed M.A (Political Science) B.Ed M.Sc Maths (B.Ed) M. A Mass Media & Communication for an: I.C.S.E./ I.S.C Christian School in Durgapur (West Bengal). Apply Within 7 Days in the mail given below: Spsdgp2013@gmail.com accommodation will be provided for out-station candidates. Salary negotiable. Mobile No. 9547729545 (Time: 6.00 pm -7.00 pm)

B

কোলকাতাস্থিত অফিসের জন্য Female Telecaller চাই। হিন্দী + ইংলিশ জানা জরুরি। থাকা ফ্রি। (বেতন : 10K-25K). M: 8367849036

N

Jio/Naptol/SBI কাস্টমার কেয়ারে বাংলা ভাষা জানা M/F নিয়োগ চলছে। বেতন, INC+OT সহ 12,800/-. 7044049492, 9088093059.

B

### Pvt. নার্সিং হোমে সরাসরি নিয়োগ

পঃ বঃ প্রতিটি জেলায় Pvt. নার্সিং হোম হসপিটালে কর্মী নিয়োগ চলছে। বেতন- 11,300/- 19,200/-. থাকা খাওয়ার ও সমস্ত সুবিধা আছে। M- 9593378491

SA

### স্বাস্থ্যকেন্দ্রে কর্মী নিয়োগ

পঃ বঃ প্রতিটি জেলায় Pvt. স্বাস্থ্যকেন্দ্রে কর্মী নিয়োগ চলছে। বেতন (11600 – 18900)। থাকা-খাওয়ার সুবিধা। M-9830597944

SA

### সরাসরি কর্মী নিয়োগ

প্রতিটি জেলায় ATM গার্ড, টাওয়ার Co., নার্সিংহোম, Pvt. Co., শপিংমলে নিয়োগ চলছে। বেতন - 12500/- -18500/-. থাকা খাওয়ার সুবিধা। 8436485750.

SA

সরাসরি 215 জন কর্মী নিয়োগ। Pvt ব্যাঙ্ক ও মেট্রোতে কন্ট্রাক্টরের অধীনে বিভিন্ন অফিসিয়াল পদে M/F ৮ম - স্নাতক চাই। M -7407215583.

SA

### আর্জেন্ট ভ্যাকান্সি

3 Star এবং 5 Star হোটেল ও রিসর্টে বিভিন্ন পদে কর্মী নিয়োগ চলছে। P.F, ESI সহ থাকা খাওয়ার সুবিধা আছে। বেতন: 12792/- 16792/-. M-8609637802.

SA

### আর্জেন্ট ভ্যাকান্সি

পঃবঃ 27 টি জেলায় লিখিত Agreement এ সই করে নার্সিং হোম ও প্রাইভেট হাসপাতালে বিভিন্ন পদে কর্মী নিয়োগ চলছে। বেতন: 12,700/- -17,500/-. Mobile - 7719152618.

SA

### স্বাস্থ্যকেন্দ্রে কর্মী নিয়োগ

পঃ বঃ প্রতিটি জেলায় Pvt. স্বাস্থ্যকেন্দ্রে কর্মী নিয়োগ চলছে। বেতন (12500 – 18500)। M - 8348727948.

SA

## ব্যাঙ্কে ৫৫ অফিসার

১ পাতার পর

চাকরি হবে দ্য বর্ধমান সেন্ট্রাল কো-অপারেটিভ ব্যাঙ্ক লিমিটেডে।

**সিরিয়াল নং : 3. অ্যাসিস্ট্যান্ট ম্যানেজার, গ্রুপ -বি (গ্রেড-I বি) :** যে কোনো শাখার গ্র্যাজুয়েটরা আবেদন করতে পারেন। কম্পিউটারের ৬ মাসের (এম.এস. অফিস, ইন্টারনেট) কোর্স পাশ হতে হবে। শুরুতে মাইনে ২৭,৫২২ টাকা। শূন্যপদ : ২টি (জেনাঃ ১, ও.বি.সি. -বি ক্যাটেগরি ১)। চাকরি হবে উত্তর ২৪ পরগনা কো-অপারেটিভ অ্যাগ্রিকালচারাল অ্যান্ড রুরাল ডেভেলপমেন্ট ব্যাঙ্ক লিমিটেডে।

**সিরিয়াল নং : 4. অ্যাসিস্ট্যান্ট কাম ক্যাশিয়ার কাম সুপারভাইজর (গ্রেড-III) :** যে কোনো শাখার গ্র্যাজুয়েটরা আবেদন করতে পারেন। কম্পিউটারের ৬ মাসের (এম.এস. অফিস, ইন্টারনেট) কোর্স পাশ হতে হবে। শুরুতে মাইনে : ১৯,০৪৭ টাকা। শূন্যপদ : ২টি (জেনাঃ ১, অজাঃ ১)। চাকরি হবে হাওড়া ডিস্ট্রিক্ট কো-অপারেটিভ অ্যাগ্রিকালচারাল অ্যান্ড রুরাল ডেভেলপমেন্ট ব্যাঙ্ক লিমিটেডে।

**সিরিয়াল নং : 5. অ্যাকাউন্ট অ্যাসিস্ট্যান্ট :** যে কোনো শাখার গ্র্যাজুয়েটরা আবেদন করতে পারেন। কম্পিউটারের ৬ মাসের (এম.এস. অফিস, ইন্টারনেট) কোর্স পাশ হতে হবে। শুরুতে মাইনে : ২৫,৬৪০ টাকা। শূন্যপদ : ১টি (জেনাঃ)। চাকরি হবে দ্য ওয়েস্ট বেঙ্গল সেকেন্ডারি এডুকেশন বোর্ড এমপ্লয়ীজ ক্রেডিট কো-অপারেটিভ সোসাইটি লিমিটেডে।

**সিরিয়াল নং : 6. জুনিয়র অফিস অ্যাসিস্ট্যান্ট :** যে কোনো শাখার গ্র্যাজুয়েটরা যোগ্য। কম্পিউটারের ৬ মাসের (এম.এস. অফিস, ইন্টারনেট) কোর্স পাশ হতে হবে। শুরুতে মাইনে : ২৮,৭০৮ টাকা। শূন্যপদ : ২টি (জেনাঃ)। চাকরি হবে খড়দহ কো-অপারেটিভ ব্যাঙ্ক লিমিটেডে।

**সিরিয়াল নং : 7. ফিল্ড সুপারভাইজর (মেল) (গ্রেড-III) :** যে কোনো শাখার গ্র্যাজুয়েটরা আবেদন করতে পারেন। কম্পিউটারের ৬ মাসের (এম.এস. অফিস, ইন্টারনেট) কোর্স পাশ হতে হবে। শুরুতে মাইনে প্রথম ৩ বছর মাসে ২০,০০০ টাকা ও পরের ৩ বছর মাসে ২৫,০৬৮ টাকা। শূন্যপদ : ১টি (তঃজাঃ)। চাকরি হবে বর্ধমান কো-অপারেটিভ অ্যাগ্রিকালচার অ্যান্ড রুরাল ডেভেলপমেন্ট ব্যাঙ্ক লিমিটেডে।

**সিরিয়াল নং : 8. জুনিয়র অ্যাসিস্ট্যান্ট (ফিমেল) (গ্রেড-III) :** যে কোনো শাখার গ্র্যাজুয়েটরা আবেদন করতে পারেন। কম্পিউটারের ৬ মাসের (এম.এস. অফিস, ইন্টারনেট) কোর্স পাশ হতে হবে। শুরুতে মাইনে প্রথম ৩ বছর মাসে ২০,০০০ টাকা ও পরের ৩ বছর মাসে ২৪,৯৬৮ টাকা। শূন্যপদ : ১টি (ও.বি.সি.-এ)। চাকরি হবে বর্ধমান কো-অপারেটিভ অ্যাগ্রিকালচার অ্যান্ড রুরাল ডেভেলপমেন্ট ব্যাঙ্ক লিমিটেডে।

সব ক্ষেত্রে বয়স হতে হবে ১-১-২০২০'র হিসাবে ১৮ থেকে ৩৫ বছরের মধ্যে। তপশিলী, ও.বি.সি.'রা ৫ বছর বয়সে ছাড় পাবেন। সব ক্ষেত্রেই মাধ্যমিক, উচ্চমাধ্যমিক বা, সমতুল যোগ্যতায় প্রথম /দ্বিতীয় ভাষা হিসাবে বাংলা বিষয় থাকতে হবে। এই পদের বিজ্ঞপ্তি নং 01/2020.

প্রার্থী বাছাই করবে পশ্চিমবঙ্গ কো-অপারেটিভ সার্ভিস কমিশন। প্রথমে লিখিত পরীক্ষা হবে, কলকাতায়। দু'টি পেপারের পরীক্ষা হবে। প্রথম পেপারে দেড় ঘণ্টার ১০০ নম্বরের প্রশ্ন হবে অবজেক্টিভ মাল্টিপল চয়েজ টাইপের। প্রশ্ন হবে এইসব বিষয়ে : কোয়ান্টিটেটিভ অ্যাপ্টিটিউড, টেস্ট অফ রিজনিং, জেনারেল অ্যাওয়ারনেস। নেগেটিভ মার্কিং আছে। ৪টি প্রশ্নের ভুল উত্তরের জন্য প্রাপ্ত নম্বর থেকে ১ নম্বর কাটা হবে।

দ্বিতীয় পেপারে দেড় ঘণ্টার ১০০ নম্বরের ডেসক্রিপিটিভ টাইপের প্রশ্ন হবে ইংরিজি ও বাংলা বিষয়ে।

সফল হলে ইন্টারভিউ আর কম্পিউটার টেস্ট। কবে কোথায় পরীক্ষা হবে তা চিঠি পাঠিয়ে জানানো হবে। পরীক্ষা সংক্রান্ত বিস্তারিত তথ্য পাবেন ওয়েবসাইট থেকে।

দরখাস্ত করতে পারবেন অনলাইনে ৩ এপ্রিল পর্যন্ত। এই ওয়েবসাইটে : www.webcsc.org এজন্য বৈধ একটি ই-মেল আই.ডি. থাকতে হবে। এছাড়াও পাশপোর্ট মাপের ফটো, সিগনেচার, লেফট থাম্ব ইমপ্রেশন, মাধ্যমিকের অ্যাডমিট কার্ড ও কাস্ট সার্টিফিকেট স্ক্যান করে নেবেন। প্রথমে ওপরের ওই ওয়েবসাইটে গিয়ে যাবতীয় তথ্য দিয়ে সাবমিট করলেই নাম রেজিস্ট্রেশন হয়ে যাবে। তখন পরীক্ষা ফী বাবদ ২০০ (তপশিলী হলে ৪০) টাকা নেট ব্যাঙ্কিং / ডেবিট কার্ড / ক্রেডিট কার্ডের মাধ্যমে জমা দেবেন। এজন্য অতিরিক্ত ১৫ টাকা দিতে হবে। এরপর স্ক্যান করা ফটো ও সিগনেচার আপলোড করে নেবেন। অনলাইনে দরখাস্ত করার পর রেজিস্ট্রেশন নম্বর সহ রিসিপ্ট তৈরি হয়ে যাবে ও সিস্টেম জেনারেটেড অ্যাপ্লিকেশন ফর্ম প্রিন্ট করে নেবেন। তাতে যে রেজিস্ট্রেশন নম্বর থাকবে, তা যত্ন করে রেখে দিতে হবে।


INFORMATION TECHNOLOGY DEVELOPMENT BOARD

A Venture of Swapnil Foundation

An ISO 9001 : 2015 Certified Organization

Registered Unoe QCI, NCT, New Delhi, Govt of India

২০২০ সালের কম্পিউটার শিক্ষার্থীদের জন্য সেরা কোর্স ADIT ও ADCA

DCA, DTP, TALLY, DATA ENTRY & Vocational Courses

বিশদে জানার জন্য ITDB স্টাডি সেন্টারে যোগাযোগ করুন

নদিয়া
রানাঘাট : 9732871301
স্বর্ণখালী : 8536902922
জামালপুর : 9749670349

মুর্শিদাবাদ
উত্তর সুদর্শনগঞ্জ : 9851368767
পিরতলা : 9735303523
সাহিদাপুর : 8116644692

২৪ পরগনা
ধামাখালি : 7074536099
কল্যাণগড় : 7001446006
তালদি : 7001159294
নিউ ব্যারাকপুর : 9432191333
শিবদাসপুর : 7980869307
রহড়া : 700382834
বনগাঁ : 9153282180
গোবরডাঙ্গা : 9333950915

কলকাতা
বেলেঘাটা : 9804215589

হাওড়া
সাঁকরাইল : 9073998573
ডোমজুড় : 7278889064
শ্যামপুর : 8101870580

হুগলি
খামারগাছি : [illegible]

মালদা
হিরানন্দপুর : 9775810733

পুরুলিয়া
ঝালদা : 7870616239
গোপালনগর : [illegible]

কোচবিহার
দিনহাটা : 9734003127
নাজিরহাট : [illegible]

জলপাইগুড়ি
জুরাপানি : [illegible]

আলিপুরদুয়ার
জটেশ্বর : [illegible]
লিচুতলা : [illegible]

বর্ধমান
বেনাচিতি : [illegible]
দুর্গাপুর : [illegible]
মেঠোদিঘারা : [illegible]

বীরভূম
সাঁইজুরি : [illegible]

বাঁকুড়া
পাঁচমুড়া : [illegible]
মানুসমুড়া : [illegible]

মেদিনীপুর
কলাবেড়িয়া : [illegible]
[illegible] : [illegible]
[illegible] : [illegible]

কোর্সের শেষে প্রাপ্ত সার্টিফিকেট Online Verification-এর সুবিধা সহ দেশের সমস্ত Employment Exchange-এ গ্রাহ্য

— Head Office —
শ্যামসুন্দর পাড়া, রানাঘাট, নদিয়া।

ITDB এর ট্রেনিং সেন্টার খুলতে যোগাযোগ করুন : 8653427533, 985[illegible]83216

Website : www.itdb.in
Mail ID : itdb.development@gmail.com


WhatsApp Group STUDY MATERIALS LINK PSC - GROUP-D RAIL TARGET — WBTET TET — প্রাইমারি GK - GHOSH

## গার্ডেনরিচে ২২৬

১ পাতার পর

(ইংলিশ), মেকানিক মেশিন টুল মেন্টেন্যান্স, ইনফর্মেশন অ্যান্ড কমিউনিকেশন টেকনোলজি সিস্টেম মেন্টেন্যান্ট, রেফ্রিজারেশন অ্যান্ড এয়ারকন্ডিশনিং মেকানিক ট্রেডে এন.সি.ভি.টি.'র দেওয়া ন্যাশনাল ট্রেড সার্টিফিকেট বা, অল ইন্ডিয়া ট্রেড টেস্ট পাশ করে থাকলে সংশ্লিষ্ট ট্রেডের জন্য যোগ্য। তবে ফিটার ট্রেডের প্রার্থীরা ফিটার (স্ট্রাকচারাল), পেইন্টার (জেনারেল) ট্রেডের প্রার্থীরা পেইন্টার ট্রেডে, কম্পিউটার অপারেটর অ্যান্ড প্রোগ্রামিং অ্যাসিস্ট্যান্ট ট্রেডের প্রার্থীরা প্রোগ্রামিং অ্যান্ড সিস্টেম অ্যাডমিনিস্ট্রেশন অ্যাসিস্ট্যান্ট ট্রেডের জন্যও যোগ্য। বয়স হতে হবে ১৪ থেকে ২৫ বছরের মধ্যে। ১২ মাসের ট্রেনিং। শূন্যপদ : ১৪০টি।

**ট্রেড অ্যাপ্রেন্টিস (ফ্রেশার) :** মাধ্যমিক পাশরা আবেদন করতে পারেন। নেওয়া হবে এইসব ট্রেডে : ফিটার, ওয়েল্ডার (গ্যাস অ্যান্ড ইলেক্ট্রিক), ইলেক্ট্রিশিয়ান, পাইপ ফিটার, মেশিনিস্ট। বয়স হতে হবে ১৪ থেকে ২০ বছরের মধ্যে। শূন্যপদ : ৪০টি।

**গ্র্যাজুয়েট অ্যাপ্রেন্টিস :** মেকানিক্যাল, ইলেক্ট্রিক্যাল, কম্পিউটার সায়েন্স অ্যান্ড ইনফর্মেশন টেকনোলজি, সিভিল ইঞ্জিনিয়ারিংয়ের ডিগ্রি কোর্স পাশরা সংশ্লিষ্ট ট্রেডের জন্য যোগ্য। মেকানিক্যাল অ্যান্ড প্রোডাকশন ইঞ্জিনিয়ারিংয়ের প্রার্থীরা মেকানিক্যাল শাখার জন্য, ইলেক্ট্রিক্যাল অ্যান্ড ইলেক্ট্রনিক্স ইঞ্জিনিয়ারিংয়ের প্রার্থীরা ইলেক্ট্রিক্যাল শাখার জন্য, কম্পিউটার সায়েন্স, কম্পিউটার টেকনোলজি, ইনফর্মেশন টেকনোলজির প্রার্থীরা কম্পিউটার সায়েন্স অ্যান্ড ইনফর্মেশন টেকনোলজি, সিভিল অ্যান্ড স্ট্রাকচারাল ও স্ট্রাকচারাল ইঞ্জিনিয়ারিংয়ের প্রার্থীরা সিভিল শাখার জন্যও যোগ্য। ১২ মাসের ট্রেনিং। ২০১৭, ২০১৮, ২০১৯ সালে যাঁরা পাশ করেছেন, তাঁরাই যোগ্য। বয়স হতে হবে ১৪ থেকে ২৬ বছরের মধ্যে। শূন্যপদ : ১৬টি।

**টেকনিশিয়ান অ্যাপ্রেন্টিস :** মেকানিক্যাল, ইলেক্ট্রিক্যাল, ইলেক্ট্রনিক্স অ্যান্ড টেলিকমিউনিকেশন ও সিভিল ইঞ্জিনিয়ারিংয়ের ডিপ্লোমা কোর্স পাশরা সংশ্লিষ্ট শাখার জন্য যোগ্য। মেকানিক্যাল অ্যান্ড প্রোডাকশন ইঞ্জিনিয়ারিংয়ের প্রার্থীরা মেকানিক্যাল, ইলেক্ট্রিক্যাল অ্যান্ড ইলেক্ট্রনিক্স ইঞ্জিনিয়ারিংয়ের প্রার্থীরা ইলেক্ট্রিক্যাল, ইলেক্ট্রনিক্স অ্যান্ড কমিউনিকেশন, ইলেক্ট্রনিক্স ইঞ্জিনিয়ারিংয়ের প্রার্থীরা ইলেক্ট্রনিক্স অ্যান্ড টেলিকমিউনিকেশন, সিভিল অ্যান্ড স্ট্রাকচারাল ও স্ট্রাকচারাল ইঞ্জিনিয়ারিংয়ের প্রার্থীরা সিভিল শাখার জন্যও যোগ্য। ১২ মাসের ট্রেনিং। ২০১৭, ২০১৮, ২০১৯ সালে যাঁরা পাশ করেছেন, তাঁরাই যোগ্য। বয়স হতে হবে ১৪ থেকে ২৬ বছরের মধ্যে। শূন্যপদ : ৩০টি।

**100(A).**




## রাজ্যের সরকারি আই.টি.আই. কোর্সে ভরতি শুরু

পশ্চিমবঙ্গের সরকারি আই.টি.আই./আই.টি.সি. /জুনিয়র পলিটেকনিক /পি.পি.পি. সরকারি আই.টি.আই.'তে কেন্দ্রীয় সরকারের ন্যাশনাল কাউন্সিল ফর ভোকেশনাল ট্রেনিংয়ের (এন.সি.ভি.টি) অনুমোদিত ক্র্যাফ্টসম্যান ট্রেনিং স্কিমে বিভিন্ন ট্রেডের সার্টিফিকেট কোর্সে ভরতির ফর্ম দেওয়া শুরু হয়েছে। সেশন শুরু ১ আগস্ট।

আই.টি.আই. গুলিতে ২ বিভাগের ট্রেড কোর্স পড়ানো হয় : M গ্রুপ ও E গ্রুপ। কারা কোন গ্রুপে ভরতির জন্য যোগ্য :

**গ্রুপ-E :** ক্লাস এইট পাশ ছেলেমেয়েরা এই গ্রুপের ট্রেডের জন্য আবেদন করতে পারেন। 'ই' গ্রুপে ভরতি হতে পারবেন এইসব ট্রেডে : কার্পেন্টার, ম্যাসন, শীট মেটাল ওয়ার্কার, ওয়েল্ডার, পেইন্টার জেনারেল, ওয়্যারম্যান, কাটিং অ্যান্ড সিউয়িং /সিউয়িং টেকনোলজি। পেইন্টার জেনারেল ও ওয়্যারম্যান ট্রেড ২ বছরের আর অন্যান্য ট্রেড হল ১ বছরের।

**গ্রুপ-M :** মাধ্যমিক পাশ ছেলেমেয়েরা আবেদন করতে পারেন। মাধ্যমিকে অঙ্ক ও ভৌত বিজ্ঞান বিষয় না থাকলে ইঞ্জিনিয়ারিং ট্রেডের জন্য যোগ্য নন। 'এম' গ্রুপে ভরতি হতে পারবেন এইসব ট্রেডে —

১ বছরের ট্রেডগুলি হল : মেকানিক (ডিজেল), ফাউন্ড্রিম্যান/ফাউন্ড্রিম্যান টেকনিশিয়ান, প্লাস্টিক প্রসেসিং অপারেটর, প্লাম্বার, মেকানিক মোটর সাইকেল, সার্ভেয়র, কম্পিউটার হার্ডওয়্যার অ্যান্ড নেটওয়ার্ক মেন্টেন্যান্স, মেকানিক অটো বডি রিপেয়ার, ওয়েল্ডার পাইপ, বেকার অ্যান্ড কনফেক্শনার, কম্পিউটার অপারেটর অ্যান্ড প্রোগ্রামিং অ্যাসিস্ট্যান্ট, ক্রাফ্টসম্যান ফুড প্রোডাকশন (জেনারেল) /ফুড প্রোডাকশন (জেনারেল), ডেস্ক টপ পাব্লিশিং অপারেটর, ড্রেস মেকিং, ফ্যাশন টেকনোলজি /ফ্যাশন ডিজাইন টেকনোলজি, হেয়ার অ্যান্ড স্কিন কেয়ার /বেসিক কসমেটোলজি, হেলথ স্যানিটারি ইন্সপেক্টর, হর্টিকালচার, প্রিজার্ভেশন অফ ফ্রুটস অ্যান্ড ভেজিটেবিলস /ক্র্যাফ্টসম্যান ফ্রুট অ্যান্ড ভেজিটেবিল প্রসেসিং, সেক্রেটারিয়েল প্র্যাক্টিস (ইংলিশ), স্টুয়ার্ড /ফুড অ্যান্ড বেভারেজ গেস্ট সার্ভিস অ্যাসিস্ট্যান্ট, কম্পিউটার অ্যাডেড এমব্রয়ডারি অ্যান্ড ডিজাইনিং, ফ্রন্ট অফিস অ্যাসিস্ট্যান্ট ও ফুড বেভারেজ।

২ বছরের ট্রেডগুলি হল : টার্নার, ফিটার, ইলেক্ট্রিশিয়ান, অ্যাটেন্ড্যান্ট অপারেটর (কেমিক্যাল প্ল্যান্ট), ড্রাফ্টসম্যান (সিভিল), ড্রাফ্টসম্যান (মেকানিক্যাল), ইলেক্ট্রনিক্স মেকানিক, ইন্সট্রুমেন্ট মেকানিক, ইন্সট্রুমেন্ট মেকানিক (কেমিক্যাল প্ল্যান্ট), আই.টি.ই.এস.এম. / আই.সি.টি.এস.এম, ল্যাবরেটরি অ্যাসিস্ট্যান্ট (কেমিক্যাল প্ল্যান্ট), মেশিনিস্ট, মেশিনিস্ট গ্রাইন্ডার, মেন্টেন্যান্স মেকানিক (কেমিক্যাল প্ল্যান্ট), মেকানিক কম্পিউটার হার্ডওয়্যার, মেকানিক মোটর ভেহিক্যাল, মেকানিক আর.এ.সি., টুল অ্যান্ড ডাই মেকার (ডাইস অ্যান্ড মোল্ড), টুল অ্যান্ড ডাই মেকার (প্রেস টুলস, জিগস অ্যান্ড ফিক্সার), ইনফর্মেশন টেকনোলজি।

সব ক্ষেত্রেই বয়স হতে হবে ১-৮-২০২০'র হিসাবে ন্যূনতম ১৪ বা, তার বেশি, অর্থাৎ জন্ম-তারিখ হতে হবে ১-৮-২০০৬'এর আগে। উর্ধ্বতম বয়সের কোনো কড়াকড়ি নেই। যে কোনো বয়সের প্রার্থীরাই আবেদনের যোগ্য। নির্দিষ্ট কয়েকটি ট্রেডে মহিলা প্রার্থী না পাওয়া গেলে ছেলেরা ওই চারটি মহিলা ইন্ডাস্ট্রিয়াল ট্রেনিং ইনস্টিটিউটে ভরতির জন্য আবেদন করতে পারবেন।

তপশিলী জাতির প্রার্থীদের জন্য ২২%, তপশিলী উপজাতি প্রার্থীদের জন্য ৬%, শারীরিক প্রতিবন্ধীদের জন্য ৩% ও মহিলাদের জন্য সাধারণ আই.টি.আই. /আই.টি.সি.'তে ১০% সীট সংরক্ষিত। টিউশন ফী প্রথম ৬ মাস মাসে ৩০ টাকা করে। ভরতি ফী ১০০ টাকা। রেজিস্ট্রেশন ফী ৩০ টাকা (কন্যাশ্রী প্রার্থীদের জন্য ১৫ টাকা)। কশান মানি ১০০ টাকা। ভেরিফিকেশন চার্জ ১০০ টাকা।

**প্রার্থী বাছাই পদ্ধতি :** দুই গ্রুপের বেলায়ই প্রার্থী বাছাই করবে 'ওয়েস্ট বেঙ্গল স্টেট কাউন্সিল অফ টেকনিক্যাল অ্যান্ড ভোকেশনাল এডুকেশন অ্যান্ড স্কিল ডেভেলপমেন্ট'।

'M' গ্রুপের বেলায় প্রার্থী বাছাই হবে মাধ্যমিকে পাওয়া নম্বর দেখে। শুধুমাত্র মাধ্যমিকে পাওয়া নম্বরের ভিত্তিতে মেধা তালিকা তৈরি হবে। মেধা তালিকায় র‍্যাঙ্ক অনুযায়ী পছন্দ মতো প্রতিষ্ঠানে ভরতি হতে পারবেন ও ট্রেড বেছে নিতে পারবেন।

'E' গ্রুপের বেলায় প্রার্থী বাছাই হবে ক্লাস এইটে পাওয়া নম্বর দেখে। চূড়ান্ত মেধা তালিকা আপলোড করা হবে জুলাইয়ে। অনলাইন কাউন্সেলিং হবে জুলাইয়ে।

দরখাস্ত করতে পারবেন অনলাইনে ২৬ এপ্রিল পর্যন্ত। এই ওয়েবসাইটে : www.wbscvt.org এজন্য বৈধ একটি ই-মেল আই.ডি. থাকতে হবে। এছাড়াও পাশপোর্ট মাপের রঙিন ফটো ও সিগনেচার জে.পি.ই.জি. ফর্ম্যাটে স্ক্যান করে নেবেন। প্রথমে ওপরের ওই ওয়েবসাইটে গিয়ে অনলাইনে অ্যাপ্লিকেশন ফর্মে ক্লিক করে যাবতীয় তথ্য সঠিকভাবে দিন। তারপর ফটো ও সিগনেচার আপলোড করে 'Save & Proceed'এ ক্লিক করলে দরখাস্ত সাবমিট হয়ে যাবে। এরপর পরীক্ষা ফী বাবদ ২০০ (মহিলা হলে ১০০) টাকা অনলাইনে জমা দিতে হবে। টাকা জমা দেওয়ার পর সিস্টেম জেনারেটেড অ্যাপ্লিকেশন ফর্ম প্রিন্ট করে নেবেন। কোন কোন প্রতিষ্ঠানে কী কী ট্রেড আছে তা ওপরের ওই ওয়েবসাইটে পাবেন।

# ন্যাশনাল কম্পিউটার সাক্ষরতা মিশন

ভারত সরকারের তথ্য ও প্রযুক্তি দপ্তর দ্বারা পুরস্কার প্রাপ্ত ভারতের ১ নং সংস্থা



WhatsApp Group
STUDY_MATERIALS_LINK
PSC_GROUP D_RAIL
TARGET__WBTET
TET__পর্যালোচনা
GK+GI+GS+CA

# মাধ্যমিক

পরীক্ষার্থীদের জন্য

## কম্পিউটার কোর্সে ভর্তি চলছে

**ncsm** ®

NATIONAL COMPUTER SAKSHARTA MISSION

**বিশদে জানার জন্য শুধু মাত্র নিম্নলিখিত NCSM স্টাডি সেন্টারে আজই যোগাযোগ করুন :**

==== কোলকাতা ====
সোনারপুর : 9007327030
চিংড়িঘাটা : 7044979907
==== মুর্শিদাবাদ ====
বহরমপুর টাউন : 9434666222
জিয়াগঞ্জ : 9153269530
ডোমকল : 9734809909
আহিরন : 9476463179
নিমতিতা : 9832772200
সাগরদিঘী : 9734514596
ভগবানগোলা মহিসাস্থলী: 9153269234
বাগড়া (ইন্দ্রপুরী) : 8350014294
পলসন্ডা মোড় : 9874754143
ধাপুর : 9475227500
কাঁকুড়িয়া : 9563339695
ভরতপুর : 7602707070
==== বর্ধমান ====
গুসকরা : 9732386396
বুলবুলিতলা : 9800691567
ধাত্রিগ্রাম : 9064534552
কাটোয়া : 7602707070
সুলতানপুর : 9830782846
কান্দরা : 7602707070

==== ২৪ পরগণা ====
ঘটকপুকুর : 9775346105
বাইলানি বাজার : 9800983929
ভাদুড়া(ফলতা): 9153525254
দক্ষিন বারাসাত : 7318947646
ডাইমন্ড হারবার: 8145929750
রাজার হাট : 9330824769
শম্ভুনগর : 9733568845
পাথরঘাটা : 9088058888
জয়নগর : 9735890320
গোচরন : 9002336286
ঘোলাহাট : 9002849558
মথুরাপুর : 9143151693
কুলপি : 7076934331
বাওয়ালি : 7003941496
গাদামারা হাট : 9233163935
কৃষ্ণচন্দ্রপুর : 7699647902
মকরমপুর : 8013838148
নিমিটি : 9933888815
মশাট বাজার : 6296300179
পাকাপোল : 9088058888
অশোকনগর : 9593076227
খড়দা : 7980236755
খুলনা: 9874092872
সরিষা : 9734508122

==== কোচবিহার ====
বাণেশ্বর : 9733036694
কোচবিহার টাউন : 8918513763
পুন্ডিবাড়ী : 9775141222
নিশিগঞ্জ : 8016624127
খানেশ্বর : 9614783545
বক্সিরহাট : 9832413867
বাকলা : 9832115325
==== জলপাইগুড়ি ====
ডাবুরাজার : 8371887139
ময়নাগুড়ি : 8759307880
==== হুগলি ====
চিলাডাঙ্গী : 9775950283
আঁটপুর : 9434618189
বাতানল : 9732830856
শ্রীরামপুর(দক্ষিন রাজ্যধরপুর)-9239522055
বাকুলিয়া বলাগড় : 8945036683
তিলকচক : 8348184875
==== হাওড়া ====
গোবিন্দপুর(শ্যামপুর) : 9153160565
জগদীশপুর : 9051404124
বেলানগর : 9804993138
শিবপুর (শ্যামপুর) : 8609716503
বাউরিয়া : 9681056429

=== আলিপুরদুয়ার ==
আলিপুরদুয়ার : 9775460131
=== দার্জিলিং ===
শিবমন্দির : 9832028984
==== নদীয়া ====
শান্তিপুর : 9800205466
রানাঘাট : 9832739937
নবদ্বীপ : 9832211050
করিমপুর : 9647495781
নাগাদি বাজার : 9093684464
বাগদিয়া : 8926557548
বড়োজাগুলী : 9231919780
হরিবপুর : 8640894489
শিমুরালি : 7001859450
কালীনগর : 9126965976
ধুবুলিয়া : 8927895286
বেথুয়া : 9332414813
বাদলপুকুর(শ্রীমায়াপুর): 9735325121
হরিনঘাটা : 9563272885
কৃষ্ণনগর : 9233379555
==== বীরভূম ====
কীর্নাহার : 9732053682
ময়ূরেশ্বর : 7001829673
রামপুরহাট : 9874126557

==== দিনাজপুর ====
ইটাহার : 6297790220
কসবা : 7679787688
দৌলতপুর : 7908715034
ডালখোলা : 9681968765
ইসলামপুর : 9474440728
বালাপুর : 7407607242
সাহেবঘাটা : 6294550765
মহেশপুর : 9647808046
রায়গঞ্জ টাউন : 9474138131
করনদিঘি : 9547617407
দাড়ালহাট : 7407607242
হেমতাবাদ : 7908994651
বাউল : 9002930185
বামনগ্রাম : 9434607607
গোয়ালগাও সাহাপুর : 9735083040
বালুরঘাট : 7551054702
বুনিয়াদপুর : 8695873322
পতিরাম : 7551054702
গঙ্গারামপুর : 9635818680
কাঁচাকলি(চোপড়া) : 9002353486
==== মালদা ====
গাজোল : 7407771141
রতুয়া : 8348342236

==== মেদিনীপুর ====
দেউলিয়া বাজার : 7501541306
কন্টাই : 9932262494
চৈতন্যপুর : 81700600230
বলাইপন্ডা : 9434885948
খড়গপুর : 7001236182
দেবীদাসপুর : 7478790009
কাকতিয়া : 9002648067
বরোজ : 8346086266
রামনগর : 9564027561
সবং : 9434373329
মোহার : 9735746137
ময়না : 9434885948
কুর্ণবসান : 9564210978
==== পুরুলিয়া====
কাশিপুর : 9851525021
বরাবাজার : 9635141626
পুঞ্চা : 9851525021
==== বাঁকুড়া ====
বেলিয়াতোড় : 9932777750
লক্ষিসাগর : 9064154761
বনদুবরাজপুর : 9933744355
বিষ্ণুপুর : 8436868989

**Information for Student** : NCSM এর কোর্সে ভর্তি হওয়ার সাথে সাথে Registration Number ও iCard পাওয়া যায় শুধু মাত্র NCSM সেন্টারে।

**CCA** | **ADOAP** | **DTP** | **TALLY** | **DCA**

### কেন NCSM অন্য কম্পিউটার সেন্টার থেকে অনেক এগিয়ে ?

- NCSM এর কোর্সের CERTIFICATE ভারতের সকল Employment Exchange -এ গ্রহন যোগ্য ও Online -এ Verification করা যায়।
- Training Partner of PMGDISHA & NIELIT, Govt of India.
- Largest Training Provider under PBSSD, Govt. of West Bengal.
- An ISO 9001 : 2015 Certified & NCT, Govt. of Delhi Regd. Organization.
- Winner of "Digital India Award 2017" from Govt.of India.
- Own Job Portal for all Students.
- Free Lifetime Practice Card for all Students.

**NCSM**
এর ট্রেনিং সেন্টার খুলতে
যোগাযোগ করুন :
**9434666543**

**Website : www.ncsm.co.in**

WhatsApp Group
STUDY_MATERIALS_LINK
PSC_GROUP_D_RAIL
TARGET_WBTET
TET_পর্যালোচনা
GK+GI+GS+CA



এখন সব রকমের চাকরির পরীক্ষায় সাধারণ জ্ঞান বিষয়ে প্রশ্ন আসছেই। দুঃখের কথা এই বিষয়টি নিয়ে অনেক পরীক্ষার্থীই যতটা গুরুত্ব দেওয়া উচিত ততটা দেয় না। কেন? কারণ হিসাবে তারা বলছে এতবড় সিলেবাস, কোথা থেকে কী প্রশ্ন আসবে? কী ধরনের প্রস্তুতি নিলে সাধারণ জ্ঞান বিষয়েও নম্বর পাওয়া যাবে তা বুঝে ওঠা একপ্রকার অসম্ভব। এই সমস্যার সমাধান করতে এবার থেকে আমরা সাধারণ জ্ঞানের বিষয়ভিত্তিক ব্যাপারে জোর দিয়ে সম্পূর্ণ নতুনভাবে চাকরির উপযোগী সম্ভাব্য প্রশ্নোত্তরের সেট দিচ্ছি।

## সাধারণ বিজ্ঞান

### জীববিদ্যা

১। প্রোটিন সংশ্লেষের সামগ্রিক পদ্ধতিকে 'সেন্ট্রাল ডোগমা' বলে ব্যাখ্যা



করেন কোন বিজ্ঞানী — বিজ্ঞানী ফ্রান্সিস ক্রিক।

২। নিউক্লিয়াসে কত শতাংশ প্রোটিন থাকে - ১৫%।

৩। ক্রোমোজোমে জিনের অবস্থান নির্ণয়কে কী বলে — জিন ম্যাপিং।

৪। 'ডায়াস্টেমা' কী — গিনিপিগের ছেদক দাঁতের শূন্যস্থান।

৫। কোন উদ্ভিদে রুট পকেট থাকে — কচুরিপানা।

### পদার্থবিদ্যা

৬। পেরেকের ওপর হাতুড়ি মারা কোন বলের উদাহরণ — ঘাত বলের।

৭। ইথানল থেকে ইথিলিন তৈরি করা হয় কোন পদ্ধতিতে - নির্জলীকরণ।

৮। একই পারমাণবিক সংখ্যাযুক্ত, কিন্তু বিভিন্ন ভর সংখ্যাবিশিষ্ট পরমাণুকে কী বলে — আইসোটোপ।

৯। প্রদীপের পলতেতে তেল কোন প্রক্রিয়ায় ওপরে ওঠে — কৈশিক প্রক্রিয়ায়।

১০। প্রত্যেক মৌলিক পদার্থের পরমাণুর সাধারণ উপাদান কী — ইলেক্ট্রন।

### রসায়ন

১১। গাড়ির ব্যাটারি তৈরির জন্য কোন অ্যাসিড লাগে — লঘু সালফিউরিক অ্যাসিড।

১২। পরীক্ষাগারে বিকারক রূপে কোন লবণ ব্যবহার করা হয় — সোডিয়াম কার্বনেট।

১৩। হাইড্রোজেন গ্যাস প্রস্তুতিতে কীরকম জিঙ্ক ব্যবহার করা হয় — বাণিজ্যিক জিঙ্কের ছিবড়া।

১৪। হিম-মিশ্র প্রস্তুতিতে সাধারণত কোন লবণ ব্যবহার করা হয় — সাধারণ লবণ।

১৫। কৃত্রিম বৃষ্টি সৃষ্টির জন্য বীজ হিসাবে যে পদার্থ ব্যবহার করা হয়, তার নাম কী — সিলভার আয়োডাইড।

## ইতিহাস

### ভারতের ইতিহাস

১৬। সারনাথ স্তম্ভ কে তৈরি করেছিলেন — অশোক।

১৭। দিল্লির আলাই দরওয়াজা কার আদেশে তৈরি হয় — আলা-উদ-দ্দীন খলজি।

১৮। কে ব্যঙ্গরচনা 'মত্তবিলাস' প্রহসন লিপিবদ্ধ করেন — পল্লবরাজ মহেন্দ্রবর্মন।

১৯। কে 'মহান' উপাধি লাভ করেছিলেন — প্রথম রাজরাজ চোল।

২০। শৈলেন্দ্র রাজবংশের কুলগুরু কে ছিলেন — কুমার ঘোষ।

### ভারতের স্বাধীনতা সংগ্রাম

২১। 'ক্যাবিনেট মিশন' কত সালে ভারতে আসে — ১৯৪৬ সালে।

২২। 'বঙ্গীয় প্রজাস্বত্ব আইন' কবে পাশ হয়েছিল — ১৮৮৫ সালে।

২৩। গদর পার্টি কোথায় তৈরি হয়েছিল — সানফ্রান্সিসকো।

২৪। 'হিন্দু কলেজ' এখন কী নামে পরিচিত — প্রেসিডেন্সি বিশ্ববিদ্যালয়।

২৫। প্রথম বয়কটের প্রস্তাব কে



দিয়েছিলেন — কৃষ্ণকুমার মিত্র।

## ভূগোল

### ভারতের ভূগোল

২৬। কোন শৈলশিরা পশ্চিমবঙ্গকে নেপাল থেকে আলাদা করেছে — সিঙ্গালিলা শৈলশিরা।

২৭। তিস্তা নদীর পূর্বদিকে অবস্থিত 'দূরবিন দারা পর্বত'এর উচ্চতা কত — ১,৮০০ মিটার।

২৮। মালদহ জেলার কালিন্দী নদীর দক্ষিণাংশের ভূমি কী নামে পরিচিত — দিয়ারা অঞ্চল।

২৯। যেসব ফসল বিক্রি করে কৃষকদের অর্থাগমের সুযোগ রয়েছে, তাদের কী জাতীয় ফসল বলে — অর্থকরী ফসল।

৩০। ২১ জুনের কর্কটক্রান্তি থেকে ২১ ডিসেম্বরের মকরক্রান্তি পর্যন্ত সময়ে সূর্যের দক্ষিণমুখী আপাত গতিকে কী বলে — দক্ষিণায়ন।

### আন্তর্জাতিক ভূগোল

৩১। বিশ্বের বৃহত্তম সমুদ্রগর্ভের তৈলখনি কোনটি — সাফানিয়া।

৩২। চিনের সর্বশ্রেষ্ঠ নগর কোনটি — সাংহাই।

৩৩। হেক্টর প্রতি ধান উৎপাদনে কোন দেশ পৃথিবীতে প্রথম স্থান অধিকার করে — জাপান।

৩৪। জাপানের বৃহত্তম কার্পাস বয়ন কেন্দ্র কোনটি — ওসাকা।

৩৫। কোন দেশকে 'প্রাচ্যের ব্রিটেন' বলে — জাপান।

## অর্থনীতি

৩৬। বিশেষভাবে সক্ষম মানুষদের ব্যাঙ্কিং, আর্থিক পরিষেবা ও বিমা ক্ষেত্রে চাকরি খুঁজে দেওয়ার লক্ষ্যে, তাঁদের প্রশিক্ষণ দেওয়ার জন্য 'মাইক্রোসফট' সম্প্রতি কোন ব্যাঙ্কের সঙ্গে অংশীদার হয়েছে — স্টেট ব্যাঙ্ক অফ ইন্ডিয়া।

৩৭। 'ইন্ডাসইন্ড ব্যাঙ্ক'এর ম্যানেজিং ডিরেক্টর ও চিফ এক্সিকিউটিভ অফিসার



পদে সম্প্রতি কে মনোনীত হলেন — সুমন্ত কাথপালিয়া।

## রাষ্ট্রনীতি

৩৮। সুপ্রিম কোর্ট কত নম্বর ধারা অনুসারে, লেখ জারির মাধ্যমে মৌলিক অধিকার বলবৎ করতে পারে — ৩২ নম্বর।

৩৯। রাজ্যসভার প্রথম বিরোধী দলনেতা কে — কমলাপতি ত্রিপাঠী।

৪০। সংবিধান প্রণেতাদের মানসিকতা ও আদর্শের প্রতিফলন কোথায় পাওয়া যায় — মুখবন্ধে।

৪১। পঞ্চায়েতিরাজ ব্যবস্থার সবথেকে নীচের স্তরটি কী — গ্রাম পঞ্চায়েত।

৪২। ইংল্যান্ডের শাসনব্যবস্থা কী ধরণের — এককেন্দ্রীক।

## সাম্প্রতিক ঘটনা

৪৩। ২০২০ সালে কে দিভা মিস ডিভা ইউনিভার্সের খেতাব জিতলেন — ম্যাঙ্গালোরের অ্যাডলিন কাস্তেলিনো (তিনি এবছর 'মিস ইউনিভার্স' প্রতিযোগিতায় ভারতের হয়ে প্রতিনিধিত্ব করবেন)।

৪৪। 'ন্যাশনাল ব্যাঙ্ক ফর অ্যাগ্রিকালচার অ্যান্ড রুরাল ডেভেলপমেন্ট'এর (NABARD) চেয়ারম্যান হিসাবে কে সম্প্রতি মনোনীত হলেন — চিন্তালা গোবিন্দা রাজুলু।

৪৫। 'কেন্দ্রীয় আবগারি দিবস' কবে পালিত হয় — ২৪ ফেব্রুয়ারি।

৪৬। সম্প্রতি লিও ভরদকার কোন



দেশের প্রধানমন্ত্রীর পদ থেকে ইস্তফা দিলেন — আয়ারল্যান্ড।

৪৭। 'নমস্তে ট্রাম্প' সম্প্রতি কোথায় অনুষ্ঠিত হয়েছে — মোতেরা স্টেডিয়াম, আহমেদাবাদ (গুজরাতের আহমেদাবাদ শহরে অবস্থিত 'মোতেরা স্টেডিয়াম' বিশ্বের সবথেকে বড় স্টেডিয়াম। আসন সংখ্যা ১ লাখ ১০ হাজার। এই স্টেডিয়ামটি উদ্বোধন করেন মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প)।

৪৮। 'রাষ্ট্রসঙ্ঘ'এর রিপোর্ট অনুযায়ী, 'চাইল্ড ফ্লোরিশিং ইনডেক্স'এ ভারতের স্থান কত — ১৩১ (১৮০টি দেশের মধ্যে এই তালিকায় প্রথম স্থানে রয়েছে নরওয়ে)।

৪৯। 'রাষ্ট্রসঙ্ঘ'এর রিপোর্ট অনুযায়ী, 'সাসটেইনেবিলিটি ইনডেক্স'এ ভারতের স্থান কত — ৭৭ (১৮০টি দেশের মধ্যে এই তালিকায় প্রথম স্থানে রয়েছে বুরুন্ডি)।

৫০। সম্প্রতি নয়াদিল্লিতে, 'জাতীয় জৈব খাদ্য উৎসব'এর উদ্বোধন করলেন কেন্দ্রীয় খাদ্য প্রক্রিয়াকরণ শিল্পমন্ত্রী হরসিমরত কাউর বাদল ও কেন্দ্রীয় মহিলা ও শিশু উন্নয়ন মন্ত্রী স্মৃতি ইরানি। এবছর এই উৎসবের থিম কী ছিল — 'আনলিয়াশিং ইন্ডিয়া'স অর্গ্যানিক মার্কেট পোটেনশিয়াল'।

৫১। কোন সংস্থা সম্প্রতি 'ডেলিভারিং রোড সেফটি ইন ইন্ডিয়া' নামে রিপোর্ট পেশ করেছে — বিশ্বব্যাঙ্ক।

৫২। 'এনএইচপিসি লিমিটেড'এর চেয়ারম্যান ও ম্যানেজিং ডিরেক্টর এখন কে — অভয় কুমার সিং।

৫৩। 'Death-An Inside Story : A book for all those who shall' বইটির লেখক কে — সাধগুরু।

৫৪। ছাত্রছাত্রীদের আর্থিক সাহায্য প্রদান করার জন্য ভারতের কোন রাজ্য সরকার সম্প্রতি 'জগন্না ভাত্তি দেবেনা' প্রকল্প চালু করেছে — আন্ধ্রা প্রদেশ।

৫৫। ফ্রান্সে, ভারতের নতুন রাষ্ট্রদূত কে মনোনীত হলেন — জাভেদ আশরাফ।

৫৬। 'গেইল ইন্ডিয়া লিমিটেড'এর চেয়ারম্যান ও ম্যানেজিং ডিরেক্টর পদে কে মনোনীত হলেন — মনোজ জৈন।

৫৭। 'ভূতত্ত্ব সর্বেক্ষণ' ও উত্তর প্রদেশের 'ডিরেক্টরেট অফ জিওলজি অ্যান্ড মাইনিং'এর আধিকারিকরা সম্প্রতি উত্তর প্রদেশের কোন জেলায় ২টি স্বর্ণভাণ্ডারের হদিশ পেয়েছেন — সোনভদ্র (এই ২টি স্বর্ণভাণ্ডারের প্রথমটি সোনপাহাড়িতে ও দ্বিতীয়টি হারদি এলাকায় অবস্থিত)।

৫৮। 'বিশ্ব চিন্তা দিবস' কবে পালিত হয় — ২২ ফেব্রুয়ারি (২০২০ সালে এর থিম ছিল 'লিভিং থ্রেডস')।

৫৯। চতুর্থবারের জন্য কে টোগোর প্রেসিডেন্ট পদে মনোনীত হলেন — ফউরে এসোজিমনা জিনাসিনঙবে এয়াদেমা।

৬০। দক্ষিণ সুদানের ভাইস প্রেসিডেন্ট হিসাবে সম্প্রতি কে শপথ নিলেন — রিক মাচার।

৬১। সম্প্রতি মাহাথির মুহাম্মদ কোন দেশের প্রধানমন্ত্রীর পদ থেকে পদত্যাগ করেছেন — মালয়েশিয়া।

৬২। ভারতীয় রেলওয়ের 'এলাহবাদ ডিভিশন'এর নাম বদল করে নতুন নাম কী রাখা হল — প্রয়াগরাজ ডিভিশন।

৬৩। ২০২০ সালে 'হুরুন গ্লোবাল ধনী তালিকা'য় কে শীর্ষ স্থান পেলেন — 'আমাজন'এর প্রতিষ্ঠাতা ও চিফ এক্সিকিউটিভ অফিসার জেফ বেজোস (তাঁর মোট সম্পদের পরিমাণ ১৪০ বিলিয়ন মার্কিন ডলার)।

৬৪। কে সম্প্রতি 'মুম্বই বিশ্ববিদ্যালয়'এর অ্যাডভাইসরি কাউন্সিলের চেয়ারম্যান হলেন — টাটা গ্রুপের চেয়ারম্যান এমেরিটাস রতন টাটা।

৬৫। ভারতের প্রথম কৃত্রিম বুদ্ধিমত্তা সম্মেলন কোন শহরে অনুষ্ঠিত হবে — নয়াদিল্লি (যার পোশাকি নাম 'রাইজ ২০২০ - রেসপন্সিবল এআই ফর সোশ্যাল এমপাওয়ারমেন্ট ২০২০'। এর থিম 'এআই ফর অল')।

৬৬। ২০১৯ সালে 'ওয়ার্ল্ডওয়াইড এডুকেটিং ফর দ্য ফিউচার ইনডেক্স'এ ভারতের স্থান কত — ৩৫ (এই রিপোর্টটি প্রকাশ করেছে 'দ্য ইকোনমিস্ট ইন্টেলিজেন্স ইউনিট')।

৬৭। কে সম্প্রতি স্লোভেনিয়ার প্রধানমন্ত্রী হিসাবে মনোনীত হলেন —



জানেজ জনসা।

৬৮। এই প্রথমবার কোন দেশের চিকিৎসকরা মস্তিষ্কের অ্যানিউরিজম চিকিৎসার অস্ত্রোপচারের জন্য রোবট ব্যবহার করেছেন — কানাডা।

৬৯। ভারতের প্রথম 'প্রোটিন দিবস' কবে পালিত হয়েছে — ২৭ ফেব্রুয়ারি।

## খেলাধূলা

৭০। এই প্রথমবার ভারতের কোন রাজ্যের কোন শহরে খেলো ইন্ডিয়া ইউনিভার্সিটি গেমস অনুষ্ঠিত হয়েছে — ওড়িশার কটক।

৭১। ২০২০ সালে 'এশীয় কুস্তি প্রতিযোগিতা'য় কে রুপোর পদক পেলেন — জিতেন্দ্র কুমার (কাজাখ-ই-স্তানের দানিয়ার কাইসানোভের কাছে ১-৩ ব্যবধানে হেরে)।

৭২। কোন রাশিয়ান মহিলা টেনিস তারকা সম্প্রতি টেনিস থেকে অবসরের সিদ্ধান্ত নিলেন — মারিয়া শারাপোভা।

৭৩। কোন ভারতীয় ব্যাডমিন্টন তারকা সম্প্রতি আন্ধ্রা প্রদেশ দুর্নীতি দমন হেল্পলাইনের প্রচারদূত হলেন — পুসারলা ভেঙ্কটা সিন্ধু।

৭৪। ২০২০ সালে 'এশিয়ান কুস্তি চ্যাম্পিয়নশিপ'এ ভারত ক'টি সোনার পদক পেয়েছে — ৫টি (ভারত মোট ২০টি পদক পেয়েছে। যার মধ্যে ৫টি সোনার পদক, ৬টি রুপোর পদক ও ৯টি ব্রঞ্জ পদক)।

৭৫। কে সম্প্রতি 'রোয়িং ফেডারেশন অফ ইন্ডিয়া'র প্রেসিডেন্ট হিসাবে



আবার মনোনীত হলেন — রাজলক্ষ্মী সিং দেও।

৭৬। কোন ২ দেশকে সম্প্রতি ব্রঞ্জ সদস্যপদ দিল 'এশিয়ান ফুটবল কনফেডারেশন' (AFC) — ভারত ও তুর্কমেন-ই-স্তান।

৭৭। ২০২২ সালে কোন দেশে কমনওয়েলথ শ্যুটিং ও তিরন্দাজি চ্যাম্পিয়নশিপ অনুষ্ঠিত হবে — ভারত।

৭৮। ২০২০ সালে 'দুবাই ওপেন টেনিস'এ মহিলাদের সিঙ্গলসে কে চ্যাম্পিয়ন হলেন — রোমানিয়ার সিমোনা হালেপ (কাজাখ-ই-স্তানের এলেনা রাইবাকিনাকে ৩-৬, ৬-৩ ও ৭-৬ ব্যবধানে হারিয়ে)।

৭৯। ২০২০ সালে 'মেক্সিকান ওপেন'এ পুরুষদের সিঙ্গলসে কে চ্যাম্পিয়ন হলেন — স্পেনের রাফায়েল নাদাল পেরেরা (মার্কিন যুক্তরাষ্ট্রের টেলর হ্যারি ফ্রিৎজকে ৬-৩ ও ৬-২ ব্যবধানে হারিয়ে)।

৮০। সম্প্রতি প্রয়াত যোগীন্দর সিং সাইনি (৯০ বছর) কোন ক্ষেত্রের সঙ্গে যুক্ত ছিলেন — অ্যাথলেটিক কোচ।

৮১। 'খেলো ইন্ডিয়া ইউনিভার্সিটি গেমস'এ মেয়েদের ১০০ মিটারে কে সম্প্রতি সোনার পদক পেলেন — ভারতের দ্রুততম মহিলা দ্যুতি চাঁদ ('কলিঙ্গ ইনস্টিটিউট অফ ইন্ডাস্ট্রিয়াল টেকনোলজি'র হয়ে ট্র্যাকে নেমে, ১১.৪৯ সেকেন্ড সময় নিয়ে, সোনার পদক পেলেন তিনি)।

সঙ্কলক : পলি দেওয়ান

**সর্বভারতীয় AIEEA-UG পরীক্ষার মাধ্যমে**

## অ্যাগ্রিকালচার, হর্টিকালচার, ফরেস্ট্রি, সেরিকালচারের আন্ডার গ্র্যাজুয়েট কোর্সে ভরতি

সারা ভারতের ৫৯টি অ্যাগ্রিকালচারাল ইউনিভার্সিটিতে অ্যাগ্রিকালচার, হর্টিকালচার, ফুড সায়েন্স, ফরেস্ট্রি, কমিউনিটি সায়েন্স, সেরিকালচার, ফুড নিউট্রিশন অ্যান্ড ডায়াটেটিক্সের বি.এসসি. অনার্স কোর্স আর অ্যাগ্রিকালচারাল ইঞ্জিনিয়ারিং, ডেয়ারি টেকনোলজি, ফুড টেকনোলজি, বায়ো-টেকনোলজির বি.টেক. কোর্সে ভরতির সর্বভারতীয় এন্ট্রান্স (AIEEA-UG-2020) পরীক্ষার জন্য দরখাস্ত নেওয়া শুরু হয়েছে। পরীক্ষা নেবে 'ন্যাশনাল টেস্টিং এজেন্সি'। কারা কোন কোর্সে ভরতির জন্য যোগ্য :

**অ্যাগ্রিকালচারের বি.এসসি. (অনার্স)** : পি.সি.বি./পি.সি.এম.বি./পি.সি.এম. বিষয় নিয়ে উচ্চমাধ্যমিক পাশরা যোগ্য।

**হর্টিকালচারের বি.এসসি. (অনার্স)** : পি.সি.বি./পি.সি.এম.বি./পি.সি.এম. বিষয় নিয়ে উচ্চমাধ্যমিক পাশরা যোগ্য।

**ফুড সায়েন্সের বি.এসসি / ফরেস্ট্রির বি.এসসি. (অনার্স)** : পি.সি.বি./পি.সি.এম.বি. বিষয় নিয়ে উচ্চমাধ্যমিক পাশরা যোগ্য।

**কমিউনিটি সায়েন্সের বি.এসসি. (অনার্স) / সেরিকালচারের বি.এসসি. (অনার্স) / ফুড নিউট্রেশন অ্যান্ড ডায়াটেটিক্সের বি.এসসি. (অনার্স)** : পি.সি.বি./পি.সি.এম.বি./পি.সি.এম. বিষয় নিয়ে উচ্চমাধ্যমিক পাশরা যোগ্য।

**অ্যাগ্রিকালচারাল ইঞ্জিনিয়ারিংয়ের বি.টেক. কোর্স** : পি.সি.এম.বি./পি.সি.এম. বিষয় নিয়ে উচ্চমাধ্যমিক পাশরা যোগ্য।

**ডেয়ারি টেকনোলজির বি.টেক. কোর্স / ফুড টেকনোলজির বি.টেক. কোর্স** : পি.সি.এম.বি./পি.সি.এম. বিষয় নিয়ে উচ্চমাধ্যমিক পাশরা যোগ্য।

**বায়ো-টেকনোলজির বি.টেক. কোর্স** : পি.সি.এম.বি./পি.সি.এম./পি.সি.বি. বিষয় নিয়ে উচ্চমাধ্যমিক পাশরা যোগ্য।

ওপরের সব ক্ষেত্রে বয়স হতে হবে ৩১-৮-২০২০'এর হিসাবে ন্যূনতম ১৬ বছর। উর্ধ্বতম বয়সের কোনো কড়াকড়ি নেই।

প্রার্থী বাছাই করবে 'ন্যাশনাল টেস্টিং এজেন্সি' 'ICAR-AIEEA (UG)-2020'এর মাধ্যমে। কম্পিউটার বেসড পরীক্ষা হবে ১ জুন। এইসব কেন্দ্রে : কলকাতা, শিলিগুড়ি, আসানসোল, দুর্গাপুর, হুগলি, বর্ধমান, হাওড়া, কল্যাণী, গ্যাংটক, আগরতলা। আড়াই ঘন্টার পরীক্ষা হবে বেলা সাড়ে ৯টা থেকে ১২টা পর্যন্ত। ১৫০ নম্বরের পরীক্ষা হবে। প্রতিটি বিষয়ে থাকবে ৫০ নম্বর করে। প্রতিটি প্রশ্নে থাকবে ৪ নম্বর। নেগেটিভ মার্কিং আছে। প্রতিটি প্রশ্নের ভুল উত্তরের জন্য প্রাপ্ত নম্বর থেকে ১ নম্বর কাটা হবে। ফিজিক্স, কেমিস্ট্রি, বায়োলজি, অ্যাগ্রিকালচার, অঙ্ক — এই ৫ বিষয়ের মধ্যে যে কোনো ৩টি বিষয়ের পরীক্ষা দিতে হবে।

অ্যাডমিট কার্ড ডাউনলোড করতে পারবেন ৮ মে থেকে। ফল বেরোবে ১৫ জুন।

দরখাস্ত করবেন অনলাইনে, ৩১ মার্চ পর্যন্ত। এই ওয়েবসাইটে : http://icar.nta.nic.in তখন পাসপোর্ট মাপের ফটো, সিগনেচার ও লেফট থাম্ব ইমপ্রেশন স্ক্যান করে নেবেন। এবার ওই ওয়েবসাইটে গিয়ে যাবতীয় তথ্য দিয়ে সাবমিট করলেই নাম রেজিস্ট্রেশন হয়ে যাবে। তখন ইউজার আই.ডি. ও পাসওয়ার্ড পাবেন। এবার পরীক্ষা ফী বাবদ ৭৫০ (তপশিলী, প্রতিবন্ধী হলে ৩৭৫) টাকা ডেবিট কার্ড বা, ক্রেডিট কার্ড বা, নেট ব্যাঙ্কিংয়ে জমা দিতে হবে। টাকা জমা দেওয়ার পর সিস্টেম জেনারেটেড অ্যাপ্লিকেশন ফর্ম প্রিন্ট করে নিজের কাছে রেখে দেবেন। আরো বিস্তারিত তথ্য পাবেন ওই ওয়েবসাইটে।

## ৯৩ পরিবেশ বন্ধু

১ পাতার পর

থাকা পাব্লিক টয়লেট পরিষ্কার করা, রাস্তার পশুর মল, ড্রেন, নালা ইত্যাদি পরিষ্কার করা সংক্রান্ত কাজ করতে হবে। ডোম পদের বেলায় রাস্তা, ড্রেন, নালা থেকে পশুর মৃতদেহ বহন করা সংক্রান্ত কাজ করতে হবে। বয়স হতে হবে ১-১-২০২০'র হিসাবে ১৮ থেকে ৪০ বছরের মধ্যে। তপশিলীরা ৫ বছর, ও.বি.সি.'রা ৩ বছর ও প্রতিবন্ধীরা যথারীতি বয়সে ছাড় পাবেন। শূন্যপদ : পরিবেশবন্ধু পদে ৯০টি (জেনাঃ ৩৯, জেনাঃ মেধাবী খেলোয়াড় ২, জেনাঃ প্রাঃসৈঃ ৪, জেনাঃ প্রতিবন্ধী ৩, তঃজাঃ ১৯, তঃজাঃ প্রাঃসৈঃ ২, তঃউঃজাঃ ৪, তঃউঃজাঃ প্রাঃসৈঃ ১, ও.বি.সি.-এ ক্যাটেগরি ৮, ও.বি.সি. এ ক্যাটেগরি প্রাঃসৈঃ ১, ও.বি.সি.-বি ক্যাটেগরি ৬, ও.বি.সি.- বি ক্যাটেগরি প্রাঃসৈঃ ১)।

ডোম পদের বেলায় ৩টি (জেনাঃ ২, তঃজাঃ ১)। এই পদের বিজ্ঞপ্তি নং : 12 of 2020.

প্রার্থী বাছাই করবে মিউনিসিপ্যাল সার্ভিস কমিশন। প্রথমে টেস্ট বা, ইন্টারভিউ হবে। তারপর ট্রেড টেস্ট। পরীক্ষা সংক্রান্ত বিস্তারিত তথ্য পাবেন এই ওয়েবসাইটে : www.mscwb.org

দরখাস্ত করবেন অনলাইনে, ১৫ এপ্রিলের মধ্যে। এই ওয়েবসাইটে : www.mscwb.org এজন্য বৈধ একটি ই-মেল আই.ডি. থাকতে হবে। প্রথমে ওপরের ওই ওয়েবসাইটে গিয়ে যাবতীয় তথ্য দেওয়ার পর সাবমিট করলেই নাম রেজিস্ট্রেশন হয়ে যাবে। তখন পরীক্ষা ফী বাবদ ২২০ (তপশিলী, প্রতিবন্ধী হলে ৭০) টাকা জমা দেবেন চালানের মাধ্যমে, ইউনাইটেড ব্যাঙ্ক অফ ইন্ডিয়ার যে কোনো শাখায় এই অ্যাকাউন্ট নম্বরে : 0088010367936. টাকা জমা দেবেন ১৬ এপ্রিলের মধ্যে। সব শেষে সিস্টেম জেনারেটেড অ্যাপ্লিকেশন ফর্ম প্রিন্ট করে নেবেন। আরো বিস্তারিত তথ্য পাবেন ওই ওয়েবসাইটে।

## পঞ্চম থেকে দ্বাদশ শ্রেণি পর্যন্ত

১ পাতার পর

যাঁরা লিখিত পরীক্ষায় পাশ করেননি। এমন অভিযোগের ভিত্তিতে গত বছর ৯ অক্টোবর ওই তালিকার ওপর স্থগিতাদেশ জারি করে হাই কোর্ট।

অন্যদিকে, রাজ্য শিক্ষা দফতর উচ্চ প্রাথমিক, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক স্কুলে শিক্ষক-শিক্ষিকা নিয়োগের নতুন বিধি প্রকাশ করেছে। সেখানে নতুন নিয়মে 'টেট' / প্রিলিমিনারি টেস্ট (পি.টি.) সংক্রান্ত বিষয় প্রকাশ করা হয়। ওই নিয়মবিধিতে বলা হয়, উচ্চপ্রাথমিক, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক — এই ৩ ক্ষেত্রের শিক্ষক পদের বেলায় প্রার্থী বাছাইয়ের জন্য প্রথমে 'টেট' / প্রিলিমিনারি টেস্ট (পি.টি.) হবে। এন.সি.টি.ই.'র নিয়মানুযায়ী উচ্চপ্রাথমিকের বেলায় প্রথমে ১৫০ নম্বরের 'টেট' আর মাধ্যমিক (নবম ও দশম) ও উচ্চমাধ্যমিক (একাদশ ও দ্বাদশ)'এর বেলায় ১৫০ নম্বরের প্রিলিমিনারি টেস্ট (পি.টি.) হবে। উত্তর দিতে হবে ও.এম.আর. শীটে এম.সি.কিউ. ভিত্তিতে। এই পরীক্ষায় নির্দিষ্ট কাট অফ নম্বর পেলে সফল হবেন। 'টেট' বা, 'পি.টি.' পরীক্ষায় ১৫০ নম্বরের পরীক্ষার ওয়েটেজ ধরা হবে ১০০ নম্বরের হিসাব করে। এরপর হবে ২০০ নম্বরের মেইন পরীক্ষা। এই পরীক্ষায় থাকবে এইসব বিষয় : (১) ইংরিজি কম্পোজিশন ও কমপ্রিহেনশন - ৫০ নম্বরের ৫০টি প্রশ্ন, ভাষা পেপার (বাংলা/উর্দু/নেপালী) - ৫০ নম্বরের ৫০টি প্রশ্ন। (২) সংশ্লিষ্ট বিষয়ের ওপর ১০০ নম্বরের ১০০টি প্রশ্ন।

স্কুল শিক্ষা দফতর সূত্রে জানা যায়, মেন পরীক্ষার প্রশ্ন হবে ডেসক্রিপ্টিভ টাইপের। এক বা, একাধিক বাক্যে উত্তর লিখতে হবে অর্থাৎ, স্কুল পর্যায়ের পরীক্ষায় যেমন, ১/২/বেশি নম্বরের উত্তর দিতে হয়, তেমনভাবে উত্তর দিতে হবে। মেইন পরীক্ষায় সফল হলেই মেধা তালিকা তৈরি হবে। মেধা তালিকা তৈরির সময় 'টেট' বা, 'পি.টি.' পরীক্ষায় পাওয়া নম্বর দেখা হবে না। কোনো ইন্টারভিউ বা, কাউন্সেলিং পদ্ধতি থাকবে না। এছাড়াও এবার থেকে নম্বরের কোনো বিভাজন থাকছে না। থাকছে না বি.এড.'এর জন্য আলাদা কোনো নম্বর। স্কুল শিক্ষা দফতর সূত্রে জানা গেছে, নতুন নিয়মে 'টেট' পরীক্ষার বিজ্ঞপ্তি খুব শিগগিরই বেরোচ্ছে।


হাবড়া ও অশোকনগর
ভর্তি চলছে
SSC-TET
(TET + SUBJECT)
Primary TET, Combined
WBCS, Rail, Police
নবোদয় বিদ্যালয়ে ভর্তির কোচিং
9134685184
9153062209

স্কুল সার্ভিসের সেরা প্রতিষ্ঠান
সাকসেস সেন্টার
বনগাঁ ও মধ্যমগ্রাম
ভর্তি চলছে
স্কুল সার্ভিস-TET
প্রাইমারি-TET
WBCS, Rail, Combined
মধ্যমগ্রাম : 8337000900
বনগাঁ : 8337000600

SLST + TET
নতুন নিয়ম অনুসারে
TET + কম্পালসারি বাংলা ও ইংলিশ
V-XII (সমস্ত বিষয়) ও এডুকেশন, বাংলা, Bio-SC, ইতিহাস, কর্মশিক্ষা, EVS, Primary TET, ভূগোল, সংস্কৃত, পোস্টাল কোচিংয়ের ব্যবস্থা আছে।
গড়িয়া স্টেশন
9831274056

সরকারি চাকরির নির্ভরযোগ্য প্রতিষ্ঠান
BAA
বারাসাত অ্যাকাডেমিক অ্যাসোসিয়েশন
ছায়ানীড় অ্যাপার্টমেন্ট, ৮৬/বি, পাইওনিয়ার পার্ক, বারাসাত, কল-১২৪ (জ্যোতি সুইটস, হেলাবটতলা এর কাছে)
HO : Academic Association, 53/6 College Street (College Square), Kol- 73.
ভর্তি চলছে
• স্কুল সার্ভিস TET
5 মাসের কোর্স। ফী 6,000 টাকা। ক্লাস শুরু 1 এপ্রিল।
সপ্তাহে 2 দিন ক্লাস। 10 টি মক টেস্ট ও নোটস।
• প্রাইমারি TET
• General Combined
(গ্রুপ 'ডি', ক্লার্ক, ফুড ইন্সপেক্টর, কৃষি প্রযুক্তি, রেল গ্রুপ 'ডি', NTPC)
• Police (Constable / SI)
WBCS 2021
(Preli & Mains)
22 মার্চ Demo Class করে ভর্তি হতে পারেন
WBCS 2020
(Mains + Interview)
Mains ব্যাচের ক্লাস শুরু হয়েছে 1 মার্চ
WBCS-20 Mains Mock Test
মক টেস্ট শুরু 29 March • 20 টি মক টেস্ট • সমাধান-সহ অঙ্ক, জি.আই. মক টেস্ট • CA রাউন্ড আপ এবং প্রচুর MCQ • 40 টি ক্লাসটেস্টের সংকলন • S & T, EVS এবং GK-এর কোয়েশ্চন ব্যাঙ্ক • বই আকারে জেনারেল সায়েন্স - S & T এবং EVS- এর সম্পূর্ণ নোটস সাথে প্রচুর MCQ
আমাদের বৈশিষ্ট্য
ক্লাস হয় শনি ও রবিবার • একঝাঁক তরুণ WBCS অফিসার (WBCS Executive Officer, DSP, Revenue Officer, Customs Officer-সহ অন্যান্য অফিসার) দ্বারা ক্লাস • নিয়মিত ক্লাস টেস্ট ও মকটেস্ট • Success না পাওয়া পর্যন্ত ক্লাস করার সুযোগ • ভর্তির আগে Demo ক্লাস করে ভর্তি হতে পারেন • ক্লাসগুলি হয় লেশন প্ল্যান অনুযায়ী সায়েন্টিফিক পদ্ধতিতে • পোস্টাল Notes পাওয়া যায়।
যারা সদ্য গ্র্যাজুয়েট হয়েছো, তাদের স্বপ্ন যদি WBCS হয়, তাহলে আর সময় নষ্ট না করে এখানে কাউন্সেলিংয়ের জন্য আসুন।
যেকোনো সরকারি চাকরির মক ইন্টারভিউ-এর ব্যবস্থা আছে।
অভিজ্ঞ ডব্লুবিসিএস অফিসার ও ইন্টারভিউ এক্সপার্ট দ্বারা সরাসরি ইন্টারভিউ ও বিগত ইন্টারভিউয়ের সম্ভাব্য প্রশ্ন সহ
Help Line : 9073345862, 9073587432, 9432544262


WhatsApp Group
STUDY_MATERIALS_LINK
PSC_GROUP D_RAIL
TARGET__WBTET
TET__পর্যালোচনা
GK+GI+GS+CA

## সাম্প্রতিক ঘটনাপ্রবাহ এক নজরে

গত সপ্তাহের পর

২৪ ফেব্রুয়ারি : ম্যাচ গড়াপেটায় অভিযুক্ত ওমান ক্রিকেটার ইউসুফ বালুশিকে ৭ বছর নির্বাসিত করল 'ইন্টারন্যাশনাল ক্রিকেট কাউন্সিল'।

☐ ২০২২ সালে কমনওয়েলথ শ্যুটিং ও তিরন্দাজি চ্যাম্পিয়নশিপ ভারতে অনুষ্ঠিত হবে বলে ঘোষণা করল 'কমনওয়েলথ গেমস ফেডারেশন' (CGF)। জানুয়ারিতে, চণ্ডীগড়ে হবে এই দুই প্রতিযোগিতা। এই প্রতিযোগিতায় প্রাপ্ত পদক ২০২২ সালের কমনওলেথ গেমসে অন্তর্ভুক্ত হবে বলে জানানো হয়েছে।

২৫ ফেব্রুয়ারি : চতুর্থবারের জন্য টোগোর প্রেসিডেন্ট হলেন ফউরে এসোজিমনা জিনাসিনগবে এয়াদেমা।

☐ 'মুম্বই বিশ্ববিদ্যালয়'এর অ্যাডভাইসরি কাউন্সিলের চেয়ারম্যান হলেন টাটা গ্রুপের চেয়ারম্যান এমেরিটাস রতন টাটা।

☐ মারা গেলেন বিশ্বের প্রবীণতম পুরুষ জাপানের চিতেতসু ওয়াতানাবে (১১২ বছর)। এবছর ১২ ফেব্রুয়ারি তাঁকে বিশ্বের প্রবীণতম পুরুষের শংসাপত্র দিয়েছিল 'গিনেস ওয়ার্ল্ড রেকর্ডস'। ১৯০৭ সালের ৫ মার্চ জাপানের উত্তর টোকিওর নিগাতায় জন্ম নিয়েছিলেন তিনি। ১৮ বছর তিনি তাইওয়ানে কাজ করেছেন।



মারা গেলেন মিশরের প্রাক্তন প্রেসিডেন্ট মুহাম্মদ হোসনি এল সঈদ মুবারক (৯১ বছর)। ১৯৮১ সাল থেকে ২০১১ সাল পর্যন্ত দেশটির প্রেসিডেন্ট ছিলেন তিনি। ৩০ বছর ক্ষমতায় থাকার পর ২০১১ সালে গণ অভ্যুত্থানের জেরে ক্ষমতাচ্যুত হয়েছিলেন তিনি। তারপর থেকে কারাবন্দি ছিলেন। তবে বেশিরভাগ অভিযোগই প্রমাণিত না হওয়ায় ২০১৭ সালে তাঁকে মুক্তি দেওয়া হয়।

☐ এই প্রথমবার মস্তিষ্কের অ্যানিউরিজম চিকিৎসার অস্ত্রোপচারের জন্য রোবট ব্যবহার করলেন কানাডিয়ান চিকিৎসকরা। এই রোগে মস্তিষ্কের মধ্যে রক্তনালী ফেটে যায়। অত্যধিক ধূমপান অথবা উচ্চ রক্তচাপজনিত কারণে এই রোগটি বেশি হয়ে থাকে। এই রোগের লক্ষণ হল, হঠাৎ করে প্রচণ্ড মাথা ব্যথা। ৬৪ বছর বয়সি এক মহিলা রোগীর ওপর এই অস্ত্রোপচার করা হয়েছিল।

☐ মালয়েশিয়ার প্রধানমন্ত্রীর পদ থেকে ইস্তফা দিলেন মাহাথির মুহাম্মদ। ২৪ ফেব্রুয়ারি, দেশটির রাজা সুলতান আবদুল্লাহ সুলতান আহমদ শাহের কাছে পদত্যাগপত্র জমা দিয়েছিলেন তিনি।

২৬ ফেব্রুয়ারি : ভারতীয় বংশোদ্ভূত মহিলা হিসাবে ব্রিটেনের প্রথম অ্যাটর্নি জেনারেলের পদে শপথ নিলেন সুয়েলা ব্রাভেরমান।

☐ স্লোভেনিয়ার প্রধানমন্ত্রী হিসাবে মনোনীত হলেন জানেজ জনসা।

☐ ফ্রান্সে, ভারতের নতুন রাষ্ট্রদূত হলেন জাভেদ আশরাফ।

☐ 'মাস্টারকার্ড'এর চিফ এক্সিকিউটিভ অফিসার হচ্ছেন মাইকেল মিয়েব্যাচ।

☐ অন্ধ্র প্রদেশ দুর্নীতি দমন হেল্পলাইনের প্রচারদূত হলেন ভারতীয় ব্যাডমিন্টন তারকা পুসারলা ভেঙ্কটা সিন্ধু। সম্প্রতি অন্ধ্র প্রদেশ সরকার দুর্নীতি দমন টোল ফ্রি হেল্পলাইন নম্বর (১৪৪০০) চালু করেছে।



টেনিস থেকে অবসরের সিদ্ধান্ত নিলেন রাশিয়ান মহাতারকা মারিয়া শারাপোভা। ৩২ বছর বয়সি শারাপোভা কেরিয়ারে ৫টি গ্র্যান্ডস্ল্যাম জিতেছেন। তার মধ্যে রয়েছে ২০০৪ সালে টিনএজার হিসাবে উইম্বলডন জয়। ২০১৬ সালে ডোপ টেস্টে ব্যর্থ হয়ে টেনিস থেকে ২ বছরের জন্য নির্বাসিত হয়েছিলেন তিনি।

☐ মূলত নিম্নমানের স্টেডিয়ামের কারণে, আন্তর্জাতিক ফুটবল ম্যাচ আয়োজনে জিম্বাবোয়ের ওপর নিষেধাজ্ঞা জারি করল 'কনফেডারেশন অফ আফ্রিকান ফুটবল'।

☞ এরপর ১৩ পাতায়

## কমন পেতে জরুরি তথ্য

**প্রত্যেক সপ্তাহে বিশ্বে এমন অনেক ঘটনা ঘটে, যা চাকরির পরীক্ষায় সাম্প্রতিক ঘটনার প্রশ্ন হিসাবে আসে। কিন্তু কোন ঘটনা কমন আসবেই তা বুঝতে কালঘাম ছুটে যায়। তারই হদিশ দিতে চলছে এই নতুন বিভাগ।**



# ভারতীয় রেল

ভারতীয় রেল বিশ্বের বৃহত্তম ও ব্যস্ততম রেল পরিবহণ ব্যবস্থাগুলির অন্যতম। ভারতের সবথেকে গুরুত্বপূর্ণ গণপরিবহণ ব্যবস্থা হল রেলপথ। ভারতীয় রেল কোনো বেসরকারি সংস্থা নয়। এটি ভারত সরকারের রেল মন্ত্রকের মাধ্যমে অধিগৃহীত ও পরিচালিত একটি বিভাগীয় সংস্থা। একনজরে ভারতীয় রেল সম্পর্কিত গুরুত্বপূর্ণ তথ্য।

* বিশ্বের চতুর্থ বৃহত্তম (মার্কিন যুক্তরাষ্ট্র, রাশিয়া ও চিনের পর) রেল নেটওয়ার্ক সম্পন্ন দেশ হল ভারত। ভারতে প্রায় ৬৪,০০০ কিলোমিটার রেলপথ রয়েছে।
* ভারতের মাটিতে প্রথম ট্রেন চলেছিল ১৮৫৩ সালের ১৬ এপ্রিল বম্বে থেকে থানের মধ্যে।
* ব্রিটিশরা নয়, ভারতের প্রথম রেলপথটি তৈরি করেছিলেন দুই ভারতীয় জামসেটজি জিজিভোয় ও জগনাথ শুঙ্কারশেঠ।
* ভারতীয় রেলের নিজস্ব ম্যাসকট হল একটি রক্ষক হাতি, যার নাম 'ভোলু'। এটির নকশা তৈরি করেছে 'ন্যাশনাল ইনস্টিটিউট অফ ডিজাইন'। ম্যাসকটটির উন্মোচন করা হয় ২০০২ সালের ১৬ এপ্রিল।
* ১৯৮৬ সালে, নয়াদিল্লিতে, ভারতে প্রথমবার কম্পিউটারাইজড যাত্রীবাহী সংরক্ষণ ব্যবস্থা চালু হয়েছিল।
* বিশ্বের বৃহত্তম রুট রিলে ইন্টারলকিং সিস্টেম থাকার জন্য, নয়াদিল্লি রেলওয়ে স্টেশন 'গিনেস বুক অফ রেকর্ডস'এ জায়গা করে নিয়েছে।
* ভারতীয় রেল প্রতিদিন প্রায় ২৫ মিলিয়নেরও বেশি যাত্রী বহন করে।
* ভারতীয় রেলে প্রায় ১.৪ মিলিয়ন মানুষ কাজ করে থাকেন।
* ভারতে প্রথম যাত্রীবাহী ট্রেন চলেছিল ১৮৫৪ সালের ১৫ আগস্ট, হাওড়া থেকে হুগলি পর্যন্ত।
* ভারতে প্রথম বৈদ্যুতিক যাত্রীবাহী ট্রেন চলেছিল ১৯২৫ সালের ৩ ফেব্রুয়ারি, বম্বে ভিক্টোরিয়া টার্মিনাস ও কুর্লার মধ্যে ১,৫০০ ভি ডিসি ওভারহেড ট্র্যাকশনে।
* ভারতের প্রথম বেসরকারি ট্রেন হল 'তেজস এক্সপ্রেস', যা লখনৌ-নয়াদিল্লি রুটে চলাচল করে।
* ভারতের প্রথম সেমি হাই-স্পিড ট্রেন হল 'গতিমান এক্সপ্রেস', যা দিল্লি ও আগ্রার মধ্যে চলাচল করে। এর শীর্ষ গতিবেগ ১৬০ কিলোমিটার/ঘণ্টা।
* ভারতের প্রথম ইঞ্জিন বিহীন সেমি হাই-স্পিড ট্রেন হল 'ট্রেন ১৮'।
* ভারতের প্রথম সমুদ্র সেতু হল 'পাম্বান সেতু'।
* প্রথম ভূগর্ভস্থ রেলওয়ে স্টেশন ১৯৮৪ সালে কলকাতায় তৈরি হয়েছিল।
* ভোপাল শতাব্দী এক্সপ্রেস হল ভারতের দ্রুততম ট্রেন, যা নয়াদিল্লি ও ভোপাল জংশনের মধ্যে চলাচল করে। ট্রেনটির শীর্ষ গতিবেগ ১৫০ কিলোমিটার/ঘণ্টা
* মেট্টুপালিয়াম উটি নীলগিরি যাত্রীবাহী ট্রেন হল ভারতের সবথেকে ধীরগতির ট্রেন। ট্রেনটি ১০ কিলোমিটার/ঘণ্টা বেগে চলে।
* 'ভেঙ্কটানরসিমহরাজুভারিপেতা' (অন্ধ্র প্রদেশ) রেলওয়ে স্টেশন হল ভারতীয় রেলওয়ে ব্যবস্থার সব স্টেশনের মধ্যে দীর্ঘতম নাম।
* ওড়িশার 'ইব' রেলওয়ে স্টেশন হল ভারতীয় রেলওয়ে ব্যবস্থার সব স্টেশনের মধ্যে সংক্ষিপ্ত নাম।
* 'ডিব্রুগড় কন্যাকুমারী বিবেক এক্সপ্রেস' হল ভারতীয় উপমহাদেশের দীর্ঘতম ট্রেন রুট।
* 'মুঘলসরাই জংশন রেলওয়ে স্টেশন' এশিয়ার বৃহত্তম রেল মার্শালিং ইয়ার্ড ধারণ করে।
* অসমের গুয়াহাটিতে, ব্রহ্মপুত্র নদের ওপরে তৈরি 'সরাইঘাট সেতু' (১,৪৯২ মিটার) হল প্রথম রেল-কাম-রোড সেতু।
* উত্তর প্রদেশের গোরক্ষপুর জংশন রেলওয়ে স্টেশনে, বিশ্বের দীর্ঘতম রেলওয়ে প্ল্যাটফর্ম রয়েছে, যার দৈর্ঘ্য ১,৩৬৬.৩৩ মিটার।
* নয়াদিল্লি ও রাজস্থানের আলওয়ারের মধ্যে চলাচলকারী 'ফেয়ারি কুইন' হল বিশ্বের সর্বাধিক প্রাচীনতম কার্যক্ষম স্টিম ইঞ্জিন।
* ত্রিবান্দ্রম-নিজামুদ্দিন রাজধানী এক্সপ্রেস হল ভারতের দীর্ঘতম 'নন-স্টপ' ট্রেন। এটি কোনো হল্ট ছাড়াই ভাদোদরা ও কোটার মধ্যে সাড়ে ৬ ঘণ্টায় ৫২৮ কিলোমিটার দূরত্ব যায়।
* হাওড়া-অমৃতসর এক্সপ্রেসের ১১৫টি স্টপ রয়েছে, যা এক্সপ্রেস ট্রেনের সর্বোচ্চ স্টপ থাকার রেকর্ড।
* মুম্বই-থানে রুটে 'ডাপুরি ভায়াডাক্ট' (১৮৫৪ সাল) হল ভারতের প্রথম রেলওয়ে সেতু।
* নীলগিরি মাউন্টেন রেলওয়ে একটি একক ট্র্যাক আর একমাত্র র‍্যাক ও পিনিয়ন রেল সিস্টেম ভারতে কাজ করে।
* মুম্বইয়ের 'ছত্রপতি শিবাজী টার্মিনাস' ভারতের সবথেকে সুন্দর রেলস্টেশন হিসাবে বিবেচিত হয়েছে।
* 'মহারাজা এক্সপ্রেস' হল ভারতের সবথেকে ব্যয়বহুল ও বিলাসবহুল ট্রেন।
* ট্রেনের ফ্রিকোয়েন্সি (৯৭৪) বিবেচনায়, ভারতের সবথেকে ব্যস্ততম রেলস্টেশন হল হাওড়া।
* দার্জিলিং হিমালয়ান রেলওয়ের 'ঘুম' রেলওয়ে স্টেশন হল ভারতের সর্বোচ্চ রেলস্টেশন। এটি ২,২৫৮ মিটার (৭,৪০৭ ফুট) উচ্চতায় অবস্থিত।
* কেরালার ভেম্বানাদ রেল সেতু হল ভারতের দীর্ঘতম রেল সেতু। যার মোট দৈর্ঘ্য ৪.৬২ কিলোমিটার।
* থানের কাছে 'পারসিক টানেল' হল ভারতের প্রথম রেল টানেল।
* মধ্য হিমালয়ের পীর পঞ্জাল রেলওয়ে টানেল হল ভারতের দীর্ঘতম রেলওয়ে টানেল। যার দৈর্ঘ্য ১১.২১৫ কিলোমিটার।
* কোঙ্কন রেলপথ ট্রেন রুটটি হল ভারতীয় রেলপথের সবথেকে সুন্দর ট্রেন রুট।
* মুম্বই সাবারবান রেলওয়ে হল এশিয়ার প্রাচীনতম রেলপথ।
* দিল্লি মেট্রো হল ভারতের প্রথম আধুনিক মেট্রো ও সর্বাধিক উন্নত প্রযুক্তির সুবিধা রয়েছে এখানে।
* দিল্লির রেল জাদুঘরটি এশিয়ার বৃহত্তম।
* এর্নাকুলাম নিজামুদ্দিন দুরন্ত হল ভারতীয় রেলের সবথেকে দীর্ঘ গতিসম্পন্ন দুরন্ত এক্সপ্রেস। এটির গতিবেগ ৬০ কিলোমিটার/ঘণ্টা।
* আহমেদাবাদ মুম্বই সেন্ট্রাল ডাবল ডেকার এক্সপ্রেস হল ভারতের প্রথম ডাবল ডেকার ট্রেন।
* রেড রিবন এক্সপ্রেস হল ভারতীয় রেলের এইডস/এইচআইভি সচেতনতামূলক প্রচার ট্রেন। ১ ডিসেম্বর 'বিশ্ব এইডস দিবস' উপলক্ষ্যে, ২০০৭ সালে এই ট্রেন চালু হয়েছিল।
* অন্ধ্র প্রদেশের তাদিপত্রি রেলওয়ে স্টেশন থেকে চালু হয়েছে ভারতের প্রথম ফল ট্রেন। ৯৮০ মেট্রিক টন স্থানীয় কলা নিয়ে এই ট্রেন যাবে মুম্বই আর সেখান থেকে তা বিদেশে রফতানি করা হবে।
* 'সমঝোতা এক্সপ্রেস' ছিল ভারতের প্রথম আন্তর্জাতিক সীমান্ত ট্রেন।
* ট্রেনে প্রথম শৌচাগার চালু হয়েছিল ১৮৯১ সালে (প্রথম শ্রেণিতে) ও ১৯০৭ সালে (নিম্ন শ্রেণিতে)।
* মথুরা জংশন থেকে সবথেকে বেশি রুট বেরিয়েছে (৭টি)।
* নাগপুরে একটি ডায়মন্ড ক্রসিং আছে, যেখান থেকে সব ট্রেন উত্তর, পূর্ব, পশ্চিম ও দক্ষিণে যেতে পারে।
* ভারতের মোট ৬টি রেল জাদুঘর আছে। এগুলি হল — (১) চেন্নাই রেল জাদুঘর, চেন্নাই (২) যোশী'স মিউজিয়াম অফ মিনিয়েচার রেলওয়ে, পুণে (৩) জাতীয় রেল জাদুঘর, নয়াদিল্লি (৪) রেলওয়ে হেরিটেজ সেন্টার, তিরুচিরাপল্লী (৫) রেলওয়ে জাদুঘর, মাইসোর (৬) রেওয়ারি রেলওয়ে হেরিটেজ জাদুঘর।
* ২০০০ সালে ভারতের প্রথম মহিলা হিসাবে রেলমন্ত্রী হয়েছিলেন মমতা বন্দ্যোপাধ্যায়।



WhatsApp Group
STUDY_MATERIALS_LINK
PSC_GROUP D_RAIL
TARGET__WBTET
TET__পর্যালোচনা
GK+GI+GS+CA

১২ পাতার পর



২০২০ সালে 'হুরুন গ্লোবাল ধনী তালিকা' প্রকাশিত হল। এই নিয়ে ৩ বার এই তালিকায় শীর্ষ স্থানে রয়েছেন 'আমাজন'এর প্রতিষ্ঠাতা ও চিফ এক্সিকিউটিভ অফিসার জেফ বেজোস। তাঁর মোট সম্পদের পরিমাণ ১৪০ বিলিয়ন মার্কিন ডলার। এই তালিকায় বিশ্বের নবম ধনী ব্যক্তির তালিকায় স্থান পেয়েছেন রিলায়েন্স ইন্ডাস্ট্রিজের চেয়ারম্যান মুকেশ আম্বানি। তাঁর মোট সম্পদের পরিমাণ ৬৭ বিলিয়ন মার্কিন ডলার। তিনিই একমাত্র ভারতীয় ও এশিয়ান, যিনি শীর্ষ ১০ জনের মধ্যে স্থান পেয়েছেন।

**২৭ ফেব্রুয়ারি :** 'অ্যাক্সিস ব্যাঙ্ক'এর চিফ ফিনান্সিয়াল অফিসার হলেন পুনিত শর্মা।

□ ভেনেজুয়েলায়, ভারতের রাষ্ট্রদূত হলেন অভিষেক সিং।

□ বাণিজ্য মন্ত্রকের দেওয়া তথ্য অনুযায়ী, চিনকে ছাপিয়ে গিয়ে ২০১৮-'১৯ সালে ভারতের সবথেকে ভালো বাণিজ্য অংশীদার দেশে পরিণত হল মার্কিন যুক্তরাষ্ট্র। ২০১৮-'১৯ সালে ভারত ও মার্কিন যুক্তরাষ্ট্রের দ্বিপাক্ষিক বাণিজ্য দাঁড়িয়েছে ৮৭.৯৫ বিলিয়ন ডলারে। অন্যদিকে, একই বছরে চিনের সঙ্গে ভারতের বাণিজ্য দাঁড়িয়েছে ৮৭.০৭ বিলিয়ন ডলারে। ২০১৯-'২০ সালের এপ্রিল থেকে ডিসেম্বরের মধ্যে ভারত ও মার্কিন যুক্তরাষ্ট্রের মধ্যে দ্বিপাক্ষিক বাণিজ্য দাঁড়িয়েছে ৬৮ বিলিয়ন ডলার ও চিনের সঙ্গে ৬৪.৯৬ বিলিয়ন ডলার।

□ ১১ ও ১২ এপ্রিল নয়াদিল্লিতে অনুষ্ঠিত হতে চলেছে ভারতের প্রথম কৃত্রিম বুদ্ধিমত্তা সম্মেলন। যার পোশাকি নাম 'রাইজ ২০২০ - রেসপন্সিবল এআই ফর সোশ্যাল এমপাওয়ারমেন্ট ২০২০'। এর থিম 'এআই ফর অল'। এটি উদ্বোধন করবেন প্রধানমন্ত্রী নরেন্দ্র দামোদরদাস মোদী। ইলেক্ট্রনিক্স ও তথ্য প্রযুক্তি মন্ত্রকের সঙ্গে এই অনুষ্ঠানের আয়োজন করবে কেন্দ্রীয় সরকার।

□ একটি চাঁদ তো ছিলই। এবার দ্বিতীয় চাঁদ তথা 'মিনি মুন'এর খোঁজ পেলেন ক্যাটালিনা স্কাই সার্ভের ২ জ্যোতির্বিজ্ঞানী ক্যাসপার ওয়েরজকোস ও থিওডোর প্রুনে। এটির নাম দেওয়া হয়েছে '২০২০ সিডি৩'। ১৫ ফেব্রুয়ারি রাতে উজ্জ্বল এক বস্তুকে পৃথিবীর দিকে ছুটে আসতে দেখে চমকে উঠেছিলেন বিজ্ঞানীরা। অবজারভেটরি থেকে মহাশূন্যে চোখ রেখে বসেছিলেন তাঁরা। তখনই দেখা মেলে তার। বিজ্ঞানী ক্যাসপার জানিয়েছেন, 'মিনি মুন' কোনো গ্রহ বা, নক্ষত্র নয়। এটি আসলে ধূমকেতু থেকে ছিটকে যাওয়া অংশবিশেষ। পৃথিবীর পাশ দিয়ে যাওয়ার সময় অভিকর্ষজ বলের টানে আকৃষ্ট হয়ে চলে এসেছে।

□ 'সর্বভারতীয় ফুটবল ফেডারেশন'ও 'তুর্কমেন-ই-স্তান ফুটবল ফেডারেশন'কে ব্রঞ্জ সদস্যপদ দিল 'এশিয়ান ফুটবল কনফেডারেশন' (AFC)। ফলে ভারত ও তুর্কমেন-ই-স্তানের সাফল্যের মুকুটে যোগ হল নতুন পালক।

**২৮ ফেব্রুয়ারি :** হৃদরোগে আক্রান্ত হয়ে মারা গেলেন ভারতের প্রাক্তন হকি খেলোয়াড় বলবীর সিং কুল্লার (৭৭ বছর)। ১৯৬৮ সালে মেক্সিকো অলিম্পিকে ব্রঞ্জ পদকজয়ী ভারতীয় দলের সদস্য ছিলেন তিনি। ১৯৬৩ সালে জাতীয় দলে অভিষেক হয় তাঁর। ১৯৬৬ সালে ব্যাঙ্কক এশিয়াডে সোনার পদকজয়ী দলেরও সদস্য ছিলেন তিনি।

□ দেশীয় প্রজাতির গবাদি পশু সংরক্ষণের জন্য জিনগত অধ্যয়ন করার সিদ্ধান্ত নিল মহারাষ্ট্র সরকার। এই পদক্ষেপটির লক্ষ্য হল, মহারাষ্ট্রের মারাঠওয়াডা অঞ্চলে দেশীয় প্রজাতির গবাদি পশু পোষা প্রাণী সংরক্ষণ। এই প্রকল্পের আওতায়, লাল কান্ধারি গরু, দেওনি ষাঁড়, ওসমানাবাদি ছাগল, কারাভান বা, পশমী কুকুরের জিনগত প্রকৃতি নিয়ে অধ্যয়ন করা হবে। এইসব প্রাণীকে আগে কখনও জিনগত স্তরে অধ্যয়ন করা হয়নি। প্রকল্পের জন্য টাকা দেবে মহারাষ্ট্র সরকার।

□ ২০২০ সালে 'রাজা রবি ভার্মা রাজ্য পুরস্কার' পেলেন মুম্বইয়ের প্রবীণ শিল্পী বাসুদেব কামাথ। ২০১৯ সালের জন্য এই পুরস্কার পেয়েছেন কালাবুর্গীর প্রবীণ চিত্রশিল্পী অধ্যাপক জে.এস.খান্দেরাও। এই পুরস্কারটি কর্ণাটকের 'শ্রী রবিভার্মা আর্ট ইনস্টিটিউট'এর মাধ্যমে প্রতিষ্ঠিত হয়েছিল। পুরস্কার প্রাপকরা পেয়েছেন নগদ ১০,০০০ টাকা ও একটি শংসাপত্র।

□ ১৭টি ভাষায় চলচ্চিত্র সম্পাদনার জন্য 'লিমকা বুক অফ রেকর্ড'এ স্থান পেলেন প্রবীণ চলচ্চিত্র সম্পাদক শ্রীকর প্রসাদ। শিরোনামটি হল 'সবথেকে বেশি ভাষায় সম্পাদিত চলচ্চিত্র'। এই ১৭টি ভাষা হল — তামিল, ইংরেজি, হিন্দি, তেলুগু, মালায়লম, কন্নড়, ওড়িয়া, বাংলা, অসমীয়া, পঞ্জাবি, নেপালি, মারাঠি, সিংহলি, করবি, মিশিং, বোদো ও পাংচেনপা। শ্রীকর প্রসাদের দখলে একটি বিশেষ জুরি পুরস্কার-সহ ৮টি জাতীয় পুরস্কার রয়েছে।

□ এই প্রথমবার ট্রেনের মধ্যেই ভোজনশালা চালু করল ভারতীয় রেল। পশ্চিমবঙ্গের আসানসোল রেলওয়ে স্টেশনে এটি চালু হয়েছে। আসানসোলের রেল যাত্রীদের পাশাপাশি সাধারণ জনগণের ব্যবহারের জন্য এটি চালু হয়েছে। উদ্বোধন করেছেন আসানসোলের সাংসদ বাবুল সুপ্রিয়। এই রেস্তরাঁর নাম 'ওয়াও ভোজন'।

□ রাজনীতির জন্য ২০২০ সালে ষষ্ঠ 'ইন্ডিয়া আইডিয়াস কনক্লেভ'এ, 'ড. শ্যামা প্রসাদ মুখার্জি পুরস্কার' পেলেন অসমের মুখ্যমন্ত্রী সর্বানন্দ সোনোওয়াল। গুজরাতের টেন্ট সিটি নর্মদায় এই পুরস্কার দেওয়া হয়েছে। 'ইন্ডিয়া ফাউন্ডেশন'এর মাধ্যমে প্রতিষ্ঠিত এই পুরস্কারটি সর্বানন্দ সোনোওয়ালের হাতে তুলে দেন বিদেশমন্ত্রী সুব্রমনিয়াম জয়শঙ্কর ও মলদ্বীপের পিপলস মজলিশের অধ্যক্ষ মোহাম্মদ নাশিদ। পুরস্কার হিসাবে দেওয়া হয়েছে একটি শংসাপত্র, ট্রফি ও ১ লাখ টাকার চেক।

**২৯ ফেব্রুয়ারি :** মালয়েশিয়ার প্রধানমন্ত্রী হচ্ছেন মুহি-উদ-দ্বীন ইয়াসিন।



ভারতীয় সশস্ত্র বাহিনীতে তৃতীয়বারের জন্য মহিলা লেফটেন্যান্ট জেনারেল হলেন মাধুরী কানিতকর। ইন্টিগ্রেটেড ডিফেন্স স্টাফ (ডিসিআইডিএস) ও মেডিক্যাল (আন্ডার দ্য চিফ অফ ডিফেন্স স্টাফ)'এর ডেপুটি চিফের দায়িত্ব সামলাবেন তিনি। ভারতীয় সশস্ত্রবাহিনীতে এর আগে মহিলা লেফটেন্যান্ট জেনারেল নির্বাচিত হয়েছিলেন পুনিতা অরোরা ও ভারতীয় বায়ুসেনায় পদ্মাবতী বন্দ্যোপাধ্যায় প্রথম মহিলা এয়ারমার্শাল হয়েছিলেন।

□ নয়াদিল্লিতে, 'মাই হোম ইন্ডিয়া'র মাধ্যমে প্রতিষ্ঠিত একটি অনুষ্ঠানে 'স্বামী বিবেকানন্দ কর্মযোগী পুরস্কার' পেলেন 'ভারতের অরণ্য মানুষ' নামে পরিচিত 'পদ্মশ্রী' পুরস্কারপ্রাপ্ত যাদব পায়েং। সত্যিকারের মনুষ্যসৃষ্ট বন তৈরির ধারাবাহিক প্রচেষ্টার জন্য তিনি ষষ্ঠ কর্মযোগী পুরস্কার পেয়েছেন। অসমের জোড়হাটের একজন পরিবেশ কর্মী ও বনকর্মী তিনি। ২০১৩ সালে প্রথমবার এই পুরস্কার দেওয়া হয়েছিল। 'কর্মযোগী পুরস্কার' উত্তর-পূর্ব ভারতের মহান ব্যক্তিত্বদের দেওয়া হয়, যাঁরা নিজ নিজ জীবনে শিল্প ও সংস্কৃতি, খেলাধুলো, শিক্ষা প্রভৃতির মাধ্যমে তাঁদের জাতীয়তাবাদ প্রচার করেন।

□ কেন্দ্রীয় সরকারের পেনশনভোগীদের জন্য, জম্মুতে 'পেনশন আদালত' উদ্বোধন করলেন কেন্দ্রীয় মন্ত্রী জিতেন্দ্র সিং। দিল্লির পর এই প্রথম কোনো কেন্দ্রশাসিত অঞ্চলে 'পেনশন আদালত' তৈরি হল। এই আদালত পেনশনভোগীদের সব অভিযোগ অবিলম্বে প্রতিকার করতে সহায়তা করবে।

## চলতি
### সাপ্তাহিক ঘটনাপ্রবাহ

□ ১১.৪৯ সেকেন্ড সময় নিয়ে, 'খেলো ইন্ডিয়া ইউনিভার্সিটি গেমস'এ মেয়েদের ১০০ মিটারে সোনার পদক পেলেন ভারতের দ্রুততম মহিলা দ্যুতি চাঁদ। 'কলিঙ্গ ইনস্টিটিউট অফ ইন্ডাস্ট্রিয়াল টেকনোলজি'র হয়ে ট্র্যাকে নেমেছিলেন তিনি।

**১ মার্চ:** 'নোকিয়া'র প্রেসিডেন্ট ও চিফ এক্সিকিউটিভ অফিসার হলেন পেক্কা লুন্ডমার্ক।




৭০ তম 'বার্লিন চলচ্চিত্র উৎসব'এ সেরা চলচ্চিত্রের পুরস্কার 'সোনার ভল্লুক' জিতে নিল মোহাম্মদ রৌসুলফ পরিচালিত ইরানের চলচ্চিত্র 'দেয়ার ইজ নো এভিল'। 'সেরা পরিচালক'এর সম্মান পেয়েছেন কোরিয়ার হং সাং সু (তাঁর 'দ্য ওমান হু র‍্যান' চলচ্চিত্রের জন্য। 'সেরা অভিনেতা'র সম্মান পেয়েছেন ইতালির এলিও জেরমানও (হিডেন অ্যাওয়ে)। 'সেরা অভিনেত্রী'র সম্মান পেয়েছেন জার্মানির পওলা বিয়ের (ক্রিস্টিয়ান পেটজোল্ড পরিচালিত 'উনদিন'এর জন্য)।

□ অপুষ্টি মুক্ত ভারত তৈরি করতে, রাজস্থানের কোটা থেকে 'সুপোশিত মা অভিযান' চালু করলেন লোকসভার অধ্যক্ষ ওম বিড়লা। কোটা থেকে চালু করা হলেও সারা ভারত জুড়ে এই অভিযান কাজ করবে। এই অভিযান গর্ভবতী মহিলা ও কিশোরীদের পুষ্টি সহায়তা সরবরাহ করবে। এই প্রচারের মূল লক্ষ্য হল, গর্ভবতী মহিলা ও নবজাতকের স্বাস্থ্য বজায় রাখা।

□ মার্কিন যুক্তরাষ্ট্রের টেলর হ্যারি ফ্রিৎজকে ৬-৩ ও ৬-২ ব্যবধানে হারিয়ে, 'মেক্সিকান ওপন'এ পুরুষদের সিঙ্গলসে চ্যাম্পিয়ন হলেন স্পেনের রাফায়েল নাদাল পেরেরা। ২০০৫ সাল ও ২০১৩ সালের পর তৃতীয়বারের জন্য 'মেক্সিকান ওপন' জিতলেন তিনি। যা নাদালের ৮৫ তম খেতাব।

☛ এরপর আগামী সপ্তাহে

সঙ্কলক : পল্লবী দেওয়ান

## ৪৫ ওয়ার্কার, সার্জেন্ট, নার্স

১ পাতার পর

অ্যাটেন্ড্যান্ট (গ্রেড-III)' পদে ২৫ জন ছেলেমেয়ে নেওয়া হচ্ছে। কারা কোন পদের জন্য যোগ্য :

**ফিল্ড ওয়ার্কার এম.এইচ.ডব্লু. (গ্রেড-III) :** ক্লাস এইট পাশরা আবেদন করতে পারেন। বয়স হতে হবে ৪০ বছরের মধ্যে। পে লেভেল - ১। শূন্যপদ : ২১টি (তঃজাঃ ১২, তঃজাঃ প্রাঃসঃকঃ ১, তঃউঃজাঃ ৩, তঃউঃজাঃ প্রাঃসঃকঃ ১, ও.বি.সি. বি ক্যাটেগরি ৩, ও.বি.সি. - বি ক্যাটেগরি প্রাঃসঃকঃ ১)।

**ফিল্ড ওয়ার্কার এস.এইচ. (গ্রেড-III) :** ক্লাস এইট পাশরা আবেদন করতে পারেন। বয়স হতে হবে ৪০ বছরের মধ্যে। পে লেভেল - ১। শূন্যপদ : ২টি (তঃজাঃ ১, তঃউঃজাঃ ১)।

**জেনারেল ডিউটি অ্যাটেন্ড্যান্ট (গ্রেড-III) :** ক্লাস এইট পাশরা আবেদন করতে পারেন। বয়স হতে হবে ৪০ বছরের মধ্যে। পে লেভেল - ১। শূন্যপদ : ২টি (জেনাঃ১, তঃজাঃ ১)।

সব পদের বেলায়ই বয়স হতে হবে ১-১-২০২০'র হিসাবে। তপশিলী, প্রতিবন্ধী, ও.বি.সি. আর পুরসভায় কর্মরতরা যথারীতি বয়সে ছাড় পাবেন। এই পদের Advertisement No. 09 of 2020.

প্রার্থী বাছাই করবে মিউনিসিপ্যাল সার্ভিস কমিশন। প্রথমে লিখিত পরীক্ষা হবে কলকাতায়। সফল হলে পার্সোন্যালিটি টেস্ট বা, ইন্টারভিউ হবে। পরীক্ষা সংক্রান্ত বিস্তারিত সিলেবাস পরে আপলোড করা হবে এই ওয়েবসাইটে : www.mscwb.org

দরখাস্ত করবেন অনলাইনে, ৭ এপ্রিলের মধ্যে। এই ওয়েবসাইটে : www.mscwb.org এজন্য বৈধ একটি ই-মেল আই.ডি. থাকতে হবে। প্রথমে ওপরের ওই ওয়েবসাইটে গিয়ে যাবতীয় তথ্য দেওয়ার পর সাবমিট করলেই নাম রেজিস্ট্রেশন হয়ে যাবে। তখন পরীক্ষা ফী বাবদ ২২০ (তপশিলী, প্রতিবন্ধী হলে ৭০) টাকা জমা দেবেন চালানের মাধ্যমে, ইউনাইটেড ব্যাঙ্ক অফ ইন্ডিয়ার যে কোনো শাখায় এই অ্যাকাউন্ট নম্বরে : 0088010367936. টাকা জমা দেবেন ৮ এপ্রিলের মধ্যে। সব শেষে সিস্টেম জেনারেটেড অ্যাপ্লিকেশন ফর্ম প্রিন্ট করে নেবেন। আরো বিস্তারিত তথ্য পাবেন ওই ওয়েবসাইটে।

### ১৫ সার্জেন্ট

কলকাতা পুর নিগমে কাজের জন্য 'সার্জেন্ট' পদে ১৫ জন ছেলেমেয়ে নেওয়া হচ্ছে।

উচ্চমাধ্যমিক পাশরা আবেদন করতে পারেন। শরীরের মাপজোখ হতে হবে লম্বায় অন্তত ৫ ফুট ৭ ইঞ্চি, বুকের ছাতি অন্তত ৩৪ ইঞ্চি। বয়স হতে হবে ১-১-২০২০'এর হিসাবে ১৮ থেকে ৩৯ বছরের মধ্যে। তপশিলী, প্রতিবন্ধী, ও.বি.সি. আর পুরসভায় কর্মরতরা যথারীতি বয়সে ছাড় পাবেন। পে লেভেল -১১। শূন্যপদ : ১৫টি (জেনাঃ ৭, জেনাঃ মেধাবী খেলোয়াড় ১, তঃজাঃ ৩, তঃউঃজাঃ ১, ও.বি.সি. -এ ক্যাটেগরি ২, ও.বি.সি. - বি ক্যাটেগরি ১)। এই পদের Advertisement No. 05 of 2020.

প্রার্থী বাছাই করবে মিউনিসিপ্যাল সার্ভিস কমিশন। প্রথমে লিখিত পরীক্ষা হবে কলকাতায়। সফল হলে পার্সোন্যালিটি টেস্ট বা, ইন্টারভিউ হবে। পরীক্ষা সংক্রান্ত বিস্তারিত সিলেবাস পরে আপলোড করা হবে এই ওয়েবসাইটে : www.mscwb.org দরখাস্ত করবেন অনলাইনে, ৭ এপ্রিলের মধ্যে। এই ওয়েবসাইটে : www.mscwb.org এজন্য বৈধ একটি ই-মেল আই.ডি. থাকতে হবে। প্রথমে ওপরের ওই ওয়েবসাইটে গিয়ে যাবতীয় তথ্য দেওয়ার পর সাবমিট করলেই নাম রেজিস্ট্রেশন হয়ে যাবে। তখন পরীক্ষা ফী বাবদ ২২০ (তপশিলী, প্রতিবন্ধী হলে ৭০) টাকা চালানের মাধ্যমে জমা দেবেন, ইউনাইটেড ব্যাঙ্ক অফ ইন্ডিয়ার যে কোনো শাখায় এই অ্যাকাউন্ট নম্বরে : 0088010367936. টাকা জমা দেবেন ৮ এপ্রিলের মধ্যে। সব শেষে সিস্টেম জেনারেটেড অ্যাপ্লিকেশন ফর্ম প্রিন্ট করে নেবেন। আরো বিস্তারিত তথ্য পাবেন ওই ওয়েবসাইটে।

### ৫ ফার্মাসিস্ট ও নার্স

কলকাতা পুর নিগমে কাজের জন্য 'ফার্মাসিস্ট (গ্রেড-III), স্টাফ নার্স ও অ্যাসিস্ট্যান্ট অ্যানালিস্ট পদে ৫ জন ছেলেমেয়ে নেওয়া হচ্ছে। কারা কোন পদের জন্য যোগ্য :

**ফার্মাসিস্ট (গ্রেড-III) :** মাধ্যমিক পাশরা ফার্মাসিস্টের ডিপ্লোমা বা, সার্টিফিকেট কোর্স পাশ হলে যোগ্য। ফার্মাসিস্ট হিসাবে নাম নথিভুক্ত থাকতে হবে। বয়স হতে হবে ৪০ বছরের মধ্যে। পে লেভেল - ৬। শূন্যপদ : ১টি (তঃজাঃ)।

**স্টাফ নার্স :** জেনারেল নার্সিং অ্যান্ড মিডওয়াইফারির কোর্স পাশ হলে যোগ্য। বয়স হতে হবে ৩৯ বছরের মধ্যে। পে লেভেল - ৮। শূন্যপদ : ২টি (ও.বি.সি. -এ ক্যাটেগরি ১, ও.বি.সি. - বি ক্যাটেগরি ১)।

**অ্যাসিস্ট্যান্ট অ্যানালিস্ট :** কেমিস্ট্রি নিয়ে সায়েন্স শাখার অনার্স গ্র্যাজুয়েট কিংবা বায়ো-কেমিস্ট্রি বা, ফুড টেকনোলজি বিষয় নিয়ে ডিগ্রি কোর্স পাশরাও যোগ্য। সব ক্ষেত্রে ডিগ্রি কোর্সে অন্তত ৫০% নম্বর পেয়ে থাকতে হবে। বয়স হতে হবে ৩৯ বছরের মধ্যে। পে লেভেল - ১১। শূন্যপদ : ২টি (জেনাঃ ১, ও.বি.সি. - এ ক্যাটেগরি ১)।

সব পদের বেলায়ই বয়স হতে হবে ১-১-২০২০'র হিসাবে। তপশিলী, প্রতিবন্ধী, ও.বি.সি. আর পুরসভায় কর্মরতরা যথারীতি বয়সে ছাড় পাবেন। এই পদের Advertisement No. 07 of 2020.

প্রার্থী বাছাই করবে মিউনিসিপ্যাল সার্ভিস কমিশন। প্রথমে লিখিত পরীক্ষা হবে কলকাতায়। সফল হলে পার্সোন্যালিটি টেস্ট বা, ইন্টারভিউ হবে। পরীক্ষা সংক্রান্ত বিস্তারিত সিলেবাস পরে আপলোড করা হবে এই ওয়েবসাইটে : www.mscwb.org দরখাস্ত করবেন অনলাইনে, ৭ এপ্রিলের মধ্যে। এই ওয়েবসাইটে : www.mscwb.org এজন্য বৈধ একটি ই-মেল আই.ডি. থাকতে হবে। প্রথমে ওপরের ওই ওয়েবসাইটে গিয়ে যাবতীয় তথ্য দেওয়ার পর সাবমিট করলেই নাম রেজিস্ট্রেশন হয়ে যাবে। তখন পরীক্ষা ফী বাবদ ২২০ (তপশিলী, প্রতিবন্ধী হলে ৭০) টাকা জমা দেবেন চালানের মাধ্যমে, ইউনাইটেড ব্যাঙ্ক অফ ইন্ডিয়ার যে কোনো শাখায় এই অ্যাকাউন্ট নম্বরে : 0088010367936. টাকা জমা দেবেন ৮ এপ্রিলের মধ্যে। সব শেষে সিস্টেম জেনারেটেড অ্যাপ্লিকেশন ফর্ম প্রিন্ট করে নেবেন। আরো বিস্তারিত তথ্য পাবেন ওই ওয়েবসাইটে।

**বিশেষ বিজ্ঞপ্তি**

**কর্মসংস্থান** পত্রিকায় প্রকাশিত যে কোনো বিতর্কিত আলোচনা বা, নিবন্ধের যাবতীয় দায়িত্ব লেখকের। কর্মসংস্থান কর্তৃপক্ষ কোনোভাবেই এজন্য দায়ী থাকবে না। ওই মতামত কারো পছন্দসই না হলে, প্রতিবাদ জানাতে পারেন। সেক্ষেত্রে তাও যথাযোগ্য মর্যাদায় ছাপা হবে। কারণ, এটি গণমাধ্যম।

WhatsApp Group
STUDY_MATERIALS_LINK
PSC_GROUP D_RAIL
TARGET__WBTET
TET__পর্যালোচনা
GK+GI+GS+CA

সাম্প্রতিক তথ্যে ভরা

# জিজ্ঞাসা

*চাকরির পরীক্ষার কোনো প্রশ্ন আছে? দরখাস্ত করেও কোনো খবর পাচ্ছেন না, নাকি পরীক্ষা দিয়েও ফল কবে বেরোবে জানতে পারছেন না? দরখাস্ত বাতিল হয়ে যাবে কিনা ভাবছেন? কবে, কোথায় পরীক্ষা হবে? কী কী বিষয় থাকবে? অ্যাডমিট কার্ড এখনো পাননি, কবে পাবেন বুঝতে পারছেন না? বিজ্ঞপ্তি কবে বেরোবে? কোথায় যোগাযোগ করবেন? এইসব সাত-সতেরো প্রশ্নের উত্তর ধারাবাহিকভাবে দিচ্ছেন রাজীব ঘোষ।*

## স্কুল সার্ভিসের

■ *স্কুল সার্ভিস কমিশনের নতুন নিয়মানুযায়ী প্রার্থী বাছাই পরীক্ষায় কী কী বিষয় থাকবে? 'টেট'এর সিলেবাস জানাবেন। প্রশ্ন কেমন হবে? — সোমা ঘোষ, মছলন্দপুর, হাবড়া, উত্তর ২৪ পরগনা। পারমিতা বিশ্বাস, বারাসাত, উত্তর ২৪ পরগনা। পলাশ দে, হুগলি। অসীম বিশ্বাস, তারকেশ্বর, হুগলি। জয়ন্ত বর্মন, সিতাই, কোচবিহার।*

■■ উচ্চপ্রাথমিক, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক স্কুলে শিক্ষক-শিক্ষিকা নিয়োগের নতুন বিধিতে ব্যাপক বদল হল। এ বিষয়ে বিস্তারিত তথ্য গত সংখ্যার 'কর্মসংস্থান'এ দেওয়া হয়েছে। এবার থেকে চালু হচ্ছে একটিই পরীক্ষা। উঠে গেল নম্বর বিভাজন, ইন্টারভিউ ও কাউন্সেলিং প্রক্রিয়া।

উচ্চপ্রাথমিক, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক স্কুলে শিক্ষক-শিক্ষিকা পদের জন্য প্রথমে ১৫০ নম্বরের 'টেট' / প্রিলিমিনারি টেস্ট (পি.টি.) হবে। তাতে নির্দিষ্ট কাট অফ নম্বর পেলে ২০০ নম্বরের 'মেইন' পরীক্ষা দিতে হবে। উচ্চপ্রাথমিক, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক — এই ৩ ক্ষেত্রের শিক্ষক পদের বেলায় প্রার্থী বাছাইয়ের জন্য প্রথমে 'টেট' / প্রিলিমিনারি টেস্ট (পি.টি.) হবে। এন.সি.টি.ই.'র নিয়মানুযায়ী উচ্চপ্রাথমিকের বেলায় প্রথমে ১৫০ নম্বরের 'টেট' আর মাধ্যমিক (নবম ও দশম) ও উচ্চমাধ্যমিক (একাদশ ও দ্বাদশ)'এর বেলায় ১৫০ নম্বরের প্রিলিমিনারি টেস্ট (পি.টি.) হবে। এই পরীক্ষায় নির্দিষ্ট কাট অফ নম্বর পেলে সফল হবেন। ১৫০ নম্বরের 'টেট' / প্রিলিমিনারি টেস্ট (পি.টি.) পরীক্ষায় অবজেক্টিভ মাল্টিপল চয়েজ টাইপের প্রশ্ন হবে এইসব বিষয়ে: (১) চাইল্ড ডেভেলপমেন্ট ও পেডাগগি - ৩০ নম্বরের ৩০টি প্রশ্ন। (২) প্রথম ভাষা পেপার - ৩০ নম্বরের ৩০টি প্রশ্ন (প্রশ্ন হবে গ্রামার ও কম্প্রিহেনশন বিষয়ে)। (৩) দ্বিতীয় ভাষা পেপার - ৩০ নম্বরের ৩০টি প্রশ্ন (প্রশ্ন হবে গ্রামার ও কম্প্রিহেনশন বিষয়ে)।

(৪) (এ) এছাড়াও অঙ্ক ও বিজ্ঞান বিষয়ের শিক্ষক-শিক্ষিকাদের বেলায় দিতে হবে অঙ্ক ও বিজ্ঞান বিষয়ে ৬০ নম্বরের ৬০টি প্রশ্নের পরীক্ষা।

(৪) (বি) সোশ্যাল স্টাডিজ বিষয়ের শিক্ষক-শিক্ষিকাদের বেলায় পরীক্ষা দিতে হবে সোশ্যাল স্টাডিজ বিষয়ে ৬০ নম্বরের ৬০টি প্রশ্নের পরীক্ষা।

এরপর হবে ২০০ নম্বরের মেইন পরীক্ষা। এই পরীক্ষায় থাকবে এইসব বিষয় : (১) ইংরিজি কম্পোজিশন ও কমপ্রিহেনশন - ৫০ নম্বরের ৫০টি প্রশ্ন, ভাষা পেপার (বাংলা/উর্দু/নেপালী) - ৫০ নম্বরের ৫০টি প্রশ্ন। (২) সংশ্লিষ্ট বিষয়ের ওপর ১০০ নম্বরের ১০০টি প্রশ্ন।

মেইন পরীক্ষায় সফল হলেই মেধা তালিকা তৈরি হবে অর্থাৎ, নিশ্চিত চাকরি পাবেন। কোনো ইন্টারভিউ বা, কাউন্সেলিং পদ্ধতি থাকবে না। এছাড়াও এবার থেকে নম্বরের কোনো বিভাজন থাকছে না। থাকছে না বি.এড.'এর জন্য আলাদা কোনো নম্বর।

■ *নেতাজী সুভাষ মুক্ত বিশ্ববিদ্যালয় থেকে বি.এসসি. ও পরে এম.এসসি. পাশ করলে তারপর বি.এড. করলে স্কুল সার্ভিসের পরীক্ষা দেওয়া যায় কি? নেতাজী সুভাষ থেকে পাশ করলে অন্য চোখে দেখা হয় কি? — অনিমেশ কান্ডার, বড়মাকাল, পূর্ব মেদিনীপুর।*

■■ হ্যাঁ, পরীক্ষা দিতে পারবেন। কোনো অসুবিধা হবে না।

■ *স্কুল সার্ভিসের মেইন পরীক্ষা বাংলা ও ইংরিজি বিষয়ের প্রশ্ন অবজেক্টিভ না, ডেসক্রিপ্টিভ টাইপের হবে? — সেতু সরকার। বিকাশ দাস, বসিরহাট, উত্তর ২৪ পরগনা।*

■■ মেইন পরীক্ষার প্রশ্ন হবে অবজেক্টিভ টাইপের ১ নম্বর কিংবা ২ নম্বরের। সেক্ষেত্রে উত্তর লিখে দেখাতে হবে।

■ *স্কুল সার্ভিস কমিশনের কর্মশিক্ষা ও শারীরশিক্ষা বিষয়ের জন্য কেমন শিক্ষাগত যোগ্যতা থাকা দরকার? — পরিমল বিশ্বাস, মুর্শিদাবাদ। গণেশ দেবনাথ, জলপাইগুড়ি। শুভদীপ গোপ, লেকটাউন, শিলিগুড়ি।*

■■ কর্মশিক্ষা বিষয়ের জন্য : নিচের যেকোনো ১টি যোগ্যতা থাকলে যোগ্য : (ক) গ্র্যাজুয়েটরা এন.সি.টি.ই.'র স্বীকৃত প্রতিষ্ঠান থেকে পোস্ট গ্র্যাজুয়েট বেসিক ট্রেনি (পি.জি.বি.টি.) কোর্স কিংবা ওয়ার্ক এডুকেশন মেথড বিষয় হিসাবে নিয়ে বি. এড. কোর্স পাশ হলে যোগ্য।

(খ) গ্র্যাজুয়েটরা স্বীকৃত শিক্ষা প্রতিষ্ঠান থেকে আর্ট অ্যান্ড ক্র্যাফটের ডিপ্লোমা / ডিগ্রি কোর্স পাশ হলে আবেদন করতে পারেন।

(গ) গ্র্যাজুয়েটরা টেলারিং অ্যান্ড নিডিল ওয়ার্কের ডিপ্লোমা /ডিগ্রি কোর্স পাশ হলে আবেদনের যোগ্য।

(ঘ) হোম সায়েন্স /অ্যাগ্রিকালচারের ডিগ্রি কিংবা কম্পিউটার সায়েন্স /ইনফর্মেশন টেকনোলজি /সফটওয়্যার সিস্টেমের ডিগ্রি কোর্স পাশরা আবেদনের যোগ্য।

(ঙ) গ্র্যাজুয়েটরা ওয়ার্ক এডুকেশনের ২ বছরের ডিগ্রি বা, ডিপ্লোমা কোর্স পাশরা আবেদনের যোগ্য।

(চ) গ্র্যাজুয়েটরা ডিগ্রি কোর্সে কম্পিউটার সায়েন্স / কম্পিউটার অ্যাপ্লিকেশন বিষয়ে অন্তত ৩০০ নম্বর নিয়ে পড়াশোনা করে থাকলে আবেদনের যোগ্য।

**এছাড়াও নিচের এইসব যোগ্যতার প্রার্থীরাও 'কর্মশিক্ষা' বিষয়ের জন্য আবেদন করতে পারবেন :** (১) ভিশ্যুয়াল আর্টের ২ বছরের ডিপ্লোমা কোর্স পাশরা ক্র্যাফট অ্যান্ড ডিজাইনের সার্টিফিকেট কোর্স পাশ হলে। (২) ভিশ্যুয়াল আর্টের ডিগ্রি / ফাইন আর্টসের ডিগ্রি/ ফাইন আর্টস (পেইন্টিং)'এর ডিগ্রি কোর্স পাশ হলে/ ফাইন আর্টস (পেইন্টিংয়ের) মাস্টার ডিগ্রি কোর্স পাশ হলে। (২) লেডি ব্রেবোর্ন থেকে টেলারিং অ্যান্ড নিডিল ওয়ার্কের ডিগ্রি বা, ডিপ্লোমা কোর্স পাশ হলে/ টেলারিংয়ের ডিগ্রি বা, ডিপ্লোমা / টেলারিং অ্যান্ড ড্রেস ডিজাইনিংয়ের ২ বছরের আডভান্সড ডিপ্লোমা কোর্স পাশ হলে / টেলারিং, এমব্রয়ডারি, ফ্যাশন অ্যান্ড ড্রেস ডিজাইনিংয়ের ২ বছরের ডিপ্লোমা কোর্স পাশ হলে। (৩) অ্যাপারেল ডিজাইনিং অ্যান্ড ফ্যাশন টেকনোলজির পোস্ট-গ্র্যাজুয়েট ডিপ্লোমা কোর্স পাশ হলে। (৪) আই.টি.আই. থেকে টেলারিংয়ের ২ বছরের কোর্স / ডিপ্লোমা কোর্স পাশ হলে / হ্যান্ডলুম টেক্সটাইলের ৩ বছরের ডিপ্লোমা কোর্স পাশ / হ্যান্ডলুম ওয়েভিংয়ের ৩ বছরের ডিপ্লোমা কোর্স পাশ হলে। (৫) ফার্নিচার টেকনোলজি অ্যান্ড ইন্টেরিয়র ডিজাইনের ৩ বছরের ডিপ্লোমা কোর্স পাশ হলে / উড ওয়ার্কের ২ বছরের ডিপ্লোমা কোর্স পাশ হলে / পটারি অ্যান্ড সেরামিকের ৩ বছরের ডিপ্লোমা কোর্স পাশ হলে। (৬) হোম সায়েন্স, হর্টিকালচার, অ্যাগ্রিকালচার বা, মিউজিকের ডিগ্রি কোর্স পাশ/ বি.এসসি. মেজর (অ্যাগ্রো সার্ভিস)'এর ৩ বছরের কোর্স পাশ হলে। (৭) ফুড অ্যান্ড নিউট্রিশন, হিউম্যান ডেভেলপমেন্ট অ্যান্ড সোশ্যাল সায়েন্স কম্বিনেশন নিয়ে ডিগ্রি কোর্স পাশ হলে। (৮) ডান্স বা, ড্রামার ডিগ্রি কোর্স পাশ হলে। (৯) কম্পিউটার সায়েন্স অ্যান্ড টেকনোলজির ডিগ্রি কোর্স পাশ হলে। (১০) বি.এসসি. কোর্সে HARP, SSCP & CCTP, হাউসহোল্ড আর্ট (পাস), সোশ্যাল সায়েন্স, চাইল্ড কেয়ার অ্যান্ড ট্রেনিং কম্বিনেশন বিষয় হিসাবে হোম সায়েন্স পাশ হলে। (১১) কম্পিউটার সায়েন্সের বি.এসসি. বা, ডিগ্রি কোর্সে ৩০০ নম্বর নিয়ে কম্পিউটার সায়েন্স বিষয় থাকলে। (১২) বি.সি.এ. /ইনফর্মেশন টেকনোলজির বি.ই. বা, বি.টেক. / ইনফর্মেশন টেকনোলজির এম.এসসি. কোর্স / কম্পিউটার অ্যাপ্লিকেশনের পোস্ট-গ্র্যাজুয়েট ডিপ্লোমা কোর্স পাশ। (১৩) ওয়ার্ক এডুকেশন মেথড বিষয় হিসাবে নিয়ে বি.এড. কোর্স পাশ হলে। ওপরের সব বিষয়ের ক্ষেত্রেই এন.সি.টি.ই. / আর.সি.আই. স্বীকৃত প্রতিষ্ঠান থেকে বি.এড./ পোস্ট-গ্র্যাজুয়েট বেসিক ট্রেনিং কোর্স পাশ হলে ভালো হয়।

**শারীরশিক্ষা বিষয়ের জন্য :** নিচের যেকোনো ১টি যোগ্যতা থাকলে আবেদনের যোগ্য : (ক) মোট অন্তত ৫০% নম্বর পেয়ে উচ্চমাধ্যমিক পাশরা ফিজিক্যাল এডুকেশনের সার্টিফিকেট বা, ডিপ্লোমা কোর্স পাশ হলে। (খ) উচ্চমাধ্যমিক পাশরা স্কুল /কলেজ / জেলা স্তরের স্পোর্টস / গেমসে প্রতিনিধিত্ব করে থাকলে আর ফিজিক্যাল এডুকেশনের সার্টিফিকেট বা, ডিপ্লোমা কোর্স পাশ হলে।

(গ) মোট অন্তত ৪৫% নম্বর পেয়ে উচ্চমাধ্যমিক পাশরা (২০০২ সালের এন.সি.টি.ই.'র নিয়মানুযায়ী) ফিজিক্যাল এডুকেশনের সার্টিফিকেট বা, ডিপ্লোমা কোর্স পাশ হলে আবেদন করতে পারেন।

ওপরের সব শিক্ষাগত যোগ্যতার ক্ষেত্রেই এন.সি.টি.ই.'র স্বীকৃত কোনো প্রতিষ্ঠান থেকে অন্তত ২ বছরের ফিজিক্যাল এডুকেশনের ডিপ্লোমা/ সার্টিফিকেট কোর্স পাশ হতে হবে। সব ক্ষেত্রে তপশিলী, ও.বি.সি. ও প্রতিবন্ধীরা নম্বরে ৫% ছাড় পাবেন। এছাড়াও সব ক্ষেত্রে ২ বছরের বি.পি.এড. বা, ৩ বছরের বি.পি.এড. কোর্স পাশ হলেও যোগ্য।

## অাই.সি.ডি.এস.-এর মেন পরীক্ষা

পশ্চিমবঙ্গ পাব্লিক সার্ভিস কমিশনের আই.সি.ডি.এস. সুপারভাইজার পদের (পদোন্নতির ভিত্তিতে) মেন পরীক্ষা হবে ৪ ও ৫ এপ্রিল কলকাতা ও শিলিগুড়ি কেন্দ্রে। ই-অ্যাডমিট কার্ড ডাউনলোড করতে পারবেন ২৩ মার্চ থেকে। এই ওয়েবসাইটে : www.wbpsc.gov.in

## পশ্চিমবঙ্গ পুলিশের সাব-ইন্সপেক্টর পদের শারীরিক পরীক্ষা

পশ্চিমবঙ্গ পুলিশের ২০১৯ সালের সাব-ইন্সপেক্টর পদের প্রিলিমিনারি পরীক্ষার ফল বেরিয়েছে। সফলদের শারীরিক মাপজোখ ও শারীরিক সক্ষমতার পরীক্ষা হবে ১৬ থেকে ২১ মার্চ ব্যারাকপুর মঙ্গল পান্ডে উদ্যানে। ই-অ্যাডমিট কার্ড ডাউনলোড করতে পারবেন এই ওয়েবসাইট থেকে : www.wbpolice.gov.in

## রাজ্য ও কেন্দ্রীয় সরকারের যেসব পদে এখনো দরখাস্ত করতে পারবেন

রাজ্য ও কেন্দ্রীয় সরকারের বিভিন্ন দপ্তরে লোক নেওয়ার খবর বেরোলেই তা যথাসময়ে 'কর্মসংস্থান'এ দেওয়া হয়। অনেক ক্ষেত্রে দেখা যায়, প্রার্থী সেই সংখ্যা সংগ্রহ করতে না পারার জন্য দরখাস্ত করতে পারেন না। তাই প্রার্থীদের সুবিধার জন্য এখনো কোন কোন পদে দরখাস্ত করার সুযোগ আছে, তা এক নজরে দেওয়া শুরু হল।

| পদ | যোগ্যতা | শূন্যপদ | শেষ তারিখ | ওয়েবসাইট |
|---|---|---|---|---|
| বি.এস.এফ.-এ কনস্টেবল, হেড কনস্টেবল | মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক | ৩১৭ | ১৪-৩-২০ | www.bsf.nic.in |
| ডেডিকেটেড ফ্রেট করিডরে | গ্র্যাজুয়েট | ২৪ | ১৫-৩-২০ | www.dfcil.com |
| পশ্চিম মধ্য রেলে অ্যাপ্রেন্টিস | আই.টি.আই. | ৫৭০ | ১৫-৩-২০ | www.mponline.gov.in |
| ভারতীয় জীবনবিমায় অ্যাডমিনিস্ট্রেটিভ অফিসার | ডিগ্রি | ২১৮ | ১৫-৩-২০ | www.licindia.in |
| ভারত ইলেক্ট্রনিক্সে ট্রেড অ্যাপ্রেন্টিস | আই.টি.আই. | ১৫০ | ১৬-৩-২০ | http://apprenticeship.gov.in |
| ডাকবিভাগের পশ্চিমবঙ্গ সার্কেলে গ্রামীণ ডাক সেবক | মাধ্যমিক | ২,০২১ | ১৮-৩-২০ | www.indiapost.gov.in |
| ঝাড়খণ্ড রাজ্যে সেনাবাহিনীর র‍্যালি | এইট, মাধ্যমিক, উচ্চমাধ্যমিক | - | ২০-৩-২০ | www.joinindianarmy.nic.in |
| ইন্ডিয়ান অয়েলে অ্যাপ্রেন্টিস | ডিপ্লোমা, গ্র্যাজুয়েট | ৫০০ | ২০-৩-২০ | www.iocl.com |
| শিলিগুড়ি পুরসভায় মজদুর, পিওন, সুইপার | এইট পাশ | ৫৫ | ২০-৩-২০ | - |
| কেন্দ্রীয় সংস্থায় অ্যাসিস্ট্যান্ট অ্যাটেন্ড্যান্ট, অপারেটর | উচ্চমাধ্যমিক গ্র্যাজুয়েট | ১১৫৭ | ২০-৩-২০ | www.ssc.nic.in |
| ডি.আর.ডি.ও.-তে অ্যাপ্রেন্টিস | আই.টি.আই | ১১৬ | ২০-৩-২০ | www.rac.gov.in |
| পটনা হাই কোর্টে বিচারক | ল' গ্র্যাজুয়েট | ২৭ | ২১-৩-২০ | www.patnahighcourt.gov.in |
| কোস্ট গার্ডে যান্ত্রিক | ডিপ্লোমা | ৩৭ | ২২-৩-২০ | www.joinindiancoastguard.gov.in |
| নর্দার্ন কোলফিল্ডে সার্ভেয়র, মাইনিং সির্দার | মাধ্যমিক, ডিপ্লোমা | ৯৫ | ২৪-৩-২০ | www.nclcil.in |
| ন্যাশনাল ইনফর্মেটিক্স সেন্টারে সায়েন্টিস্ট | ডিগ্রি | ৪৯৫ | ২৬-৩-২০ | www.calicut.nielit.in.nic |
| নর্দার্ন কোলফিল্ডে অপারেটর | মাধ্যমিক | ৩০৭ | ৩০-৩-২০ | www.nclcil.in |
| ব্যুরো অফ ইন্ডিয়ান স্ট্যান্ডার্ডে সায়েন্টিস্ট | গ্র্যাজুয়েট | ১৫০ | ৩১-৩-২০ | www.bis.org.in |
| গ্যাংটক রাজ্যে সেনাবাহিনীর র‍্যালি এক্সিকিউটিভ | এইট, মাধ্যমিক, উচ্চমাধ্যমিক | - | ২১-৪-২০ | www.joinindianarmy.nic.in |

এই বিভাগে উত্তর পেতে হলে চিঠি লিখুন পোস্ট কার্ডে কিংবা ই-মেল করে। তাতে নিজের নাম-ঠিকানা ও ফোন নং লিখবেন। পোস্ট কার্ডে লিখলে ঠিকানার জায়গায় নিচের অংশটি কেটে আঠা দিয়ে সেঁটে দেবেন। জিজ্ঞাসা বিভাগের পরের শূন্যস্থানে কোন বিভাগের চিঠি (রেল, স্কুল সার্ভিস, ব্যাঙ্ক, পি.এস.সি. কোর্স কিনা) তা লিখে দেবেন। E-mail করবেন এই নম্বরে: karmajiggasa@gmail.com ই-মেল করলে নাম, পুরো ঠিকানা, ফোন নম্বর উল্লেখ করতে হবে।

**কর্মসংস্থান**
জিজ্ঞাসা বিভাগ
.................
১২ /৩ /৪, জামির লেন
কলকাতা-৭০০ ০১৯

## ২০১ শিক্ষক-শিক্ষিকা

১ পাতার পর

ও.বি.সি., প্রতিবন্ধী, প্রাঃসঃকঃ, এক্সেমটেড ক্যাটেগরি হলে ৪৫%) নম্বর পেয়ে যে কোনো শাখায় উচ্চমাধ্যমিক পাশ ছেলেমেয়েরা এলিমেন্টারি এডুকেশনের ২ বছরের ডিপ্লোমা (ডি.এল.এড.) কোর্স পাশ হলে আবেদন করতে পারেন।

(খ) মোট অন্তত ৫০% (তপশিলী, ও.বি.সি., প্রতিবন্ধী, প্রাঃসঃকঃ, এক্সেমটেড ক্যাটেগরি হলে ৪৫%) নম্বর পেয়ে যে কোনো শাখায় উচ্চমাধ্যমিক পাশ ছেলেমেয়েরা ব্যাচেলর অফ এলিমেন্টারি এডুকেশন (বি.এল.এড.)'এর ৪ বছরের কোর্স পাশ হলে আবেদন করতে পারেন।

(গ) মোট অন্তত ৫০% (তপশিলী, ও.বি.সি., প্রতিবন্ধী, প্রাঃসঃকঃ, এক্সেমটেড ক্যাটেগরি হলে ৪৫%) নম্বর পেয়ে যে কোনো শাখায় উচ্চমাধ্যমিক পাশ ছেলেমেয়েরা রিহ্যাবিলিটেশন কাউন্সিল অফ ইন্ডিয়া (আর.সি.আই.) স্বীকৃত প্রতিষ্ঠান থেকে ডিপ্লোমা ইন এডুকেশন (স্পেশাল এডুকেশন)'এর কোর্স পাশ হলে আবেদন করতে পারেন।

(ঘ) যে কোনো শাখার গ্র্যাজুয়েটরা এলিমেন্টারি এডুকেশনের ২ বছরের ডিপ্লোমা (ডি.এল.এড.) কোর্স পাশ হলে আবেদন করতে পারেন।

যে বিষয়ের শিক্ষক হতে চান, সেই বিষয় মাধ্যমিক, উচ্চমাধ্যমিক কিংবা অনার্স বা, মাস্টার ডিগ্রি কোর্সে থাকতে হবে। যেমন, ইংরিজির শিক্ষক পদের বেলায় ইংরিজি বিষয় মাধ্যমিক, উচ্চমাধ্যমিক, ডিগ্রি, অনার্স বা, মাস্টার ডিগ্রিতে থাকতে হবে। মাধ্যমিকে ইংরিজি ও অঙ্ক বিষয় থাকতে হবে। এছাড়াও রাজ্য বা, কেন্দ্রের 'টেট' পরীক্ষায় কোয়ালিফাই করে থাকতে হবে। শূন্যপদ : টিচার (ইংলিশ) পদে ১৪৯টি (জেনাঃ ৬৮, জেনাঃ প্রাঃসঃকঃ ৫, জেনাঃ প্রতিবন্ধী ৫, জেনাঃ মেধাবী খেলোয়াড় ৩, তঃজাঃ ৩১, তঃজাঃ প্রাঃসঃকঃ ২, তঃউঃজাঃ ৯, ও.বি.সি. -এ ক্যাটেগরি ১৫, ও.বি.সি. -বি ক্যাটেগরি ১১। টিচার (হিন্দি) পদে ১৯টি (জেনাঃ প্রাঃসঃকঃ ১, জেনাঃ মেধাবী খেলোয়াড় ১, তঃজাঃ ৭, তঃউঃজাঃ ৩, ও.বি.সি. -এ ক্যাটেগরি ২, ও.বি.সি. -বি ক্যাটেগরি ৫। টিচার (উর্দু) পদে ৩৩টি। এর মধ্যে ছেলেদের জন্য ২৫টি (তঃজাঃ ১২, তঃউঃজাঃ ৪, ও.বি.সি. -এ ক্যাটেগরি ২, ও.বি.সি. -বি ক্যাটেগরি ৫, জেনাঃ প্রাঃসঃকঃ ১, জেনাঃ মেধাবী খেলোয়াড় ১)। মেয়েদের জন্য ৮টি (তঃজাঃ ৫, ও.বি.সি. -এ ক্যাটেগরি ১, তঃউঃজাঃ ১, জেনাঃ প্রতিবন্ধী ১)। এই পদের বিজ্ঞপ্তি নং : 10 of 2020.

সব ক্ষেত্রে বয়স হতে হবে ১-১-২০২০'র হিসাবে ১৮ থেকে ৪০ বছরের মধ্যে। তপশিলীরা ৫ বছর, ও.বি.সি.'রা ৩ বছর ও প্রতিবন্ধীরা যথারীতি বয়সে ছাড় পাবেন।

প্রার্থী বাছাই করবে মিউনিসিপ্যাল সার্ভিস কমিশন। প্রথমে লিখিত পরীক্ষা হবে কলকাতায়। সফল হলে পার্সোন্যালিটি টেস্ট বা, ইন্টারভিউ হবে। পরীক্ষা সংক্রান্ত বিস্তারিত তথ্য পাবেন এই ওয়েবসাইটে : www.mscwb.org

দরখাস্ত করবেন অনলাইনে, ১৫ এপ্রিলের মধ্যে। এই ওয়েবসাইটে : www.mscwb.org এজন্য বৈধ একটি ই-মেল আই.ডি. থাকতে হবে। প্রথমে ওপরের ওই ওয়েবসাইটে গিয়ে যাবতীয় তথ্য দেওয়ার পর সাবমিট করলেই নাম রেজিস্ট্রেশন হয়ে যাবে। তখন পরীক্ষা ফী বাবদ ২২০ (তপশিলী, প্রতিবন্ধী হলে ৭০) টাকা জমা দেবেন চালানের মাধ্যমে, ইউনাইটেড ব্যাঙ্ক অফ ইন্ডিয়ার যে কোনো শাখায় এই অ্যাকাউন্ট নম্বরে : 0088010367936. টাকা জমা দেবেন ১৬ এপ্রিলের মধ্যে। সব শেষে সিস্টেম জেনারেটেড অ্যাপ্লিকেশন ফর্ম প্রিন্ট করে নেবেন। আরো বিস্তারিত তথ্য পাবেন ওই ওয়েবসাইটে।

## ৭৯ সাব-অ্যাসিস্ট্যান্ট ইঞ্জিনিয়ার

১ পাতার পর

(সিভিল) : পলিটেকনিক থেকে সিভিল ইঞ্জিনিয়ারিংয়ের ডিপ্লোমা কোর্স পাশ ছেলেমেয়েরা আবেদন করতে পারেন। বয়স হতে হবে ৩৭ বছরের মধ্যে। পে লেভেল - ১২। শূন্যপদ : ৪২টি (জেনাঃ ২৩, জেনাঃ প্রতিবন্ধী ১, তঃজাঃ ১০, তঃউঃজাঃ ২, ও.বি.সি. এ ক্যাটেগরি ৪, ও.বি.সি. - বি ক্যাটেগরি ২)।

**সাব-অ্যাসিস্ট্যান্ট ইঞ্জিনিয়ার (মেকানিক্যাল)** : পলিটেকনিক থেকে মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিংয়ের ডিপ্লোমা কোর্স পাশ ছেলেমেয়েরা আবেদন করতে পারেন। বয়স হতে হবে ৩৭ বছরের মধ্যে। পে লেভেল - ১২। শূন্যপদ : ২৩টি (জেনাঃ ১২, তঃজাঃ ৬, তঃউঃজাঃ ১, ও.বি.সি. এ ক্যাটেগরি ২, ও.বি.সি. - বি ক্যাটেগরি ২)।

**সাব-অ্যাসিস্ট্যান্ট ইঞ্জিনিয়ার (ইলেক্ট্রিক্যাল)** : পলিটেকনিক থেকে ইলেক্ট্রিক্যাল ইঞ্জিনিয়ারিংয়ের ডিপ্লোমা কোর্স পাশ ছেলেমেয়েরা আবেদন করতে পারেন। বয়স হতে হবে ৩৭ বছরের মধ্যে। পে লেভেল - ১২। শূন্যপদ : ১২টি (জেনাঃ ৫, জেনাঃ প্রতিবন্ধী ১, তঃজাঃ ২, তঃউঃজাঃ ১, ও.বি.সি. এ ক্যাটেগরি ২, ও.বি.সি. - বি ক্যাটেগরি ১)।

**অ্যাসিস্ট্যান্ট ইঞ্জিনিয়ার (সিভিল)** : সিভিল ইঞ্জিনিয়ারিংয়ের ডিগ্রি কোর্স পাশ ছেলেমেয়েরা আবেদন করতে পারেন। কম্পিউটার অ্যাপ্লিকেশনের কাজে জ্ঞান থাকতে হবে। বয়স হতে হবে ৩৭ বছরের মধ্যে। পে লেভেল -১৬। শূন্যপদ : ১টি (তঃউঃজাঃ)।

**অ্যাসিস্ট্যান্ট ইঞ্জিনিয়ার (ইলেক্ট্রিক্যাল)** : ইলেক্ট্রিক্যাল ইঞ্জিনিয়ারিংয়ের ডিগ্রি কোর্স পাশ ছেলেমেয়েরা আবেদন করতে পারেন। কম্পিউটার অ্যাপ্লিকেশনের কাজে জ্ঞান থাকতে হবে। বয়স হতে হবে ৩৭ বছরের মধ্যে। পে লেভেল -১৬। শূন্যপদ : ১টি (তঃউঃজাঃ)। সব পদের বেলায়ই বয়স হতে হবে ১-১-২০২০'র হিসাবে। তপশিলী, প্রতিবন্ধী, ও.বি.সি. আর পুরসভায় কর্মরতরা যথারীতি বয়সে ছাড় পাবেন। এই পদের Advertisement No. 08 of 2020.

প্রার্থী বাছাই করবে মিউনিসিপ্যাল সার্ভিস কমিশন। প্রথমে লিখিত পরীক্ষা হবে কলকাতায়। সফল হলে পার্সোন্যালিটি টেস্ট বা, ইন্টারভিউ হবে। পরীক্ষা সংক্রান্ত বিস্তারিত সিলেবাস পরে আপলোড করা হবে এই ওয়েবসাইটে : www.mscwb.org

দরখাস্ত করবেন অনলাইনে, ৭ এপ্রিলের মধ্যে। এই ওয়েবসাইটে : www.mscwb.org এজন্য বৈধ একটি ই-মেল আই.ডি. থাকতে হবে। প্রথমে ওপরের ওই ওয়েবসাইটে গিয়ে যাবতীয় তথ্য দেওয়ার পর সাবমিট করলেই নাম রেজিস্ট্রেশন হয়ে যাবে। তখন পরীক্ষা ফী বাবদ ২২০ (তপশিলী, প্রতিবন্ধী হলে ৭০) টাকা জমা দেবেন চালানের মাধ্যমে, ইউনাইটেড ব্যাঙ্ক অফ ইন্ডিয়ার যে কোনো শাখায় এই অ্যাকাউন্ট নম্বরে : 0088010367936. টাকা জমা দেবেন ৮ এপ্রিলের মধ্যে। সব শেষে সিস্টেম জেনারেটেড অ্যাপ্লিকেশন ফর্ম প্রিন্ট করে নেবেন। আরো বিস্তারিত তথ্য পাবেন ওই ওয়েবসাইটে।

## ১৪০ নার্স

১ পাতার পর

অ্যান্ড মিডওয়াইফারি (জি.এন.এম.) কোর্স পাশ হলে আবেদন করতে পারেন। বি.এসসি. নার্সিং কোর্স পাশরাও আবেদন করতে পারেন। বয়স হতে হবে ১-৩-২০২০'এর হিসাবে ৬৪ বছরের মধ্যে। পারিশ্রমিক মাসে ১৭,৭২০ টাকা। শূন্যপদ : ১৪০টি (জেনাঃ ১৭, তঃজাঃ ৫৬, তঃউঃজাঃ ১৪, ও.বি.সি.-এ ক্যাটেগরি ২৩, ও.বি.সি. - বি ক্যাটেগরি ১৬, জেনাঃ প্রতিবন্ধী ৯, জেনাঃ মেধাবী খেলোয়াড় ৫)। এই পদের বিজ্ঞপ্তি নং : 11/ Kolkata City NUHM Society / 2019-20 dated: 24.02.2020.

প্রার্থী বাছাই হবে শিক্ষাগত যোগ্যতায় পাওয়া নম্বর দেখে। এরপর হবে ইন্টারভিউ। মোট ১০০ নম্বরের পরীক্ষায় শিক্ষাগত যোগ্যতায় থাকবে ৪০ নম্বর আর ইন্টারভিউয়ে থাকবে ৬০ নম্বর।

প্রার্থী বাছাই হবে ইন্টারভিউয়ের মাধ্যমে। ইন্টারভিউ হবে ১৬ মার্চ, বেলা সাড়ে ১০টায়। এই ঠিকানায় : ইনস্টিটিউট অফ আর্বান ম্যানেজমেন্ট, ৩৬সি, বালিগঞ্জ সার্কুলার রোড, কলকাতা - ১৯। ইন্টারভিউয়ের সময় নির্দিষ্ট ফর্ম পূরণ করে নিয়ে যাবেন। ফর্ম ডাউনলোড করতে পারবেন এই ওয়েবসাইটে : www.kmcgov.in

## বার্নপুর স্টিল প্লান্টে ১০০

১ পাতার পর

দেওয়া হবে।

দরখাস্ত করবেন অনলাইনে, ১৭ মার্চের মধ্যে। এই ওয়েবসাইটে : https://portal.mhrdnats.gov.in/boat/commonRedirect / registermenunewIregistermenunew.action আরো বিস্তারিত তথ্য পাবেন ওই ওয়েবসাইটে।

## ৯,৩৩৩ স্টাফ নার্স

১ পাতার পর

পুরুষ ৪৫, ও.বি.সি. - বি ক্যাটেগরি মহিলা ৮৯, ও.বি.সি. বি ক্যাটেগরি পুরুষ ২৩, প্রতিবন্ধী মহিলা ৪৬২, প্রতিবন্ধী পুরুষ ১৬)।

বেসিক বি.এসসি. নার্সিং পাশদের জন্য ৪,৫৩৫টি (জেনাঃ মহিলা ১,৭৩৬, তঃজাঃ মহিলা ১০৮৬, তঃউঃজাঃ মহিলা ৩৫৮, ও.বি.সি. -এ ক্যাটেগরি মহিলা ৭০৩, ও.বি.সি. -বি ক্যাটেগরি মহিলা ১৯৬, প্রতিবন্ধী মহিলা ২৩৯)।

বেসিক বি.এসসি. নার্সিং পাশদের জন্য ৪,৩১৮টি (জেনাঃ ১৭৩৬, তঃজাঃ ১০৮৬, তঃউঃজাঃ ৩৫৮, ও.বি.সি. -এ ক্যাটেগরি ৭০৩, ও.বি.সি. - বি ক্যাটেগরি ১৯৬, প্রতিবন্ধী ২৩৯)।

পোস্ট বেসিক বি.এসসি. নার্সিং পাশদের জন্য ৪৮০টি (জেনাঃ মহিলা ২৫৩, তঃজাঃ মহিলা ১০২, তঃউঃজাঃ মহিলা ২৯, ও.বি.সি. -এ ক্যাটেগরি মহিলা ৫০, ও.বি.সি. - বি ক্যাটেগরি মহিলা ৩২, প্রতিবন্ধী মহিলা ১৪)।

ওপরের সব নার্সিং যোগ্যতার বেলায় ভারতীয় নার্সিং কাউন্সিল ও সংশ্লিষ্ট রাজ্যের নার্সিং কাউন্সিলের স্বীকৃত কলেজ বা, নার্সিং ট্রেনিং স্কুল থেকে পাশ হতে হবে। পশ্চিমবঙ্গ নার্সিং কাউন্সিলে ফিমেল বা, মেল নার্স মিডওয়াইফারি হিসাবে নাম নথিভুক্ত থাকতে হবে।

দরখাস্ত দেখে বাছাই প্রার্থীদের টেস্ট বা, ইন্টারভিউয়ের জন্য ডাকা হবে। প্রার্থী বাছাইয়ের পরীক্ষায় থাকবে ১০০ নম্বর। এর মধ্যে নার্সিং যোগ্যতার জন্য থাকবে ৪০ নম্বর, অতিরিক্ত যোগ্যতা ২০ নম্বর, অভিজ্ঞতার জন্য ২৫ নম্বর, ইন্টারভিউয়ের জন্য ১৫ নম্বর। বিজ্ঞপ্তি নং : R/SN/02(1)/1/1/2020.

দরখাস্ত করবেন অনলাইনে, ১৩ মার্চ থেকে ২৩ মার্চের মধ্যে। এই ওয়েবসাইটে : www.wbhrb.in এজন্য বৈধ একটি ই-মেল আই.ডি. থাকতে হবে। তখন পরীক্ষা ফী বাবদ ২১০ টাকা অনলাইনে জমা দেবেন এই শিরোনামে : GRIPS (Govt. Receipt Portal System), Govt. of West Bengal under the Head of Account : 0051-00-104-002-16'. তপশিলী ও প্রতিবন্ধীদের ফী লাগবে না। টাকা জমা দেওয়ার পর সিস্টেম জেনারেটেড অ্যাপ্লিকেশন ফর্ম প্রিন্ট করে নেবেন। আরো বিস্তারিত তথ্য পাবেন ওই ওয়েবসাইটে।


## নার্সিং কোর্সের জরুরি তথ্য

- সস্তার প্যাকেজ ও বাঙালি খাবারের ফাঁদে পরে আপনি অথবা আপনার সন্তানকে অন্ধকারে ঠেলে দিচ্ছেন না তো?
- শুধুমাত্র State Nursing Council দ্বারা অনুমোদিত কলেজ নয়, Indian Nursing Council (INC) দ্বারা স্বীকৃতি থাকাও বাধ্যতামূলক।
- গ্রুপ অফ ইনস্টিটিউট-এর ফাঁদে পা দেবেন না। ওই গ্রুপের কোন্ কলেজে ভর্তি করাচ্ছে তা আগেই জেনে নিন এবং সেই কলেজ Indian Nursing Council (INC) ও State Nursing Council অনুমোদিত কিনা তা জেনেই ভর্তি হন।
- আপনি যে কলেজে ভর্তি হচ্ছেন বা হয়েছেন, সেই কলেজের ঠিকানা Indian Nursing Council (INC) ও State Nursing Council-এর লিস্ট থেকে দেখে নিন। এবার আপনাকে যে কলেজে পড়ানো হচ্ছে বা পড়তে যাচ্ছেন তার ঠিকানার সাথে মিলিয়ে নিন।
- যে কলেজে ভর্তি হচ্ছেন বা হয়েছেন তার সীট সংখ্যা দেখে নিন INC লিস্ট থেকে, এরপর অধিক ছাত্রছাত্রী ক্লাস করছে কি না সে বিষয়ে সতর্ক থাকুন।
- ভর্তির আগে আরো বিস্তারিত জানতে এবং সমাজের সম্মানীয় ব্যক্তি ও শিক্ষকরা আমাদের সাথে যুক্ত হতে যোগাযোগ করুন :

**CARE ACADEMY**
YMCA Building, 2nd floor, College Street, Kolkata - 700 007
**7980336694, 8910745604**



## দক্ষতা উন্নয়ন প্রশিক্ষণ কর্মসূচী

যৌজনা ও আর্থিক সহযোগিতায়: West Bengal Tribal Development Co-operative Corporation Ltd.

প্রশিক্ষণ রূপায়ণে: MSME - TOOL ROOM, KOLKATA (Central Tool Room & Training Centre) Government of India Society, Ministry of Micro, Small & Medium Enterprises, Govt. of India

### বিনামূল্যে আবাসিক ট্রেনিং করার সুযোগ

- ট্রেনিং চলাকালীন থাকা ও খাওয়া বিনামুল্যে
- ট্রেনিং শেষে সংশাপত্র ও কাজের সুযোগ

উন্নত জীবন ধারন, সুনিশ্চিত রোজগার ও বেকার যুবক-যুবতীদের স্বনির্ভর করে তোলা এই প্রকল্পের উদ্দেশ্য

**ট্রেনিং-এর বিবরণ**

| Trade | Duration | Eligibility |
|---|---|---|
| 1. Hand Held Products - HHP | (4 Months) | 12th Pass / Vocational Trades / ITI / DIPLOMA / B.Sc / B.E / B.Tech |
| 2. Room Air Conditioner & Home Appliances - RACHA | (5 Months) | |
| 3. Certificate Course in Audio-Video - AV | (4 Months) | |

**ভর্তির জন্য কি কি লাগবে?**

আধার কার্ড, বয়স ও শিক্ষাগত যোগ্যতার প্রমাণপত্র, কাস্ট সার্টিফিকেট, নিজের ৩টি ছবি

**প্রশিক্ষণ কেন্দ্রঃ**

MSME-Tool Room, Kolkata (Central Tool Room & Training Centre)
Bonhoogly Industrial Area, Kolkata - 700 108, West Bengal
9330193304 / 7890008447 / 9163676406 / 8017085253


WhatsApp Group
STUDY_MATERIALS_LINK
PSC_GROUP D_RAIL
TARGET__WBTET
TET__পর্যালোচনা
GK+GI+GS+CA

# GNM, B.Sc., P.B.Sc. ও M.Sc. NURSING (ব্যাঙ্গালোর)

(ছেলে ও মেয়েদের নার্সিং কোর্সে ভর্তি চলছে) যোগ্যতা : 40% মার্কস সহ যে কোনও শাখায় উচ্চমাধ্যমিক পাশ, বয়স : 17 থেকে 35

(আর্টস এর ছাত্রছাত্রীদের জন্য নার্সিং কোর্সে ভর্তি হওয়ার শেষ সুযোগ)

যারা Post Basic B.Sc. Nursing ও M.Sc. Nursing-এ ভর্তি হবে তারা কোর্স চলাকালীন অবস্থাতেই কলেজের নিজস্ব হসপিটালে চাকুরীর সুযোগ পাবে। বেতন- 10,000-18,000 প্রতি মাসে)

2020-21 শিক্ষাবর্ষে ব্যাঙ্গালোর তথা কর্ণাটকের সমস্ত কলেজেই নার্সিং কোর্সে ভর্তি ও সীট বুকিং শুরু হয়ে গেছে। কোন কলেজে ভর্তি করানো ঠিক হবে এই ভেবে যে সমস্ত অভিভাবকগণ দিশাহারা হয়ে আছেন তাদের উদ্দেশ্যেই আমার এই লেখা। অভিভাবকদের উদ্দেশ্যে আমি এটাই বলবো মেডিক্যাল কলেজ ছাড়া সাধারণ নার্সিং কলেজে ভর্তি করে নিজের সন্তানদের অনিশ্চিৎ ভবিষ্যৎ এর দিকে ঠেলে দেবেন না। কেন মেডিক্যাল কলেজে ভর্তির কথা বললাম দেখে নিন —

| সাধারণ নার্সিং কলেজ | মেডিক্যাল কলেজ |
|---|---|
| ◆ বেশিরভাগ কলেজের নিজস্ব কোনো হসপিটাল নেই, তাই বছরে 15-20 দিন Clinical Posting এর মাধ্যমে কিছুই শিখতে পারে না। ভাবতে পারছেন নার্সিং কোর্স শেষ করেও তারা ঠিকমতো Saline, Injection দিতেও জানে না। | ◆ অপরদিকে মেডিক্যাল কলেজের নিজস্ব 600-2500 বেডের হসপিটাল থাকায় প্রতিনিয়ত ছাত্রছাত্রীরা হসপিটালে প্র্যাক্টিক্যাল করে দক্ষ নার্স হয়ে ওঠে। |
| ◆ সাধারণ নার্সিং কলেজের শিক্ষক শিক্ষিকাদের যোগ্যতা বেশিরভাগই B.Sc. পাশ অভিজ্ঞ। | ◆ অপরদিকে মেডিক্যাল কলেজগুলিতে অভিজ্ঞ M.Sc., Ph.D ডিগ্রিধারী টিচার ও ডক্টর দ্বারা ক্লাস নেওয়া হয়। |
| ◆ হসপিটাল না থাকায় এই সমস্ত কলেজ থেকে পাশ করা ছাত্রছাত্রীদের চাকরী পাওয়ার সম্ভাবনা খুবই কম। | ◆ মেডিক্যাল কলেজে বড় হসপিটাল থাকায় এখান থেকে দক্ষ নার্স তৈরি হয় এবং রেপুটেড মেডিক্যাল কলেজ হওয়ায় এরা খুব সহজেই চাকুরী পেয়ে যায়। |
| ◆ হসপিটাল না থাকায় ছাত্রছাত্রীরা হঠাৎ করে অসুস্থ হয়ে পড়লে চিকিৎসার কোনো সুযোগ নেই। ফলে অভিভাবক ও ছাত্রছাত্রীদের টেনশনের শেষ থাকে না। | ◆ অপরদিকে মেডিক্যাল কলেজের নিজস্ব হসপিটাল ও অনেক ভালো ডাক্তার থাকার সম্পূর্ণ ফ্রীতে ট্রিটমেন্টের সুযোগ রয়েছে। |
| ◆ কলেজের ক্যাম্পাস ছোট হওয়ায় অন্যান্য কোনো সুযোগ সুবিধা নেই। | ◆ 500-900 বিঘা ল্যান্ডের উপর মেডিক্যাল কলেজ তৈরি হওয়ায় সেখানে Play ground, Zym, Canteen, Restaurant, Library ইত্যাদি সমস্ত রকম সুযোগ সুবিধা থাকে। |
| ◆ বেশিরভাগ সাধারণ কলেজে প্রথমে যে Fees বলে পরবর্তীতে প্রায় 1 থেকে 1.5 লাখ টাকা এক্সট্রা নেয়। | ◆ রেপুটেড মেডিক্যাল কলেজ কখনই পরবর্তীতে আপনার থেকে এক্সট্রা Fees নেবে না। |
| ◆ হোস্টেলে এক রুমে প্রায় 8 জন 10 জন করে থাকে। ফলে Study করতে problem হয়। | ◆ মেডিক্যাল কলেজের হোস্টেলে 2 জন থেকে 4 জন এক রুমে থাকে। ফলে Study করতে অনেক সুবিধা হয়। |

WhatsApp Group
STUDY MATERIALS LINK
PSC GROUP D RAIL
TARGET WBTET
TET পর্যালোচনা
GK+GI+GS+CA


সংহিতা রায়
নদিয়া

প্রথমে আমি একটা সাধারণ নার্সিং কলেজে ভর্তি হয়েছিলাম, যেখানে কোনো হাসপাতাল ছিল না। কিন্তু পরবর্তীতে হাসান স্যার আমাকে প্রায় জোরপূর্বক কলেজ চেঞ্জ করে 1800 বেড বিশিষ্ট একটি মেডিকেল কলেজে ভর্তি করায়। তখন হয়ত একটু আমার খারাপ লেগেছিল, কিন্তু এখন হাসান স্যারকে আমি অনেক ধন্যবাদ জানাই আমাকে এরকম মেডিকেল কলেজে নার্সিং কোর্স করার সুযোগ করে দেওয়ার জন্য।


[illegible] (GNM)
উত্তর ২৪ পরগণা

আজ পর্যন্ত যতজনকে আমি নার্সিং কোর্স করতে দেখেছি সবাই কোর্স করে সরকারি চাকরি পেয়ে গেছে। তার উপর আমি OBC-A মুসলিম। আমি জানি কোর্স শেষ হওয়ার সাথে সাথে আমিও চাকরি পেয়ে যাবো। তাই আমি হাসান স্যারের সহযোগিতায় নিজের উচ্চমাধ্যমিক কমপ্লিট করেই আবার নার্সিং কোর্সে ভর্তি হই।


যেহেতু নার্সিং কোর্স করে প্রত্যেকেই চাকুরী পেয়ে যায়, তাই আমি আমার মেয়েকে H.S.-এর পরেই সময় নষ্ট না করে ড: হাসানের মাধ্যমে B.Sc. নার্সিং-এ ব্যাঙ্গালোরে ভর্তি করাই। ড: হাসানের মতো শিক্ষিত, দায়িত্ববান মানুষের হাতে আমি আমার মেয়ের পড়াশোনার দায়িত্ব তুলে দিয়ে আমি অনেকটা নিশ্চিন্তে থাকি।
সোনালী কাইতি (শিক্ষিকা, বিষ্ণুপুর রামানন্দ কলেজ), বাঁকুড়া


বর্তমানে চাকরি ক্ষেত্রে অনিশ্চয়তায় না ভুগে উচ্চমাধ্যমিকের পর ছেলে ও মেয়েদের সুনিশ্চিত ভবিষ্যত ভাবাই যায় না। সেক্ষেত্রে এই প্রতিষ্ঠান অদ্বিতীয়।
শিক্ষক ও লেখক, [illegible] (বাঘা যতীন বয়েজ স্কুল)


আমি নীলরতন হাসপাতালের সিস্টার ইন চার্জ হিসাবে ছাত্রছাত্রীদের বড় হাসপাতাল যুক্ত মেডিকেল কলেজেই ভর্তি হতে বলব। হাসপাতালে প্রতিনিয়ত patients দের সাথে থেকে হাতে-কলমে কাজ না শিখলে তোমাকে ভবিষ্যতে নার্স হিসাবে কেউ মূল্য দেবে না।
Pranati Mondal (অভিভাবক)
Sister in Charge NRS Hospital (Sealdah)

কিছু সরকারী নার্স, ডাক্তার, শিক্ষক ও আমি নিজে ব্যাঙ্গালোর তথা কর্ণাটকের বেশ কিছু মেডিক্যাল কলেজে পর্যবেক্ষণ করে কিছু কলেজকে সিলেক্ট করেছি যেখানে পড়াশোনার মান খুবই ভালো। যদি আপনি আপনার সন্তানকে সেই সমস্ত Top Ranking মেডিক্যাল কলেজে নার্সিং কোর্সে ভর্তি করাতে চান, তাহলে যোগাযোগ করুন — ডঃ হাসান — Ph : 8372997425 (10 AM to 7 PM)

বিগত বছর গুলিতে আমাদের এই প্রতিষ্ঠানে যারা ভর্তি হয়েছে তাদের মধ্যে কয়েকজন ছাত্রছাত্রীর ছবি দেওয়া হল


Anisha Khatun, Birbhum | Payel Biswas, Nadia | Mallika Barman, Dinajpur | Trina Chowdhury, Nadia | Sneha Patra, 24 Pgs (N) | Enakshi Ghosh, Jalpaiguri | Priya Koner, Burdhaman | Ananya Karmakar, Birbhum | Preyasi Roy, Nadia | Dona Majumder, Coochbihar | Rita Halder, 24 Pgs (N) | Sulagna Chakraborty, 24 Pgs (S) | Sanjana Sen, Kolkata


Tiyasha Mitra, 24 Pgs (N) | Avishek Sarkar, Dinajpur | Debasish Paul, Dinajpur | Shubhadeep Ghosh, Dinajpur | Dalia Mondal, 24 Pgs (N) | Pulokita Mal, Howrah | Shabnur Rahaman, Murshidabad | Iratun Khatun, 24 Pgs. (N) | Papri Debnath, 24 Pgs. (S) | Arkadipta, Jagulia, 24 Pgs. (S) | Ranita Das, Howrah | Arnab Dey, Hooghly | Nandita Biswas, Maldah

## GO EDUCATION
(শিক্ষক, নার্স ও ডাক্তারদের নিয়ে তৈরি একটি প্রতিষ্ঠান)

KAIKHALI (Near Dum Dum Airport), KOLKATA - 700 052
Beside Kaikhali Masjid, E-mail : goeducation786@gmail.com

Call : 9836484236 8372997465

| Dinajpur / Malda | Jalpaiguri / Coochbehar | South 24 Pgs | Siliguri | Hooghly | Burdwan |
|---|---|---|---|---|---|
| 7029205775 | 9734488073 | 9547722344 | 9609957267 | 9163210189 | 9007786960 |


Owner : Sangsthaan Prakashan Pvt. Ltd., Printer : Mousumi Ghosh, Publisher : Mousumi Ghosh, Published from Flat No. B-3, 2nd Floor, 12/3/4 Jamir Lane, Kolkata - 700 019, Dist. : 24 Parganas (South), West Bengal and Printed from Sangsthaan Prakashan Pvt. Ltd., Vill : Nazirabad - Uchchepota, P.O. : Uchchepota, Gram Panchayet : Kheadaha, Dist. 24 Parganas (South), Kolkata - 700 150, West Bengal, Editor : Mousumi Ghosh. Phone No. : (033) 2460 6211/12, Fax No. : (033) 2460-8233. E-Mail : karmsang@gmail.com